ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোহধ্যজায়ত ততো রাত্র্যজায়ত ততঃ সমুদ্রোহর্ণবঃ সমুদ্রাদর্ণবাদধিসম্বৎসরোহজায়ত। অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথা পূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথো স্বঃ ॥৪॥

এই মন্ত্র পাঠ করিতে করিতে তত্ত্ব মুদ্রাদ্বারা মস্তকে জল শেচন করিবে। এবং মার্জ্জন মন্ত্রের পর প্রাণায়াম করিবে। (ঋষিচ্ছন্দাদি পাঠ নাই)।

প্রাণায়ামে অগ্রে—'ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যম্। ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ আপো জ্যোতীরসোহমৃতং ব্রহ্মভূর্ভুর্বঃ স্বরোম্। এই মন্ত্র পড়িয়া পরে—[নাভৌ] ব্রহ্মাণং রক্তবর্ণং চতুর্ম্মুখং দ্বিভুজং অক্ষসূত্রকমণ্ডলুধরং হংসারূঢ়ং ধ্যায়েয়ম্। এই মন্ত্র পাঠ করিতে করিতে পূরক করিবে।

এইরূপে 'ওঁ ভূঃ—হইতে ব্রহ্মভূর্ভুর্বঃ স্বরোম্। পর্য্যন্ত পড়িয়া,

[হৃদি] বিষ্ণুং শ্যামং চতুর্ব্বাহুং শঙ্খচক্রগদাপদ্মধরং গরুডারূঢং ধ্যায়েয়ম্। এইমন্ত্রে কুম্ভক করিবে।

পুনশ্চ 'ওঁ ভূঃ—হইতে, ব্রহ্মভূর্ভুবঃ স্বরোম্, পর্য্যন্ত পাঠ করিয়া,—[ললাটে] রুদ্রং শ্বেতং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রং দশ দোর্দ্দণ্ডং বৃষারূঢং ধ্যায়েয়ম্। এইমন্ত্রে বায়ু রেচক (ত্যাগ) করিবে। (সাম বেদী সন্ধ্যাতে পূরক, কুম্ভক ও রেচকের বিষয় বিস্তারিত বলা হইয়াছে বলিয়া এইস্থলে বলিলাম না, সেইস্থলে পূরকাদির ক্রম দেখিয়া লইবে।)

প্রাতরাচমন মন্ত্র।

ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং যদ্রাত্র্যা পাপমকার্যং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্নাহস্তদবলুম্পতু যৎকিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপোঽহমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা॥ বলিয়া তিনবার আচমন করিবে।

মধ্যাহ্ন আচমন মন্ত্র।

ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং পৃথ্বীপূতা পুনাতু মাং পুনন্তু ব্রহ্মণঃ পতির্ব্রহ্মপূতা পুনাতু মাং যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম সর্ব্বং পুনন্তু মামাপোঽসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা॥ বলিয়া তিনবার আচমন করিবে।

সায়াহ্ন আচমন মন্ত্র।

ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং যদহ্না পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ

শিশ্না রাত্রিস্তদবলুম্পতু যৎকিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপোঽমৃত-যোনৌ সত্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা। এই বলিয়া তিনবার আচমন করিবে।

অথ মার্জ্জন।—সিন্ধুদ্বীপঋষির্গায়ত্রীচ্ছন্দ আপো দেবতা আপো মার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন ঊর্জ্জে দধাতন মহেরণায় চক্ষসে। ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ ন উশ-তীরিব মাতরঃ। ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায জিন্বথ আপো জনয়থা চ নঃ। (সিন্ধুদ্বীপ হইতে য়থাচন পর্য্যন্ত মন্ত্র পাঠের সময় ঊর্দ্ধ্ব, অধ ও মধ্য ক্রমে মার্জ্জন করিবে)।

কোকিলো রাজপুত্রঋষিরনুষ্টুপ্ ছন্দ আপো দেবতা আপো মার্জ্জনে সৌত্রামণ্যামবভৃতে বিনিয়োগঃ। ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব, পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুন্ধন্তু মৈনসঃ।

জল আঘ্রাণ করিতে করিতে,—অঘমর্ষণঋষিরনুষ্টুপ্ ছন্দো ভাব-বৃত্তো দেবতা অশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চা ভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত ততো রাত্র্যজায়ত ততঃ সমুদ্রোঽর্ণবঃ সমুদ্রা-দর্ণবাদধিসম্বৎসরোঽজায়ত অহো রাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথা পূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষ-মথো স্বঃ॥ [এই মন্ত্র পাঠ করিয়া, আঘ্রাত জল ফেলিয়া দিবে]।

পরে এই মন্ত্র পড়িয়া যথাবিধি আচমন করিবে, যথা,—

ওঁ অন্তশ্চরসি ভূতেষু গুহায়াং বিশ্বতো মুখ, ত্বং যজ্ঞস্তং বষট্কার আপো জ্যোতীরসোঽমৃতম্।' পরে গায়ত্রী পড়িয়া, সায়ংকালে ও প্রাতে তিন তিন অঞ্জলি এবং মধ্যাহ্নে এক অঞ্জলি জল দিবে।

সূর্য্যোপস্থান। (সামবেদীর ন্যায়) ।

(উদ্বুত্যমন্ত্রস্য) প্রস্কন্নঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যো দেবতা অগ্নিষ্টোমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ।

ওঁ উদুত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ দৃশে বিশ্বায সূর্য্যম্। কৌৎসঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতাঽগ্নিষ্টোমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ।

ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্মিত্রস্য, বরুণস্যাগ্নেঃ, আপ্রাদ্যাবাপৃথিবীঞ্চান্তরীক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ।

দধ্যঙ্ঙুথর্ব্বণঋষিঃ সূর্য্যোদেবতা পুরউষ্ণিক্‌ছন্দো মহাবীরাদ্যন্তরোঃ শান্তিকরণে বিনিয়োগঃ।

ওঁ তচ্চক্ষুর্দেবহিতং পুরস্তাচ্ছুক্রমুচ্চরৎ, পশ্যেম শরদঃ শতং, জীবেম শরদঃ শতং, শৃণুয়াম শরদঃ শতম্।

প্রস্কন্নঋষিঃ সূর্য্যো দেবতা অনুষ্টুপ্ ছন্দঃ সৌত্রামণ্যামবভৃথে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদ্বয়ং তমসঃ পরিস্বঃ পশ্যন্ত উত্তরং, দেবং দেবত্রাঃ সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমম্।

সূর্য্য ঋষিঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ স্বয়ম্ভুরসি শ্রেষ্ঠো রশ্মির্বর্চ্চোদা অসি, বর্চ্চো মে দেহি। ওঁ আকৃষ্টেন রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং, মর্ত্যঞ্চ হিরণ্যয়েন (হিরণ্ময়েন) সবিতা রথেন দেবো যাতি ভুবনানি পশ্যন্।

তৎপরে,—ওঁ (হৃদি) ভূঃ [শিরসি] ভু (শিখায়াং) বঃ [সর্ব্বগাত্রেষু] স্বঃ [করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্] তিনবার অঙ্গন্যাস করিবে।

গায়ত্রী ধ্যান।

ওঁ শ্বেতবর্ণা সমুদ্দিষ্টা কৌশেয় বসনা তা অক্ষসূত্রধরা দেবী পদ্মাসনগতা শুভা। আদিত্যমণ্ডলান্তস্থা ব্রহ্মলোকস্থিতাথ বা, শ্বেতৈর্ব্বিলেপনৈঃ পুষ্পৈরলঙ্কারৈশ্চ ভূষিতা।

গায়ত্রীর আবাহন।—তেজোসীত্যস্য দেবা ঋষয়ো গায়ত্রীচ্ছন্দঃ শুক্রং দৈবতং গায়ত্র্যাবাহনে বিনিয়োগঃ। ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধাম নামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনং দেবজনমসি। গায়ত্রস্যেকপদী দ্বিপদী ত্রিপদী চতুষ্পদ্যপদসি নহি পদ্যসে। নমস্তে তুরীয়ায় দর্শনায় পরায় (পদায়) পরোরজসেঽসাবসো মা (মাং) প্রাপৎ।

গায়ত্র্যা বিশ্বামিত্রঋষির্গায়ত্রীছন্দঃ সবিতা দেবতা উপনয়নে প্রাণায়ামে জপে চ বিনিয়োগঃ।

পরে যথাশক্তি গায়ত্রী জপ করিবে। বিসর্জ্জন,—"ওঁ সূর্য্যস্যাবৃতমন্বাবর্ত্তে" এই মন্ত্রে এক অঞ্জলি এবং "ওঁ উত্তরে শিখরে জাতা ভূম্যাং পর্ব্বতবাসিনি, ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া" এই মন্ত্র দ্বারা পুনশ্চ এক অঞ্জলি জল দিবে। পরে নিম্নোক্ত প্রতিমন্ত্রে এক এক অঞ্জলি জল দিবে,—ওঁ দিগ্‌ভ্যো নমঃ, ওঁ দিগ্দেবতাভ্যো নমঃ, ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ ওষধিভ্যো নমঃ, ওঁ অগ্নয়ে নমঃ, ওঁ বাচে নমঃ, ওঁ বাচস্পতয়ে নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ মহতে নমঃ, ওঁ অদ্ভ্যো নমঃ, ওঁ অপাংপতয়ে নমঃ, ওঁ বরুণায় নমঃ। তৎপরে "এষোঽর্ঘ্যঃ ওঁ নমো বিবস্বতে—মন্ত্রে সূর্য্যার্ঘ্য দিয়া, ওঁ জবাকুসুম— (১৩ পৃঃ) মন্ত্রে প্রণাম করিবে।

যজুর্ব্বেদীয় সন্ধ্যা সম্পূর্ণ হইলে, বেদাদি চতুষ্টয় মন্ত্রপাঠরূপ ব্রহ্মযজ্ঞ জপ করিবে। যথা,—অগ্রে গায়ত্রী পড়িয়া,—

"ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং, হোতারং রত্ন ধাতমম্ ॥ ১ ॥ ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ দেবো বঃ সবিতা প্রাপ-য়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে ॥ ২ ॥ ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্য-দাতয়ে নিহোতা সৎসি বর্হিষি ॥ ৩ ॥ ওঁ শন্নো দেবী রভিষ্টয়ে আপো (সামবেদীরা বলিবে, শন্নো,) ভবন্তু পীতয়ে, শংযোরভিস্রবন্তু নঃ ॥ ৪ ॥

যজুর্ব্বেদি-মাধ্যন্দিনশাখীয় সন্ধ্যাপ্রয়োগ।

আচমনপূর্ব্বক,—ওঁ ঋতঞ্চ সত্যঞ্চ—(২৪ পৃষ্ঠা ১ পং) হইতে মথো স্বঃ, পর্য্যন্ত মন্ত্রটি পড়িয়া, পুনশ্চ আচমন করিবে। পরে ত্রিসন্ধ্যায় গায়ত্রীর পৃথক্ পৃথক্ ধ্যান দ্বারা আবাহন করিবে, মন্ত্র যথা,—

প্রাতঃকালে।—ওঁ প্রাতঃ সন্ধ্যাং গায়ত্রীং কুমারীং রক্তাঙ্গীং রক্তবাসসীং ত্রিনেত্রাং বরদাঙ্কুশাক্ষমালাকমণ্ডলুধরাং হংসারূঢ়াং ঋগ্বেদসহিতাং ব্রহ্মদেবত্যাং ভূর্লোকব্যবস্থিতাং আদিত্যপথগামিনীং গায়ত্রীমাবাহয়িষ্যে।

মধ্যাহ্নে।—ওঁ মধ্যাহ্নে সন্ধ্যাং সাবিত্রীং যুবতীং শ্বেতাঙ্গীং শ্বেতবাসসীং ত্রিনেত্রাং পাশাঙ্কুশত্রিশূলডমরুকরাং বৃষারূঢ়াং যজু-র্ব্বেদসহিতাং রুদ্রদৈবত্যাং ভুবর্লোকব্যবস্থিতাং আদিত্যপথ-গামিনীং সাবিত্রীমাবাহয়িষ্যে।

সায়াহ্নে।—ওঁ সায়ং সন্ধ্যাং সরস্বতীং বৃদ্ধাং কৃষ্ণাঙ্গীং কৃষ্ণ-বাসসীং ত্রিনেত্রাং শঙ্খচক্রগদাপদ্মহস্তাং গরুড়ারূঢ়াং সামবেদসহিতাং বিষ্ণুদৈবত্যাং স্বর্লোকব্যবস্থিতাং আদিত্যপথগামিনীং সরস্বতী-মাবাহয়িষ্যে।

পরে নিম্নলিখিত মন্ত্রে যথাক্রমে অঙ্গন্যাস করিবে, যথা,—ওঁ ভূঃ (দুই হস্তে পদদ্বয় স্পর্শ করিবে এইরূপ সর্ব্বত্র) ওঁ ভুবঃ (জানুদ্বয়ে) ওঁ স্বঃ (কটিদেশে) ওঁ মহঃ (নাভিতে) ওঁ জনঃ (হৃদয়ে) ওঁ তপঃ (কণ্ঠে) ওঁ সত্যং (ভ্রূমধ্যে) ওঁ ভূঃ হৃদয়ায় নমঃ (হৃদয়ে) ওঁ ভুবঃ শিরসে স্বাহা (মস্তকে) ওঁ স্বঃ শিখায়ৈ বষট্ (শিখায়াতে) ওঁ ভূর্ভুবঃ স্বঃ কবচায় হুং। (দুই হস্তে দুই স্কন্ধ স্পর্শ) ওঁ ভূর্ভুবঃ স্বঃ নেত্রাভ্যাং বৌষট্ (নেত্রদ্বয়ে)। ওঁ ভূর্ভুবঃ স্বঃ, অস্ত্রায় ফট্। (দুই হস্তে তালি দিবে)

পরে,—ভূর্ভুবঃ স্বঃ, মন্ত্রে দক্ষিণাবর্ত্তে তিনবার জলধারা দ্বারা শরীর বেষ্টন করিয়া প্রাণায়াম করিবে, মন্ত্র যথা,—

ওঁকারস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ। ওঁ ভূঃ, ওঁ ভুবঃ, ওঁ স্বঃ, ওঁ মহঃ, ওঁ জনঃ, ওঁ তপঃ, ওঁ সত্যং, ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোম্।

এই মন্ত্রটি তিনবার পাঠ করিয়া, ক্রমশঃ পূরক, কুম্ভক ও রেচক করিবে। পরে হস্তে জল লইয়া প্রাতে,—ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ—(৩১ পৃঃ)। মধ্যাহ্নে,—ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং —(৩২ পৃঃ)। সায়াহ্নে,—অগ্নিশ্চ মা মন্যুশ্চ—(৩৩ পৃঃ)। মন্ত্রে (সামবেদীর ন্যায়) আচমন করিবে।

পরে,—'ওঁ আপো হিষ্ঠা—(৩৪ পৃঃ) হইতে—আপো জনয়থা চ নঃ, পর্য্যন্ত মন্ত্রটি পড়িয়া,—ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব, পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুন্ধন্তু মৈনসঃ।' এই মন্ত্রটি এবং—'অঘমর্ষণ ঋষি—ইত্যাদি (৩৬ পৃঃ) মধ্যে স্বঃ' পর্য্যন্ত মন্ত্রটি তিনবার পাঠ করিবে। পরে,—ওঁ অন্তশ্চরসি ভূতেষু—

(৪৬ পৃঃ ২০ পং) মন্ত্রে আচমন করিবে এবং গায়ত্রী পড়িয়া প্রাতে ও সন্ধ্যাকালে তিন তিন অঞ্জলি ও মধ্যাহ্নে এক অঞ্জলি সূর্য্যকে জল দিবে।

সূর্য্যোপস্থান। [যজ্ঞোপবীত গ্রহণ পূর্ব্বক] ঊর্দ্ধবাহু হইয়া সূর্য্যোপস্থান করিবে মন্ত্র যথা,--

উদ্বয়মিত্যস্য প্রস্কন্নঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদ্বয়ং তমসঃ পরিস্বঃ পশ্যন্ত উত্তরং, দেবং দেবত্রাঃ সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমম্।

এই মন্ত্রপাঠের পর, 'উদুত্য মন্ত্রস্য ; [৪৭ পৃঃ ১ পং] শৃণুয়াম শরদঃ শতং, [পর্য্যন্ত পড়িয়া] প্রব্রবীম শরদঃ শতমদীনাঃ স্যাম শরদঃ শতং ভূয়শ্চ শরদঃ শতাৎ।' পর্য্যন্ত মন্ত্র পড়িবে।

পরে গায়ত্রীর আবাহন মন্ত্র যথা, তেজোঽসীত্যস্য দেবা ঋষয়ো ; [৪৮ পৃঃ] মা প্রাপৎ, পর্য্যন্ত মন্ত্র পড়িয়া, ত্রিসন্ধ্যার আবাহনের বিশেষ মন্ত্র পড়িবে যথা,--

প্রাতে। ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি।
গায়ত্রীচ্ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তু তে॥

মধ্যাহ্নে।—ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে রুদ্রবাদিনি।
সাবিত্রীচ্ছন্দসাং মাতা-রুদ্রযোনি নমোঽস্তু তে॥

সায়াহ্নে।—ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে বিষ্ণুবাদিনি।
সরস্বতীচ্ছন্দসাং মাতর্ব্বিষ্ণুযোনি নমোঽস্তু তে॥

পরে,—ওঁ (হৃদি) ইত্যাদি—(৩৯ পৃঃ) মন্ত্রে যথাস্থান স্পর্শ পূর্ব্বক অঙ্গন্যাস করিয়া গায়ত্রী জপ করিবে। পরে,— ওঁ উত্তরে শিখরে জাতা— (৪৮ পৃঃ) মন্ত্রে জল দিয়া, — ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ অদ্ভ্যো নমঃ, ওঁ বরুণায় নমঃ, ওঁ বিষ্ণবে

নমঃ, ওঁ রুদ্রায় নমঃ ওঁ অনন্তায় নমঃ ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ ঋষিভ্যো নমঃ, ওঁ গুরুভ্যো নমঃ ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ ওঁ ইন্দ্রাদি দশদিক্‌পালেভ্যো নমঃ, ওঁ গঙ্গায়ৈ নমঃ, ওঁ যমুনায়ৈ নমঃ ওঁ সরস্বত্যৈ নমঃ। এই চৌদ্দটি মন্ত্রে এক একঅঞ্জলি জল দিয়া, ব্রহ্মযজ্ঞ মন্ত্র (৪৯ পৃঃ) পড়িয়া [তর্পণাধিকারী তর্পণ করিবে,] পরে—'ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং—(৫ পৃঃ) মন্ত্র এবং—'ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনাৎ মৃত্যোর্ম্মুক্ষীয় মা মৃতাৎ।' এই মন্ত্রে প্রণাম করিবে। তৎপরে,—ওঁ নমো বিবস্বতে—(১৩ পৃঃ) মন্ত্রে সূর্য্যার্ঘ্য দিয়া, যবাকুসুম—(১৩ পৃঃ) মন্ত্রে প্রণাম করিবে।

ঋগ্বেদীয় সন্ধ্যাবিধি।

মস্তকে জল শেচন করিতে করিতে,—ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ শমনঃ সন্তু নূপ্যাঃ। শন্নঃ সমুদ্রিয়া আপঃ শমনঃ সন্তু কূপ্যাঃ ॥ ১ ॥ ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুন্ধন্তু মৈনসঃ ॥ ২ ॥ ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন উর্জ্জে দধাতন মহেরণায় চক্ষসে। ওঁ যোবঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ। ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ আপো জনয়থা চ নঃ ॥ ৩ ॥

ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত ততো রাত্র্যজায়ত ততঃ সমুদ্রোঽর্ণবঃ সমুদ্রাদর্ণবাদধিসম্বৎসরোঽজায়ত। অহো রাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথা— পূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথো স্বঃ ॥ ৪ ॥ পর্য্যন্ত পড়িতে পড়িতে মস্তকে জল দিবে।

ওঁ কারস্য ব্রহ্মঋষিরগ্নির্দ্দেবতা, গায়ত্রীচ্ছন্দঃ, সর্ব্বকর্ম্মারম্ভে প্রাণায়ামে বিনিয়োগঃ॥ ওঁ সপ্তব্যাহৃতীনাং বিশ্বামিত্রভৃগু-ভরদ্বাজবশিষ্ঠগোতমকাশ্যপাঙ্গিরসঋষয়ঃ প্রজাপত্যগ্নিবায্বাদিত্য বৃহস্পতীন্দ্র (বৃহস্পতি-বরুণেন্দ্র) বিশ্বেদেবা দেবতাঃ, গায়ত্র্যুষ্ণিগনুষ্টুবৃবৃহতীপঙ্‌ক্তিত্রিষ্টুবৃজগত্যশ্ছন্দাংসি, প্রাণা য়ামে বিনিয়োগঃ॥ ওঁ গায়ত্র্যা বিশ্বামিত্রঋষিঃ, সবিতা দেবতা, গায়ত্রীচ্ছন্দঃ, প্রাণায়ামে বিনিয়োগঃ॥ ওঁ গায়ত্রী শিরসঃ প্রজাপতির্ঋষির্ব্রহ্মবায্বগ্নিসূর্য্যাশ্চতস্রো দেবতাঃ, গায়ত্রী-চ্ছন্দঃ, প্রাণায়ামে বিনিয়োগঃ॥

প্রাণায়াম।—দক্ষিণ নাসাপুট চাপিয়া বায়ু আকর্ষণ করিতে করিতে মন্ত্র পড়িবে, যথা—'হংসস্থং দ্বিভুজং রক্তং' সাক্ষসূত্রকমণ্ডলুম্। চতুর্ম্মুখমহং বন্দে ব্রহ্মাণং নাভি মণ্ডলে॥ ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎ সবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতীর-সোঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃ স্বরোম্।

এবং নাসাপুটদ্বয় ধরিয়া বায়ুরোধ পূর্ব্বক মন্ত্র পড়িবে, যথা—শঙ্খচক্রগদাপদ্মকরং গরুড়বাহনম্। হৃদি নীলোৎপলশ্যামং বিষ্ণুং বন্দে চতুর্ভুজম্॥ ওঁ ভূঃ হইতে ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোম্; পর্য্যন্ত পাঠ করিবে॥

দক্ষিণ নাসাপুট ছাড়িয়া বায়ু ত্যাগ করিতে করিতে মন্ত্র পড়িবে যথা,—শ্বেতং ত্রিশূলডমরুকরমর্দ্ধেন্দুভূষিতম্। ত্রিলোচনং ব্যাঘ্রচর্ম্মপরীধানং বৃষাসনম্। ললাটে চিন্তয়েদ্দেবমেবং ভুজগভূষণম্। ওঁ ভূঃ—হইতে ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোম্ পর্য্যন্ত মন্ত্র পড়িবে॥

আচমন।

[প্রাতঃকালে] জল লইয়া,—সূর্য্যশ্চেত্যনুবাকস্ত যাজ্ঞিক [যাজ্ঞবল্ক্য] উপনিষদৃষিঃ সূর্য্যমন্যুমন্যুপতিরাত্রয়ো দেবতাঃ সূর্য্যশ্চেত্যারভ্য রক্ষন্তামিত্যন্তস্তঋচঃ চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী যদ্রাত্রেত্যারভ্য ময়ীত্যন্তস্ত পঞ্চপদা পঙ্‌ক্তিঃ, ইদমহমিত্যারভ্য স্বাহেত্যন্তস্ত দশাক্ষরপাদাভ্যামুপেতবিরাট্‌চ্ছন্দঃ ; মন্ত্রাচমনে বিনি-য়োগঃ। ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং যদ্রাত্র্যা পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না অহস্তদবলুম্পতু যৎ কিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহ-মাপোঽমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা এই মন্ত্র পাঠকরিয়া তিনবার "ওঁ বিষ্ণুঃ" মন্ত্র উচ্চারণ পূর্ব্বক আচ-মন করিবে।

[মধ্যাহ্নাচমন] আপঃ পুনন্ত্বিত্যনুবাকস্ত নারায়ণঋষিরাপো দেবতা, অষ্টীচ্ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং পৃথ্বীপূতা পুনাতু মাম্। পুনন্তু ব্রহ্মণস্পতির্ব্রহ্মপূতা পুনাতু মাম্। যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনন্তু মামাপোঽসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা। পূর্ব্ববৎ ঐরূপ জল লইয়া তিনবার আচমন করিবে।

সায়ং আচমন।—অগ্নিশ্চেত্যনুবাকস্ত যাজ্ঞিক উপনিষদৃষি-রগ্নিমন্যুমন্যুপত্যহানি দেবতাঃ ; অগ্নিশ্চেত্যারভ্য রক্ষন্তামিত্যন্ত ঋচশ্চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী, যদহ্নেত্যারভ্য ময়ীত্যন্তস্ত পঞ্চপদা পঙ্‌ক্তিঃ, ইদমহমিত্যারভ্য স্বাহেত্যন্তস্ত দশাক্ষরপাদাভ্যামুপেত বিরাট্‌চ্ছন্দো মন্ত্রাচমনে বিনিযোগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যো পাপেভ্যো রক্ষন্তাং যদহ্না পাপমকার্ষং

মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না রাত্রিস্তদবলুম্পতু যৎকিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপোঽমৃতযোনৌ সত্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা ॥

পূর্ব্ববৎ ঐরূপ জল লইয়া তিনবার আচমন করিবে।

পুনর্ম্মার্জ্জন।

বাম হস্তে জল লইয়া মস্তকে শেচন করিতে করিতে মন্ত্র পাঠ করিবে। যথা—ওঁ আপো হি ষ্ঠেতি নবর্চস্য সূক্তস্যাম্বরীষঃ সিন্ধুদ্বীপঋষিরাপো দেবতা, গায়ত্রী পঞ্চমী বর্দ্ধমানা সপ্তমী প্রতিষ্ঠা অন্তয়োরনুষ্টুপ্ছন্দো মার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ আপো হিষ্ঠা - হইতে (২৩ পৃঃ) য়থা চ নঃ, পর্য্যন্ত মন্ত্র পড়িয়া,—

ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে আপো ভবন্তু পীতয়ে শং যোরভিস্রবন্তু নঃ। ৫। ওঁ ঈশানাবীর্য্যাণাং ক্ষয়ন্তীশ্চর্ষণীনাম্ আপো যাচামি ভেষজম্। ৬। ওঁ অপ্সু মে সোমোঽব্রবীদন্তর্বিশ্বানি ভেষজা অগ্নিঞ্চ বিশ্বশং ভুবম্। ৭। ওঁ আপঃ পৃণীত ভেষজং বরূথং তন্বে মম জ্যোক্ চ সূর্য্যং দৃশে।৮। ওঁ ইদমাপঃ প্রবহত যৎকিঞ্চিদ্দুরিতং ময়ি যদ্বাহমভিদুদ্রোহ যদ্বাশেপ উতানৃতম্। ৯। ওঁ আপোঽদ্যান্বচারিষং রসেন সমগস্মহি পয়স্বানগ্ন আগহি তন্মা সংসৃজবর্চ্চসা। ১০।

অঘমর্ষণ।—ঋতঞ্চেতি ঋক্ত্রয়স্যাঘমর্ষণঋষিঃ ভাববৃত্তো দেবতা, অনুষ্টুপ্ছন্দোঽশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত ততো রাত্র্যজায়ত ততঃ সমুদ্রোঽর্ণবঃ সমুদ্রাদর্ণবাদধিসম্বৎসরোঽজায়ত অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথোস্ব।

উদকাঞ্জলি দান।—প্রাতঃকালে ও সায়ংকালে তিন অঞ্জলি করিয়া জল দিবে, মন্ত্র যথা,—

ওঁ কারস্য ব্রহ্মঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ, মহাব্যাহৃতীনাং পরমেষ্ঠিপ্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দ্দেবতা বৃহতীচ্ছন্দঃ, গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষিঃ, সবিতা দেবতা, গায়ত্রীচ্ছন্দঃ, সূর্য্যজলাঞ্জলি দানে বিনিয়োগঃ। পরে গায়ত্রী পাঠ করিবে।

মধ্যাহ্নে একাঞ্জলি জলদান করিবে, মন্ত্র যথা,—

আকৃষ্ণেন ইত্যস্য হিরণ্যস্তূপঋষিঃ সবিতা দেবতা ত্রিষ্টুপ্-ছন্দঃ সূর্য্যজলাঞ্জলিদানে বিনিয়োগঃ।

ওঁ আকৃষ্ণেন রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্তাঞ্চ হির-ণ্ময়েন (হিরণ্যয়েন) সবিতা রথেন দেবো যাতি ভুবনানি পশ্যন্।

সূর্য্যোপস্থান।

[সামবেদিসূর্য্যোপস্থান প্রকরণ দেখ] ঋগ্বেদি সূর্য্যোপস্থান ত্রিসন্ধ্যায় প্রভেদ আছে।

প্রাতঃ সূর্য্যোপস্থান।—চিত্রং দেবানামিতি যড়ৃচস্য সূক্তস্য কুৎসঋষিঃ, সূর্য্যো দেবতা, ত্রিষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ।

ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্ম্মিত্রস্য বরুণস্যাগ্নেরাপ্রাঃ দ্যাবা পৃথিবীং অন্তরীক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ। ১। সূর্য্যো দেবীমুষসং রোচমানং মর্য্যো ন যোষামভ্যেতি পশ্চাৎ যত্রানরো দেবয়ন্তো (যো) যুগানি বিতন্বতে প্রতিভদ্রায় ভদ্রম্। ২। ভদ্রা অশ্বা হরিতঃ সূর্য্যস্য চিত্রা এতদ্‌গা অনুমাদ্যাসঃ নমস্যন্তো দিব আ পৃষ্ঠম্ স্থুঃ পরিদ্যাবা পৃথিবী সন্তি সদ্যঃ। ৩। তৎ সূর্য্যস্য দেবত্বং তন্মহিত্বং মধ্যাৎ কর্ত্তোর্ব্বিততং সঞ্জভার যদেযুক্তাং হরিতঃ

সম্থাদাভ্রাত্রী বাসন্তনুতে সিমস্মৈ ।৪। তন্মিত্রস্য বরুণস্যাভিচক্ষে সূর্য্যো রূপং কৃণুতে দ্যোরুপস্থে অনন্তমন্যদ্রুশদস্য পাজঃ কৃষ্ণ-মন্যদ্ধরিতঃ সংভরন্তি।৫। আদ্যা দেবা উদিতা সূর্য্যস্য নিরংহসঃ পিপৃতানিরবদ্যাৎ তন্নো মিত্রো বরুণো মামহন্তামদিতিঃ সিন্ধুঃ পৃথিবী উত দ্যোঃ।৬।

মধ্যাহ্নে সূর্য্যোপস্থান।—উদুত্যমিতি ত্রয়োদশর্চ্চস্য সূক্তস্য কান্বপ্রস্কন্ন ঋষিঃ সূর্য্যো দেবতা, আদ্যানাং নবানাং গায়ত্রী, অন্তানাং চতুস্বণাং অনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ।

ওঁ উদু ত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ দৃশে বিশ্বায় সূর্য্যম্।১। অপ ত্যে তাযবো যথা নক্ষত্রা যন্ত্যক্তুভিঃ সুরায় বিশ্বচক্ষসে ।২। অদৃশ্রমস্য কেতবো বিরশ্ময়ো জনা ঁ অনু-ভ্রাজন্তো অগ্নয়ো যথা।৩। তরণির্বিশ্বদর্শিতা জ্যোতিষ্কৃদসি সূর্য্যো বিশ্বমা ভাসি রোচনম্। ৪ । প্রত্যঙ্‌দেবানাং বিশঃ প্রত্যঙ্‌ঙু দেষি মানুষান্ প্রত্যঙ বিশ্বং স্বর্দৃশে । ৫ । যেনাপাবকচক্ষুষা ভুরণ্যন্তং জনা ঁ অনু ত্বং বরুণ পশ্যসি ।৬। বিদ্যামেষি রজ-স্পৃথ্বহা মিমানো অক্তুভিঃ পশ্যন্‌ জন্মানি সূর্য্য । ৭ । সপ্ত ত্বা হরিতো রথে বহন্তি দেব সূর্য্য শোচিষ্কেশং বিচক্ষণ ।৮। অযুক্ত সপ্ত শুন্ধবঃ সূরো রথস্য নপ্ত্যঃ তাভির্যাতি স্বযুক্তিভিঃ । ৯ । উদ্বয়ং তমসস্পরি জ্যোতিঃ পশ্যন্ত উত্তরং দেবং দেবত্রা সূর্য্য মগন্ম জ্যোতিরুত্তমম্ ।১০। উদ্যন্নদ্যমিত্রমহ আরোহন্নুত্তরাং দিবং হৃদ্রোগং মম সূর্য্য হরিমাণঞ্চ নাশয় । ১১ । শুকেষু মে হরিমাণং রোপণাকাসু দধ্মসি অথো হারিদ্রবেষু মে হরিমাণং নিদধ্মসি ।১২। উদগাদয়মাদিত্যো বিশ্বেন সহসা সহ দ্বিষন্তং মহ্যং রন্ধয়ন্মোঽহং দ্বিষতে রধম।১৩।

সায়ং সূর্য্যোপস্থান। মোষু বরুণেতি পঞ্চর্চস্য বশিষ্ঠঋষির্ব্বরুণো দেবতা, গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ।

ওঁ মোষু বরুণমৃণ্ময়ং গৃহং রাজন্নহং গমং মৃড়া সুক্ষত্র মৃড়য়। ১। যদেমি প্রস্ফুরন্নিব দৃতি [ধ্বতি] র্ন ধ্মাতোঽদ্রিব মৃড়া সুক্ষত্র মৃড়য়। ২। ক্রত্বঃ সমহ দীনতা প্রতীপং জগম শুচে মৃড়া সুক্ষত্র মৃড়য়। ৩। অপাং মধ্যে তস্থিবাংসং তৃষ্ণাবিদজ্জরিতারং মৃড়া সুক্ষত্র মৃড়য়। ৪। যৎকিঞ্চেদং বরুণদৈব্যজনেঽভিদ্রোহং মনুষ্যাশ্চরামসি অচিত্তী যত্তব ধর্ম্মা যুযোপিমং মা নস্তস্মাদেনসো দেব রীরিষ। ৫।

অঙ্গন্যাস।—ওঁ হৃদয়ায় নমঃ, ওঁ ভূঃ শিরসে স্বাহা, ওঁ ভুবঃ শিখায়ৈ বষট্, ওঁ স্বঃ কবচায় হুং, ওঁ ভূর্ভুবঃ স্বঃ নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ ভূর্ভুবঃ স্বঃ অস্ত্রায় ফট্।

ওঁ তৎ সবিতুর্হৃদয়ায় নমঃ, বরেণ্যং শিরসে স্বাহা, ভর্গো দেবস্য শিখায়ৈ বষট্, ধীমহি কবচায় হুং, ধিয়ো য়ো নঃ নেত্রত্রয়ায় বৌষট্, প্রচোদয়াৎ অস্ত্রায় ফট্।

গায়ত্রী ধ্যান। [প্রাতে] বালাং বালাদিত্যমণ্ডলস্থাং রক্তবর্ণাং রক্তাম্বরানুলেপনস্রগাভরণাং চতুর্ম্মুখীং দণ্ডকমণ্ডল্বক্ষসূত্রাভয়াঙ্ক-চতুর্ভুজাং হংসারূঢ়াং ব্রহ্মদৈবত্যাং ঋগ্বেদমুদাহরন্তীং ভূর্লোকাধিষ্ঠাত্রীং গায়ত্রীং নাম তাং ধ্যায়েৎ।

[মধ্যাহ্নে] যুবতীং যুবাদিত্যমণ্ডলস্থাং শ্বেতবর্ণাং শ্বেতাম্বরানুলেপনস্রগাভরণাং সত্রিনয়নপঞ্চবক্ত্রাং চন্দ্রশেখরাং ত্রিশূলখড়্গখট্বাঙ্গডমরুকরাং চতুর্ভুজাং বৃষারূঢ়াং রুদ্রদৈবত্যাং যজুর্ব্বেদমুদাহরন্তীং ভুবর্লোকাধিষ্ঠাত্রীং সাবিত্রীং নাম তাং ধ্যায়েৎ।

[সায়ংকালে] বৃদ্ধাং বৃদ্ধাদিত্যমণ্ডলস্থাং শ্যামবর্ণাং শ্যামাম্বরানুলেপনস্রগাভরণাং একবক্ত্রাং শঙ্খচক্রগদাপদ্মাঙ্ক-চতুর্ভুজাং

গরুড়ারূঢ়াং বিষ্ণুদৈবত্যাং সামবেদমুদাহরন্তীং স্বর্লোকাধিষ্ঠাত্রীং সরস্বতীং নাম তাং ধ্যায়েৎ।

আবাহন।—আয়াতু বরদা দেবী অক্ষরা ব্রহ্মসম্মিতা। গায়ত্রী চ্ছন্দসাং মাতা ব্রহ্মযোনে নমোঽস্তুতে [ইদং ব্রহ্ম জুষস্বঃ নঃ]॥•

ওঁ ওজোঽসি সহোঽসি বলমসি ভ্রাজোঽসি দেবানাং ধাম নামাসি বিশ্বমসি বিশ্বাযুঃ সর্ব্বাযুঃ অভিভূরোঁ।

ওঁ আগচ্ছ বরদে দেবি জপ্যে মে সন্নিধা ভব।

গায়ন্তং ত্রায়সে যস্মাৎ গায়ত্রী ত্বমতঃ স্মৃতা॥

ঋষ্যাদি স্মরণমন্ত্র যথা,—ওঁ কারস্য ব্রহ্মঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দো, মহাব্যাহৃতীনাং পরমেষ্ঠী-প্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দ্দেবতা বৃহতীচ্ছন্দো, গায়ত্র্যা বিশ্বামিত্রঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ শ্বেতো বর্ণঃ অগ্নির্মুখং ব্রহ্মা শিরো বিষ্ণুর্হৃদয়ং রুদ্রো ললাটং পৃথিবী কুক্ষি-স্ত্রৈলোক্যং চরণাঃ সাংখ্যায়নং গোত্রং অশেষপাপক্ষয়ায় জপে বিনিযোগঃ। [যথাশক্তি গায়ত্রী জপ করিবে]

জপের পর গায়ত্রীর-উপস্থান।—জাতবেদস ইত্যস্য কাশ্যপ ঋষিঃ জাতবেদাগ্নির্দ্দেবতা, ত্রিষ্টুপ্‌ছন্দঃ, শান্ত্যর্থজপে বিনিয়োগঃ।

ওঁ জাতবেদসে সুনুবাম সোমমরাতীয়তো নিদহাতি বেদঃ স নঃ পরিবদতি দুর্গাণি বিশ্বানাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ। তচ্ছং যোরিত্যস্য শংযুঋষিঃ বিশ্বেদেবা দেবতা শর্করীচ্ছন্দঃ। নমো ব্রহ্মণে ইত্যস্য প্রজাপতির্ঋষিঃ বিশ্বেদেবা দেবতা জগতীচ্ছন্দঃ, শান্ত্যর্থজপে বিনিয়োগঃ॥ 'ওঁ তচ্ছং যোরাবৃণীমহে। ওঁ নমো ব্রহ্মণে অস্ত্বগ্নয়ে।'

দিগাদি প্রণাম।—ওঁ পূর্ব্বাদি দিগ্‌ভ্যো নমঃ। ওঁ দিগীশেভ্যো

নমঃ। ওঁ সন্ধ্যায়ৈ নমঃ। ওঁ গায়ত্র্যৈ নমঃ। ওঁ সাবিত্র্যৈ নমঃ। ওঁ সরস্বত্যৈ নমঃ। ওঁ সর্ব্বাভ্যো দেবতাভ্যো নমঃ।

গায়ত্রী বিসর্জ্জন।— ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ব্বত-মূর্দ্ধনি। ব্রাহ্মণেভ্যোঽভ্যনুজ্ঞাতা গচ্ছ দেবি যথাসুখম্।

গায়ত্রী বিসর্জ্জনের পর (তর্পণাধিকারী তর্পণ করিয়া,) ব্রহ্মযজ্ঞ পড়িয়া (১৩ পৃঃ) সূর্য্যার্ঘ্য দিয়া সূর্য্যকে প্রণাম করিবে।

অথ তান্ত্রিকী সন্ধ্যা † ।

ওঁ আত্মতত্ত্বায় স্বাহা ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা ওঁ শিবতত্ত্বায় স্বাহা, এই মন্ত্রত্রয় দ্বারা তিনবার জলপান পূর্ব্বক, আচমন করিবে। পরে গঙ্গে চ যমুনে চৈব— (৬ পৃঃ) মন্ত্রে জলশুদ্ধি করিয়া, ধেনু মুদ্রা * দেখাইবে।

---

† এই সাধারণ তান্ত্রিক সন্ধ্যা লিখিত হইল। যাহা কিঞ্চিৎ বিশেষ আছে, তাহা গুরুর নিকট জ্ঞাতব্য।

ব্রাহ্মণেরা তান্ত্রিককর্ম্ম বৈদিককর্ম্মের পরে যথা ক্রমে প্রত্যহ অনুষ্ঠান করিবেন, সন্ধ্যার সময় অতীত হইলে, দশবার ইষ্ট দেবতার গায়ত্রী জপ করিয়া সন্ধ্যারম্ভ কর্ত্তব্য। অশৌচাদিতে ও প্রাণায়ামাবধি নমস্কারান্ত সাঙ্গ মূলমন্ত্র জপ এবং শিবপূজা ও ইষ্টদেবতা পূজা অবশ্য কর্ত্তব্য। সর্ব্বত্র স্ত্রী এবং শূদ্রেরা ওঁকারের স্থানে 'নমঃ' বলিবেন।

* মুদ্রা ও ন্যাস প্রভৃতি সমুদয় সূচীপত্র দেখিয়া, যথাস্থান হইতে নির্ব্বাচন করিয়া লইয়া শিক্ষা করিতে হইবে।

পরে হস্তপ্রক্ষালন পূর্ব্বক বৈদিক আচমন [৫ পৃঃ]

পরে প্রত্যেকবারে মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক তত্ত্ব মুদ্রা দ্বারা তিনবার ভূমিতে ও সপ্তবার মস্তকে জলের ছিটা দিবেক।

পরে মূল মন্ত্রে প্রাণায়াম ও ষডঙ্গন্যাস করিবে এবং বামকরতলে জল লইয়া দক্ষিণকর দ্বারা আচ্ছাদন করিয়া, "হং যং বং লং বং" এই মন্ত্র তিনবার জপ পূর্ব্বক বামকরাঙ্গুলি নিঃসৃত ঐ জল প্রতিবারে মূলমন্ত্র উচ্চারণ করিয়া, তত্ত্বমুদ্রা দ্বারা সপ্তবার মস্তকে দিবে এবং অবশিষ্ট জল দক্ষিণ করতলে লইয়া তিনবার আঘ্রাণানন্তর "ফট্" এই মন্ত্রে ভূমিতে ত্যাগ করিবে।

পরে হস্ত প্রক্ষালন পূর্ব্বক বৈদিক আচমন [৫ পৃঃ] করিয়া, দেবতার গায়ত্রী উচ্চারণ পূর্ব্বক বারত্রয় জল দিবে ও নিম্নোক্ত মন্ত্রে প্রত্যেককে তিন তিনবার তর্পণ করিবে।†

যথা,—ওঁ দেবাংস্তর্পয়ামি, ওঁ ঋষীংস্তর্পয়ামি, ওঁ পিতৄংস্তর্পয়ামি, ওঁ মনুষ্যাংস্তর্পয়ামি, ওঁ গুরূংস্তর্পয়ামি, ওঁ পরমগুরূংস্তর্পয়ামি, ওঁ পরাপরগুরূংস্তর্পয়ামি, ওঁ পরমেষ্টিগুরূংস্তর্পয়ামি। মূলমন্ত্র উচ্চারণ করিয়া,—"ওঁ অমুকদেবতাং তর্পয়ামি স্বাহা" এই মন্ত্রে তিনবার ইষ্টদেবতাকে তর্পণ করিবে। (পরে দেবতার স্ব স্ব পটলোক্ত আবরণ দেবতাদিগকে এক একবার তর্পণ করিবে, ইহা গুরুর নিকট জ্ঞাতব্য।

"ওঁ হ্রীঁ হংসোমার্ত্তণ্ডভৈরবায় প্রকাশশক্তিসহিতায় ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় স্বাহা" এই মন্ত্রে সূর্য্যকে ত্রিসন্ধ্যা অর্ঘ্য (অভাবে জল) দিবে। (স্ত্রী ও শূদ্রেরা "ঘৃণি সূর্য্য আদিত্য ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় নমঃ" বলিয়া অর্ঘ্য দিবে) পরে,—"ওঁ সূর্য্যমণ্ডলস্থিতায় নিত্যচৈতন্যোদিতায় ইদমর্ঘ্যং শ্রীঅমুক দেবতায়ৈ স্বাহা"

† সায়ংকালে তর্পণ নাই।

এই মন্ত্রে [বা ইষ্টদেবতার গায়ত্রী পড়িয়া] ইষ্টদেবতাকে অর্ঘ্য দিবে।

[বৈষ্ণবেরা,—"ওঁ নারদং তর্পয়ামি ইত্যাদি ক্রমে, পর্ব্বত, জিষ্ণু, নিষঠ, উদ্ধব, দারুক, বিশ্বক্ সেন, শৈলেয়, গুরু্ব্বাদি ও ইষ্ট-দেবতা, প্রত্যেককে তিন তিনবার তর্পণ করিবে ও সূর্য্যার্ঘ্যাদি দিবে।

গায়ত্রীর ধ্যান*।

প্রভাতে +।—ওঁ উদ্যদাদিত্যসংকাশাং পুস্তকাক্ষকরাং স্মরেৎ, কৃষ্ণাজিনধরাং ব্রাহ্মীং ধ্যায়েত্তারকিতেঽম্বরে।

মধ্যাহ্নে।—ওঁ শ্যামবর্ণাং চতুর্ব্বাহুং শঙ্খচক্রলসৎকরাং, গদা পদ্মধরাং দেবীং সূর্য্যাসনকৃতাশ্রয়াম্।

সায়াহ্নে।—ওঁ সায়াহ্নে বরদাং দেবীং গায়ত্রীং সংস্মরেদ্‌যতিঃ, শুক্লাং শুক্লাম্বরধরাং বৃষাসনকৃতাশ্রয়াং, ত্রিনেত্রাং বরদাং পাশাং শূলঞ্চ নৃকরোটিকাং, সূর্য্যমণ্ডলমধ্যস্থাং ধ্যায়েদ্দেবীং সমভ্যসেৎ।

+ প্রাতে, মূলাধারপদ্মে দ্রবীভূত স্বর্ণরাশির ন্যায় তরুণ তপন-প্রভা ও মধ্যাহ্নে হৃৎকমলে কোটিসূর্য্যসমপ্রভা এবং সায়াহ্নে, ভ্রূ-যুগলমধ্যে কোটিচন্দ্রসমপ্রভা কুণ্ডলিনী শক্তিকে চিন্তা করিয়া গায়ত্রীর ধ্যানোক্ত মূর্ত্তি চিন্তা করিবে।

+ ধ্যানার্থ।—[প্রভাতে] তারকাযুক্ত আকাশমণ্ডলে উদয়োন্মুখ-আদিত্যের ন্যায় তেজোময়ী পুস্তক ও রুদ্রাক্ষমালাধারিণী এবং কৃষ্ণবর্ণ মৃগচর্ম্মপরিধানা, ব্রাহ্মীমূর্ত্তি গায়ত্রীকে ধ্যান করিবে।

ধ্যানান্তে দশবার নিজ নিজ ইষ্টমন্ত্রের অধিষ্ঠাত্রী দেবতার গায়ত্রী জপ করিয়া, পরে গুহ্যাতি মন্ত্রে জল দিবে।

গুহ্যাতি মন্ত্র।

ওঁ গুহ্যাতি গুহ্যগোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্। সিদ্ধির্ভবতু মে দেবি (বা দেব) ত্বৎপ্রসাদান্মহেশ্বরি * ॥

পরে "বং" এই মন্ত্রে মস্তকে জল দিয়া, করযোড়ে বাম ও দক্ষিণনেত্র প্রান্ত এবং কপাল যথাক্রমে স্পর্শপূর্ব্বক প্রণাম করিবে, মন্ত্র যথা,—(বামে) ওঁ গুরুভ্যো নমঃ ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, ওঁ পরমেষ্টিগুরুভ্যো নমঃ, (দক্ষিণে) ওঁ গণেশায় নমঃ, (মধ্যে) ওঁ অমুক দেবতায়ৈ (বা দেবায়) নমঃ।

পরে মূলমন্ত্রে প্রাণায়াম, করন্যাস, ষডঙ্গন্যাস ও ঋষ্যাদিন্যাস করিয়া, দেবতার ধ্যান পূর্ব্বক অষ্টোত্তর শত বা সহস্রবার মূলমন্ত্র জপ করিয়া, দেবতার ও গুরুর প্রণাম মন্ত্রে প্রণাম করিবে।

[মধ্যাহ্নে] শ্যামবর্ণা ও শঙ্খ চক্র গদাপদ্মধারিণী, চতুর্ব্বাহু সমন্বিতা এবং সূর্য্যমণ্ডলরূপ আসনোপবিষ্টা [বৈষ্ণবীমূর্ত্তি] গায়ত্রী দেবীকে চিন্তা করিবে।

[সায়াহ্নে] শুক্লবর্ণা শুক্লবস্ত্রধারিণী, বৃষাসনস্থা, নৃকপাল এবং শূল ও পাশাস্ত্রধারিণী বরদাত্রী সূর্য্যমণ্ডলমধ্যবর্ত্তিনী, গায়ত্রী দেবীকে চিন্তা করিবে।

* পুরুষ দেবতা হইলে গুহ্যগোপ্তা ত্বং এবং মহেশ্বরি স্থলে সুরেশ্বর, মহেশ্বর, জনার্দ্দন, ইত্যাদি যাহা ইচ্ছা বলিবে।

গুরুর প্রণাম মন্ত্র।

অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥১॥
গুরুর্ব্রহ্মা গুরুর্ব্বিষ্ণুর্গুরুর্দ্দেবো মহেশ্বরঃ।
গুরুরেব পরং ব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥২॥
অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥৩॥

দশহরা স্নান *।

বিষ্ণুরোমিত্যাদি—দশবিধপাপক্ষয়কামো গঙ্গায়াং স্নানমহং করিষ্যে। (হস্তানক্ষত্রযোগে) হস্তানক্ষত্রযুক্তদশম্যাং তিথৌ অমুক গোত্র ইত্যাদি দশজন্মার্জ্জিত দশবিধপাপক্ষয়কামঃ, (এবং মঙ্গল বার যোগ হইলে) কুজবারাধিকরণক হস্তানক্ষত্রযুক্তদশম্যাং † তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা (বা অমুক দাসঃ ইত্যাদি) দশবিধপাপক্ষয়পূর্ব্বক শতগুণ বাজিমেধজন্য পুণ্য-ফল সম পুণ্যফল প্রাপ্তিকামঃ ইত্যাদি বিশেষ বিধান হইবে।

দশহরায় গঙ্গাস্নানের পূর্ব্বে এই মন্ত্র পড়িবে, যথা—

ওঁ (স্ত্রী ও শূদ্রেরা "নমঃ") অদত্তানামুপাদানং হিংসাচৈবাবিধা-নতঃ। পরদারোপসেবা চ কায়িকং ত্রিবিধং স্মৃতম্॥ পারুষ্যম

---

* দশহরা দিনে গঙ্গাতীরবাসীগণ গঙ্গাতীরে গঙ্গাপূজা ও সর্ব্বত্রেই গৃহে অষ্ট নাগসহিত মনসা পূজা করিয়া সমস্তদিন একজন সংযত আহার করিয়া থাকেন।

† এই যোগকে ভগীরথ দশহরা যোগ বলে।

নৃতঞ্চৈব পৈশূন্যঞ্চাপি সর্ব্বশঃ। অসম্বন্ধপ্রলাপশ্চ বাঙ্ময়ং স্যাচ্চতুর্ব্বিধম্॥ পরদ্রব্যেষ্বভিধ্যানং মনসানিষ্টচিন্তনম্। বিতথাভিনিবেশশ্চ ত্রিবিধং কর্ম্ম মানসম্॥ এতানি দশপাপানি প্রশমং যান্তু জাহ্নবি। স্নাতস্য মম তে দেবি জলে বিষ্ণুপদোদ্ভবে॥

পরে বিষ্ণু পাদার্ঘ্যসম্ভূতে (৮ পৃষ্ঠা) এই মন্ত্র তিনটী পড়িবে।

মুদ্রা প্রকরণ *।

অঙ্কুশমুদ্রা।—দক্ষিণ হস্তের মুষ্টি হইতে তর্জ্জনী ঈষৎ বক্র রাখিয়া মধ্যমাঙ্গুলি (জলসংস্পর্শার্থ) অধোমুখে সরলভাবে রাখিবে মতান্তরে দক্ষিণ মুষ্টি হইতে জল স্পর্শার্থ কেবল তর্জ্জনী সরল ভাবে ও মধ্যমাঙ্গুলি অঙ্কুশের ন্যায় বক্র ভাবে রাখিবে।১।

ধেনুমুদ্রা।—করযোড় করিয়া বামকরাঙ্গুলির ফাঁক চতুষ্টয়ে দক্ষিণ তর্জ্জন্যাদি অঙ্গুলিচতুষ্টয় প্রবেশ করাইবে; পরে দক্ষিণ হস্তের তর্জ্জনী বামহস্তের মধ্যমাতে ও বামতর্জ্জনী দক্ষিণমধ্যমাতে যোগ করিবে; পরে বামকনিষ্ঠা দক্ষিণ অনামাতে ও দক্ষিণ কনিষ্ঠা বাম অনামাতে যোগ করিবে। ২।

মৎস্যমুদ্রা।—অধোমুখদক্ষিণকরের পৃষ্ঠের উপর বামকরতল স্থাপন করিয়া, উভয় অঙ্গুষ্ঠ মৎস্যের ডানার ন্যায় উভয়পার্শ্বে নিষ্ক্রান্ত রাখিয়া চালনা করিবে। ৩।

গ্রাসমুদ্রা।—[প্রথমে গ্রাসমুদ্রা করিয়া রাখিয়া, পরে পঞ্চমুদ্রা করিতে হয়] চিত ও বক্রভাবে বামহস্তের পঞ্চাঙ্গুলি সমানভাবে রাখিবে। ৪।

---

* অঙ্গুলি সকলের নাম ছয়ের পৃষ্ঠার টিপ্পনীতে দেখ।

প্রাণাদি পঞ্চমুদ্রা।—দক্ষিণ হস্ত চিত করিয়া, (প্রাণায স্বাহাদি পঞ্চমন্ত্রে] প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান, এই পঞ্চমুদ্রা ক্রমে দেখাইয়া দেবতার সম্মুখে পঞ্চবার আবত্রিকবৎ ঘুরাইবে, নিবেদিত দ্রব্যদানে ইহার প্রয়োজন হয়।

প্রাণমুদ্রা—বৃদ্ধা, অনামিকা ও কনিষ্ঠাগ্রযোগ। ১। অপান মুদ্রা—তর্জ্জনী, মধ্যমা ও অঙ্গুষ্ঠাগ্র যোগ। ২। ব্যানমুদ্রা—অনামিকা, মধ্যমা ও অঙ্গুষ্ঠাগ্র যোগ। ৩। উদানমুদ্রা—কনিষ্ঠা ভিন্ন অঙ্গুলির অগ্রচতুষ্টয় যোগ। ৪। সমানমুদ্রা—পঞ্চাঙ্গুলির অগ্রভাগ একত্র যোগ করিবে। ৫।

অবগুণ্ঠন মুদ্রা।—বামমুষ্টি হইতে অধোমুখসরল তর্জ্জনীকে হুং' মন্ত্রে একবার দক্ষিণাবর্ত্তে ঘুরাইবে। ৬।

গালিনী মুদ্রা।—সরল বামকরতলে দক্ষিণ হস্তের করাঙ্গুলি ও দক্ষিণ করতলে বামকরাঙ্গুলি সকল স্থাপন করিয়া, বামাঙ্গুষ্ঠাগ্রের সহিত দক্ষিণ কনিষ্ঠাগ্র ও দক্ষিণ অঙ্গুষ্ঠাগ্রের সহিত বাম কনিষ্ঠাগ্র যোগ করিবে। ৭।

ভূতিনী মুদ্রা।—করযোড় করিয়া, বামকরাঙ্গুলির ফাঁক চতুষ্টয়ে দক্ষিণ তর্জ্জন্যাদি অঙ্গুলিচতুষ্টয় প্রবেশ করাইবে, পরে উভয় তর্জ্জনী খুলিয়া লইযা চিতভাবে বাকাইয়া, বাম অনামাপৃষ্ঠে দক্ষিণ তর্জ্জনী ও দক্ষিণ অনামা পৃষ্ঠে বাম-তর্জ্জনী সংলগ্ন করাইবে, তাহা হইলে অবশিষ্ট দক্ষিণ করাঙ্গুলি সকলের পৃষ্ঠে স্ব স্ব জাতীয় বামকরাঙ্গুলি সকল যোগ হইবে, তখন সর্ব্বোপরি অঙ্গুষ্ঠদ্বয় অধোমুখে স্থাপন করিবে। ৮।

যোনি মুদ্রা।—ভূতিনী মুদ্রা করিয়া, নিম্ন হইতে কনিষ্ঠাদ্বয় সকলের উপর (কেবল অঙ্গুষ্ঠদ্বয়ের নিম্নে) পূর্ব্ববৎ স্থাপন করিবে।৯।

খড়্গমুদ্রা।—দক্ষিণ হস্তের মুষ্টি হইতে তর্জ্জনী ও মধ্যমা সবলভাবে রাখিয়া কনিষ্ঠা ও অনামিকার উপরে অঙ্গুষ্ঠকে বদ্ধ রাখিবে।১০।

মুণ্ডমুদ্রা।—বাম মুষ্টির অভ্যন্তরে মুষ্টিবদ্ধ দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ অগ্রভাগ প্রবেশ করাইবে। ১১।

বরমুদ্রা।—চিতভাবে স্থিত দক্ষিণ হস্তের উপর একটু ব্যবধানে অধোমুখ বাম হস্ত রাখিবে। ১২।

অভয় মুদ্রা।—বরমুদ্রার ঠিক্ বিপরীত ভাব অর্থাৎ দক্ষিণ হস্ত অধোমুখে এবং বামহস্ত ঊর্দ্ধমুখে রাখিবে। ১৩।

পরমীকরণ মুদ্রা।—অধোমুখ বিস্তৃত হস্তদ্বয়ের দক্ষিণ অঙ্গুষ্ঠতল দ্বারা বাম অঙ্গুষ্ঠতলভাগকে [আকর্ষণ ভাবে] সংলগ্ন রাখিবে। ১৪।

কূর্ম্মমুদ্রা।—চিতভাবে অবস্থিত-বামকরতলের অঙ্গুষ্ঠ তর্জ্জনী মূলের মধ্যস্থানে, অধোমুখ দক্ষিণহস্তের মধ্যমা ও অনামিকাঙ্গুলি সংযোগ করিবে এবং তর্জ্জন্যগ্রভাগদ্বারা বামাঙ্গুষ্ঠাগ্রসংযোগ ও দক্ষিণকনিষ্ঠাগ্রে বামতর্জ্জন্যগ্র সংযোগ করিবে, পরে বামমধ্যমা, অনামিকা ও কনিষ্ঠাঙ্গুলি দক্ষিণ করের কনিষ্ঠামূলে সংযোগ করিয়া কূর্ম্মাকৃতি করিবে। ১৫।

প্রার্থনা মুদ্রা।—বামকরতলের উপর দক্ষিণ হস্ত [বিপরীত ভাবে] চিত করিয়া রাখিয়া বক্ষ সন্নিধানে স্থাপন করিবে।১৬।

নারাচ মুদ্রা।—দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ঐ তর্জ্জন্যগ্রভাগে সংযুক্ত রাখিয়া অপর অঙ্গুলি সকল বক্রভাবে অধোমুখে রাখিবে। ১৭।

তত্ত্বমুদ্রা।—অধোমুখ দক্ষিণকরের অনামিকার অগ্রভাগে অঙ্গুষ্ঠ সংযোগ করিবে। ১৮।

গোযোনি মুদ্রা।—দক্ষিণ করমুষ্টির কনিষ্ঠামূলের সঙ্কুচিত স্থানকে গোযোনি মুদ্রা বলে। ১৯।

শঙ্খমুদ্রা।—বামহস্তের অঙ্গুষ্ঠ অঙ্গুলি দক্ষিণ হস্ত মুষ্টি করিয়া ধারণ করিলে অঙ্গুষ্ঠ অঙ্গুলি, বাম হস্তের অঙ্গুলি সকলের অন্তর্ভাগে মিলিত করিবে। ২০।

আবাহন্যাদি পঞ্চমুদ্রা।

আবাহনী মুদ্রা—অঞ্জলি করিয়া, উভয়-অঙ্গুষ্ঠ উভয়-অনামিকা মূলে সংযোগ করিবে। ১। ইহার ঠিক্ অধোভাবকে স্থাপনী বলে। ২। ঐ ভাবে রাখিয়া অঙ্গুষ্ঠান্তরিত মুষ্টিদ্বয়কে সন্নিধাপনী বলে। ৩। ঐ ভাবে রাখিয়া অঙ্গুষ্ঠদ্বয় মুষ্টিদ্বয় মধ্যে প্রবেশ করাইলেই সন্নিরোধিনী মুদ্রা হইল। ৪। ঐ রূপ মুষ্টিযুক্ত করদ্বয় চিত হইলেই সম্মুখীকরণী মুদ্রা হইল॥ ৫। [২০]

সংহার মুদ্রা।—বামকর অধোমুখে রাখিয়া তাহার উপর দক্ষিণকর-পৃষ্ঠ স্থাপন করিয়া, বাম অঙ্গুলির মধ্য ফাঁকে দক্ষিণ হস্তের অঙ্গুলি যথাক্রমে প্রবেশ করাইয়া, উভয় করের স্ব স্ব জাতীয় অঙ্গুলি বাঁকাইয়া পরস্পরকে দৃঢ় পূর্ব্বক ধরিয়া, [খুলিয়া না যায়] মোড়া দিয়া বক্ষসন্নিহিত পথে [আস্তে আস্তে] অধো হইতে উর্দ্ধে [মুখের নিকট] আনিয়াই উভয় অঙ্গুষ্ঠের অগ্রভাগ একদা নিষ্ক্রান্ত করিবে, [এবং উহা দ্বারা পূজাধার হইতে একটী নির্ম্মাল্য লইয়া ঈশান ভাগে ফেলিবে।]

নিত্যপূজাঙ্গন্যাসাদি প্রকরণ।

[আচমন করিয়া] নারায়ণ স্নানমন্ত্র।

শঙ্খে জল লইয়া,—সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
সভূমিং সর্ব্বতস্পৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্ ॥

[সমর্থ হইলে [ওঁ অগ্নিমীলে ইত্যাদি পাঠের পর গায়ত্রী পাঠ করিবে। কেহ কেহ পুরুষসূক্ত মন্ত্রও পাঠ করে।

তুলসী দান মন্ত্র—অঙ্গুষ্ঠ ও মধ্যমা দ্বারা শ্বেতচন্দনম্রক্ষিত তুলসী লইয়া,—"ইদং সচন্দন তুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা" এই মন্ত্রে তুলসী চিত করিয়া অর্পণ করিবে।

সামান্যার্ঘ্য।

ভূমিতে একটি ত্রিকোণ মণ্ডলের উপর গোলাকার ও চতুষ্কোণ মণ্ডল করিয়া তাহার উপর ওঁ আধার শক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, এই মন্ত্রে আতপ চাউল ছড়াইয়া,—'অস্ত্রায় ফট্' বলিয়া কোশা ধৌতপূর্ব্বক তাহার উপর রাখিয়া 'নমঃ' মন্ত্রে কোশা জলপূর্ণ করিবে ও তদগ্রে অর্ঘ্য সাজাইয়া দিবেক, পরে অঙ্কুশমুদ্রা দ্বারা 'গঙ্গে চ যমুনে চৈব' [৬ পৃঃ] মন্ত্রে জলশুদ্ধি করিবে, পরে 'ওঁ' বলিয়া ঐ জলে গন্ধ-পুষ্প তুলসী দিয়া,—'বং' মন্ত্রে ধেনুমুদ্রা দেখাইয়া, ওঁ মন্ত্র দশবার জপ করিবে ও ঐ জল মস্তকে এবং পূজা দ্রব্যে কিঞ্চিৎ ছিটা দিবে।

আসন শুদ্ধিঃ।

দক্ষিণপার্শ্বে আসনের নিম্নে মাটিতে ত্রিকোণমণ্ডল করিয়া এতে গন্ধপুষ্পে "ওঁ হ্রীং আধারশক্তিকমলাসনায় নমঃ" বলিয়া পুষ্প দ্বারা আসন ধরিয়া—[আসন মন্ত্রস্য] মেরুপৃষ্ঠ ঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ। ওঁ পৃথ্বী ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা, তঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্। দুই হস্ত যোড করিয়া বাম-দিক ক্রমে সঞ্চালন করিবে। [বামে] গুরুভ্যো নমঃ [দক্ষিণে] গণেশায় নমঃ [উদ্ধে] ব্রহ্মণে নমঃ [অধো] অনন্তায় নমঃ [মধ্যে] নারায়ণায় নমঃ।

পরে সূর্য্যার্ঘ্য নমো বিবস্বতে মন্ত্রে দিয়া [১৩ পৃঃ] সূর্য্যের প্রণাম করিবে [১৩ পৃঃ] জবাকুসুম ইত্যাদি মন্ত্রে।

পুষ্পশুদ্ধিঃ।—পুষ্প ধরিয়া ওঁ পুষ্পকেতু রাজার্হতে শতায সম্যক্ সম্বন্ধায়। ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে, পুষ্পচয়াবকীর্ণে চ হুং ফট্ স্বাহা। 'একটি পুষ্প লইয়া "ঐং রং অস্ত্রায় ফট্" বলিয়া দুই করে পেষণ করিয়া বামদিকে নিক্ষেপ করিবে। পুষ্পে জলের ছিটা দিয়া দেখিবে।

ভূতাপসারণ।—"ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া" এই মন্ত্রে [শ্বেতসর্ষপ অভাবে আতপ চাউল] ছড়াইবে। ভূমিতে বাম পদাঘাতত্রয় করিয়া, মস্তকের উপর তিনবার ফট্ মন্ত্রে করতালি দিয়া, তুড়ি দ্বারা দশ দিগ্বন্ধন করিবে।

সংক্ষেপ ভূতশুদ্ধিঃ।—ওঁ মূল শৃঙ্গারাট্ সুষুম্না পথেন

জীবশিবং পরমশিবপদে যোজয়ামি স্বাহা। ১। ওঁ যং লিঙ্গশরীরং শোষয় শোষয় স্বাহা। ২। ওঁ রং সঙ্কোচ শরীরং দহ দহ স্বাহা। ৩। ওঁ পরমশিব সুষুম্না পথেন মূলশৃঙ্গাটমুল্লসোল্লস জ্বল জ্বল প্রজ্জ্বল প্রজ্জ্বল সোহহং হংসঃ স্বাহা। ৪। এই মন্ত্র চারিটী তিনবার পাঠ করিলেই হইবে।

প্রাণায়াম।

সুখাসনে সরল হইয়া অর্থাৎ মূলাধার হইতে মেরুদণ্ড ঠিক্ সমান রাখিয়া উপবেশন করিবে। মলাধার সঙ্কুচিত করিয়া, পূরক, কুম্ভক ও রেচক, অর্থাৎ শ্বাসবায়ু আকর্ষণ, রোধ ও পরিত্যাগ, অতি মৃদুভাবে করিতে করিতে দেবমূর্ত্তি হৃদয়ে অর্থাৎ ললাটে চিন্তা করিবে, [যে দেবতার পূজা, তাহারই বীজমন্ত্র, অর্থাৎ যেমন বিষ্ণুবীজ 'ওঁ'] দক্ষিণাঙ্গুষ্ঠদ্বারা দক্ষিণ নাসাপুট রোধ করিয়া, বাম হস্তে চারিবার বীজমন্ত্র জপ করিতে করিতে বাম নাসাপুট দ্বারা বায়ু পূরণ করিবে, উভয় নাসাপুট অঙ্গুষ্ঠ এবং অনামিকা ও কনিষ্ঠাঙ্গুলি দ্বারা ধরিয়া ঐ মন্ত্র পূর্ব্ববৎ ষোড়শ বার জপ করিতে করিতে কুম্ভক করিবে এবং কেবল অনামিকা ও কনিষ্ঠাঙ্গুলি দ্বারা বামনাসা রোধ করিয়া আটবার জপ করিতে করিতে ক্রমশঃ শ্বাস ত্যাগ করিবে।

ঐ ভাবে থাকিয়া পুনশ্চ বিপরীতক্রমে, অর্থাৎ শ্বাসত্যাগের পর ঐ দক্ষিণ নাসা দ্বারাই পূর্ব্ববৎ বীজমন্ত্র জপ করিতে করিতে পূরক ও উভয় নাসাপুট ধরিয়া কুম্ভক, পরে রেচক করিবে। পরে পুনর্ব্বার প্রথমের ন্যায় দক্ষিণ নাসাপুট ধারণাদি ক্রমে পূরক কুম্ভক ও রেচক করিবে এই সমগ্র ক্রিয়াকে প্রাণায়াম

কহে। ইহা অভ্যস্ত হইলে ক্রমে মন্ত্র চতুর্গুণাদি অর্থাৎ ১৬, ৬৪, ৩২ বার জপ অভ্যাস করা কর্ত্তব্য।

করন্যাস।—আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, বলিয়া উভয় তর্জ্জনী দ্বারা স্ব স্ব জাতীয় অঙ্গুষ্ঠ স্পর্শ করিবে এবং ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা, ঊং মধ্যমাভ্যাং বষট্, ঐং অনামিকাভ্যাং হুং, ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্, অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। (ইত্যাদি মন্ত্রে যথাক্রমে অঙ্গুষ্ঠদ্বয় দ্বারা তর্জ্জন্যাদি অঙ্গুলিচতুষ্টয় স্পর্শ করিবে এবং 'অঃ করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্' বলিয়া বাম করতলে দক্ষিণ করতলাঘাত করিবে)।

অঙ্গন্যাস। *—"আং হৃদয়ায় নমঃ" বলিয়া দক্ষিণ তর্জ্জন্যাদি অঙ্গুলির অগ্রভাগ দ্বারা বক্ষ, 'ঈং শিরসে স্বাহা' তর্জ্জনী ও মধ্যমাগ্র দ্বারা মস্তক, ঊং শিখায়ৈ বষট্' অঙ্গুষ্ঠাগ্র দ্বারা শিখা (ঘাড়)

---

* অঙ্গন্যাসাদি বিষ্ণু পূজার জন্য যেরূপ লিখিত হইল, অন্য দেবতা পূজা স্থলে তদ্বীজ মন্ত্রে দীর্ঘ মন্ত্রাদি যোগ এইরূপেই হইবে। এইরূপ শক্তিবীজ হ্রীঁ, অগ্নি রং, লক্ষ্মী শ্রীঁ, কৃষ্ণ ক্লীং, শিব হৌঁ এবং অনেক স্থলে দেবতার নামের আদ্যাক্ষরে দীর্ঘস্বর যোগ করিয়া একাক্ষরী বীজরূপে গ্রাহ্য হয়, যথা—ষষ্ঠি [ষাং] গণেশ [গাং] ইত্যাদি সামান্যতঃ পুম্‌দেবতার ওঁকার ও স্ত্রী দেবতার হ্রীঁ এই একাক্ষরী পৌরাণিক বীজদ্বয় সকল ন্যাসাদিতে ব্যবহার হয়। এই সকল বীজমন্ত্র দেবতাদিগের সাঙ্কেতিক নাম বিশেষ, এই সমস্ত ন্যাসাদি দ্বারা অঙ্গুলির তাড়িতপুঞ্জ দেহের চৈতন্য শক্তিকে উত্তেজিত করিয়া সচকিতভাবে মনঃস্থির পূর্ব্বক দেবতার ধ্যানের জন্য জীবকে প্রস্তুত করায়।

"ঐং কবচায় হুং" উভয় করাঙ্গুলি সমস্ত দ্বারা বিপরীত ক্রমে উভয় বাহু, 'ঔং নেত্রাভ্যাং বৌষট্ * দক্ষিণ তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা দ্বারা দুই চক্ষু ও নাসামূল স্পর্শ করিবে, 'অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্' তর্জ্জনী ও মধ্যমা দ্বারা বামকরতল বেষ্টন পূর্ব্বক ঐ করতলে আঘাত করিবে।

অথ নিত্যপঞ্চোপচার পূজাবিধি +।

গণেশের ধ্যান।

খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরম্
প্রস্যন্দনমদগন্ধলুব্ধমধুপব্যালোলগণ্ডস্থলম্।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূরশোভাকরম্,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কর্ম্মসু।

ত্রিনেত্রা দেবতা হইলে নেত্রত্রয়ায় বৌষট্ বলিবে।

শুচি মৌনি তন্মনস্ক ও সুবস্ত্রধারী এবং চিত্তশুদ্ধ্যর্থ নিরামিষাশী হইয়া কর্ম্ম করিবে। জপ ও পূজাদি কালে আসন ত্যাগ করিবে না, করিলে পুনঃ প্রাণায়ামাদি করিবে, দাঁড়াইলে আচমন ও অঙ্গন্যাস এবং অন্য কথা কহিলে আচমন করিবে, হাঁচিলে বা কাশিলে কিম্বা অধোবায়ু নিঃসরণ হইলে দক্ষিণ কর্ণ স্পর্শ ও বিষ্ণুস্মরণ করিবে। গণেশের পঞ্চোপচারে পূজার ন্যায় সকল দেবতারই পঞ্চোপচার পূজা জানিবে কিন্তু শিব ও দুর্গা পূজায় ইদং সচন্দন বিল্বপত্রং বিষ্ণুর ইদং সচন্দনতুলসীপত্রং এবং সূর্য্যের ইদং রক্তচন্দনং শ্রীসূর্য্যায় নমো মাত্র অধিক জানিবে। পঞ্চোপচার পূজায় সর্ব্বত্র ধ্যান ব্যবহার নাই। অশক্ত ও

এষ গন্ধঃ ওঁ গাং গণেশায় নমঃ (এইরূপ সর্ব্বত্র) ইদং সচন্দনপুষ্পং, এষ ধূপঃ, এষ দীপঃ, ইদং আমান্ননৈবেদ্যম্।

প্রার্থনা।—ওঁ দেবেন্দ্রমৌলিমন্দারমকরন্দকণারুণাঃ।
বিঘ্নং হরন্তু হেরম্বচরণাম্বুজরেণবঃ॥

প্রণাম।—ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদরং গজাননম
বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহম্।

সূর্য্যেরধ্যান।

ও রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুম্,
ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরং দধতং করাব্জৈ-
র্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্। *

অভাব স্থলে গন্ধপুষ্প দ্বারাও পূজা হইবে এবং যে উপচার দ্রব্যের অভাব হইবে, জল দ্বারা তাহা পূরণ করিয়া লইবে,—ধূপের অভাবে ধূপার্থোদকং [গঙ্গাজল হইলে গঙ্গোদকং] অমুক দেবায় নমঃ ইত্যাদি বলিবে এবং সর্ব্বত্র সর্ব্বদ্রব্যাভাবে কেবল জল দ্বারাও এইরূপে পূজা ব্যবহার আছে, যথা—পুষ্পবৎ জল হস্তে লইয়া ধ্যানাদি করিয়া এবং "ইদং অর্ঘ্যার্থোদকং অমুক দেবায় নমঃ" এই রূপ অর্ঘ্যাদি দিবে। পুষ্পাভাবে পুষ্পবৃক্ষের পত্র বা আলোচাউল প্রতিনিধিও ব্যবহার আছে, এই জলাদি দ্রব্য সকলেরও অভাব হইলে মানস পূজা করিবে।

* সর্ব্বত্র কূর্ম্মমুদ্রা দ্বারা প্রথম ধ্যানান্তে পুষ্পাদি মস্তকে দিয়া প্রার্থনা মুদ্রা করিয়া, নাসাগ্র দর্শন করিতে করিতে

গণেশ ও সূর্য্য পূজার পর,—শিব, বিষ্ণু ও দুর্গার পূজা পূর্ব্ব ক্রমে গন্ধপুষ্প দ্বারা হইবে, এতেগন্ধ পুষ্পে 'ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ, ওঁ ইন্দ্রাদি দশদিক্‌পালেভ্যো নমঃ, ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ, ওঁ গুরবে নমঃ, সকলের পঞ্চোপচারে পূজা করিবে। ‡

মৃত্তিকানির্ম্মিত শিবপূজা বিধি। ‡

অঙ্গুষ্ঠের অন্যূন পরিমিত সবজ্র শিবলিঙ্গ (শিবচিহ্ন) উত্তর-দিকে পিণাক করাইয়া ও বিল্বপত্র দ্বারা তদ্গাত্রে মার্জ্জনাপূর্ব্বক

অন্তরস্থিত সর্ব্বব্যাপক তেজোময় দেবতাকে সহস্রদল পদ্মমধ্যে চিন্তা করিতে করিতে তচ্চরণে মনে মনে যথাশক্তি পাদ্যাদি দ্বারা মানসপূজা করিবে। এবং পূজার সময় একাগ্রভাবে মন পূজিত দেবতার পাদপদ্মে অর্পণ করিয়া স্থির ভাবে চিন্তা করিবে।

* সমর্থ হইলে শিব, ভাস্কর, অগ্নি, কেশব ও কৌশিকী এই পঞ্চদেবতাকেও পৃথক্ পূজা করিবে।

† সকল কর্ম্মারম্ভেই এই গণেশাদি গুরু পর্য্যন্ত দেবতার যথাশক্তি পূজা করিতে হইবে।

‡ সদা সর্ব্বত্র আচণ্ডাল সকল মানবেরই শিব পূজায় অধিকার আছে।

উহার মধ্যদলের সোজা পৃষ্ঠের উপর বসাইবে * এবং স্বয়ং উত্তরাস্য হইয়া যোগাসনে বসিবে। ভস্ম বা মৃত্তিকা দ্বারা কপালে ত্রিপুণ্ড্রক (অর্দ্ধচন্দ্রাকৃতি) এবং রুদ্রাক্ষমালা ধারণ করিয়া শিব-পূজা প্রশস্ত।

ওঁ সর্ব্বশক্তিময়ি দেবি মৃত্তিকে পরমেশ্বরি। নির্ম্মায় পার্থিবং লিঙ্গং শিবপূজাং করোম্যহম্॥ (এই মন্ত্রে মৃত্তিকা খনন) ওঁ হ্রীঁ মৃত্তিকে হুঙ্কৃতিহরে। (মৃত্তিকা গ্রহণ) ওঁ বজ্রং ত্যজ্য মহাদেব ভক্তানাং শুভকারক। পূজাং গৃহাণ ঈশান বরং দেহি তদস্তু মে। হৌঁ ওঁ অস্ত্রায় ফট্।

"ওঁ হরায় নমঃ" বলিয়া শিবের মস্তকে একটু জল দিয়া বজ্র নামাইয়া পিণাকের উপরে রাখিবে। "ওঁ মহেশ্বরায় নমঃ" বলিয়া মস্তকটি একটু টিপিয়া, গঠন করিবে। "ওঁ শূলপাণে ইহ সুপ্রতিষ্ঠিতোভব" বলিয়া লিঙ্গের উপর অঙ্কুত, অর্থাৎ আলোচাউল দিয়া ওঁ আং হ্রীমিত্যাদি মন্ত্রে প্রাণ প্রতিষ্ঠা করিবে।

শিবের ধ্যান।

ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং, রত্না-কল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্। পদ্মাসীনং সমস্তাৎস্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং, বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিল ভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্।

* তাম্র কাংস্য ও স্বর্ণ বা রৌপ্যপাত্রে শিবপূজা প্রশস্ত, পার্থিবেতর শিবলিঙ্গ বিল্বপত্রের উপরে বসাইবে না।

দ্বিতীয় ধ্যানান্তে পঞ্চমুদ্রা দ্বারা আবাহন করিতে হয়।

মন্ত্র যথা,—পিণাকধৃক্! ইহাগচ্ছাগচ্ছ।১। ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ।২। ইহ সন্নিধেহি।৩। ইহ সন্নিরুদ্ধস্বঃ।৪। মম পূজাং গৃহাণ, অত্রাধিষ্ঠানং কুরু।৫। করযোড়ে,—হ্রাং হ্রীং হ্রিং ভব যাবৎ পূজাং করোম্যহম্।

"ইদং স্নানীয়োদকং ওঁ পশুপতয়ে নমঃ" এই মন্ত্রে কেবল জল দ্বারা শিবকে স্নান করাইবে।

দশোপচার পূজা বিধিঃ *।

এতৎপাদ্যং ওঁ নমঃ শিবায়।১। ইদমর্ঘ্যং (যজুর্ব্বেদী ও শূদ্রদিগের এষোঽর্ঘ্যঃ) ওঁ নমঃ শিবায়।২। ইদং আচমনীয়োদকং ওঁ নমঃ শিবায়।৩। ইদং স্নানীয়োদকং ওঁ নমঃ শিবায়।৪। ইদং পুনরাচমনীয়োদকং ওঁ নমঃ শিবায়।৫। এষ গন্ধঃ ওঁ নমঃ

---

* সাধারণতঃ পূজা পঞ্চোপচারে ও দশোপচারেই ব্যবহার হয়। পাদ্য পাদমূলে ও অর্ঘ্য মস্তকে দিবে।১। শিব ও সূর্য্য ভিন্ন দেবতার শঙ্খে অর্ঘ্যপ্রশস্ত, পুষ্প, চন্দন, আলোচাউল, দূর্ব্বা বিল্বপত্রাদি (বিষ্ণুর বিল্বপত্র স্থানে তুলসী) দ্বারা অর্ঘ্য করিবে। শ্রাদ্ধে ও শিবপূজায় গর্ভশূন্যা ত্রিপত্রা ও হোমে সপ্তপত্রা এবং অর্ঘ্যে পঞ্চপত্রা দূর্ব্বাই গ্রাহ্য, অন্যত্র প্রায় ত্রিপত্রা দূর্ব্বা ব্যবহার্য্য জানিবে।২। আচমনীয় মুখ উদ্দেশে দিবে।৩। সর্ব্বত্র অঙ্গুষ্ঠ যোগ রাখিয়া পুরুষদেবতাকে কনিষ্ঠাঙ্গুল্যাগ্র দ্বারা এবং প্রায় স্ত্রীদেবতাকে অনামা ও মধ্যমা অঙ্গুলির অগ্রভাগ দ্বারা চন্দন দিবে। সূর্য্য ভিন্ন পুংদেবতাকে প্রায় রক্তচন্দন দান নাই।৪।

শিবায়। ৬। ইদং সচন্দনপুষ্পং ওঁ নমঃ শিবায়। ৭। (ইদং সচন্দনবিল্বপত্রং ওঁ নমঃ শিবায়।) এষ ধূপঃ ওঁ নমঃ শিবায়। ৮। এষ দীপঃ ওঁ নমঃ শিবায়। ৯। ইদং সোপকরণামান্ননৈবেদ্যং ওঁ নমঃ শিবায়। ১০।

(পানার্থোদকং ওঁ নমঃ শিবায়, আচমনীয়োদকং ওঁ নমঃ শিবায়, ইদং তাম্বুলং ওঁ নমঃ শিবায়।)

অষ্টমূর্ত্তি পূজা,—পুষ্প, বিল্বপত্র বা আতপচাউল দ্বারা পূর্ব্বদিক হইতে ঈশান দিক্ পর্য্যন্ত পূজা করিয়া (পিনাক লঙ্ঘন না করিয়া দক্ষিণাবর্ত্তে অগ্নিকোণ হইতে বায়ুকোণ পর্য্যন্ত এবং বায়ুকোণ হইতে পুনশ্চ বামাবর্ত্তে অগ্নিকোণ পর্য্যন্ত প্রদক্ষিণ পূর্ব্বক অষ্টমূর্ত্তি পূজা করিবে।

পূজামন্ত্র।—এতে গন্ধপুষ্পে ও সর্ব্বায ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ, (এই ক্রমে) ভবায় জলমূর্ত্তয়ে নমঃ, রুদ্রায় অগ্নি মূর্ত্তয়ে নমঃ, উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ, ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ, পশুপতয়ে

পুষ্পাদি অঙ্গুষ্ঠ ও মধ্যমা দ্বারা অর্পণ করিবে। ৭। শিবপূজায় বিল্বপত্রের বৃন্তমূলে যে বজ্র তাহা ত্যাজ্য। ধূপ দীপ আধারে রাখিয়া অর্চ্চনা করিয়া নিবেদন পূর্ব্বক আরত্রিকবৎ তিন তিন বার ঘুরান ব্যবহার আছে। ৮। ৯। শিব সম্বন্ধে সমুদায় উপচার লিঙ্গোপরি পূর্ব্বভাগ আশ্রয় করিয়া প্রদান করিবে, শিবনির্ম্মাল্য অগ্রাহ্য, শিবের ঈশান নামক প্রধানবক্ত্রার্পিত নৈবেদ্যাদিও অব্যবহার্য্য বলিয়াছেন। ১০। উপচার প্রদানের বিস্তারিত বিষয় ষোড়শোপচার পূজায় দেখ। পানার্থাদিত্রয় সর্ব্বদত্তই যে।

যজমানমূর্ত্তয়ে নমঃ, মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ, ঈশানায় সূর্য্য-মূর্ত্তয়ে নমঃ।

তৎপরে "ওঁ নমঃ শিবায়" মন্ত্র দশবার বা অষ্টোত্তর শত-বার জপ করিয়া, গুহ্যাতি মন্ত্রে (৬৩ পৃঃ) গোযোনি মুদ্রা (৬৮ পৃঃ) দ্বারা অর্ঘ্য অভাবে কেবল জল লইয়া দেবতার (চিন্তা করিয়া) দক্ষিণ হস্তে জল সমর্পণ করিবে, এবং এই সময় পূজান্তে শিবকবচ ও স্তবাদি পড়িবে।

শিবের নমস্কার *।

নমস্তুভ্যং বিরূপাক্ষ! নমস্তে দিব্যচক্ষুষে।
নমঃ পিনাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ।১।
নমস্ত্রিশূলহস্তায় দণ্ডপাশাসিপাণয়ে।
নমস্ত্রৈলোক্যনাথায় ভূতানাং পতয়ে নমঃ।২।
বাণেশ্বরায় নরকার্ণবতারণায়,
জ্ঞানপ্রদায় করুণাময়সাগরায়।
কর্পূরকুন্দধবলেন্দুজটাধরায়,
দারিদ্র্যদুঃখদহনায় নমঃ শিবায়।৩।
নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর।৪।

---

* দণ্ডবৎ ভূমিষ্ঠ হইয়া জানু বক্ষ ও মস্তক দ্বারা মৃত্তিকা লুণ্ঠনপূর্ব্বক অষ্টাঙ্গে যে প্রণাম সে উত্তম প্রণাম। জানুদ্বয় ও হস্তদ্বয় এবং মস্তক দ্বারা ভূমি স্পর্শকে মধ্যম এবং কেবল করযোড়ে যে প্রণাম তাহা অধম। শিব ও স্ত্রীদেবতাকে দক্ষিণ পার্শ্বে এবং পুংদেবতাকে বামপার্শ্বে রাখিয়া প্রণাম করা কর্ত্তব্য।

পরে, দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী ও অনামা দ্বারা বম্ বম্ বম্ শব্দে গাল বাদ্য করিবে।

ক্ষমাপ্রার্থনা।—আবাহনং ন জানামি নৈব জানামি পূজনম্। বিসর্জ্জনং ন জানামি ক্ষমস্ব পরমেশ্বর।

ঈশানকোনে চন্দন দ্বারা একটী বকার আকৃতি করিয়া পরে সংহার মুদ্রা (৬৮ পৃঃ) দ্বারা একটি নির্ম্মাল্য লইয়া স্বহৃদয় স্পর্শের পর "মহাদেব ক্ষমস্ব" বলিয়া বিসর্জ্জন করিবে।

রুদ্রাক্ষ ধারণবিধি।

প্রত্যেক পঞ্চমুখী রুদ্রাক্ষে "ওঁ হ্রং নমঃ" এইমন্ত্র একশত আটবার জপ করিয়া শিবচরণামৃত দ্বারা প্রক্ষালনপূর্ব্বক ধারণ করিবে, এইরূপ সর্ব্বত্র। একমুখ রুদ্রাক্ষে ওঁ হ্রুঁ নমঃ। দ্বিমুখে ও ও নমঃ। ত্রিমুখে ক্লং নমঃ। চতুর্ম্মুখে ওঁ হ্রীং নমঃ। পঞ্চমুখে ও হ্রুঁ নমঃ। ষষ্ঠে হ্রুঁ হুঁ নমঃ। সপ্তমে ও হ্রুঁ নমঃ। অষ্টম ও নবমে ও হ্রী নমঃ। দশম ও একাদশে ওঁ শ্রীঁ নমঃ। দ্বাদশে ও হ্রী হ্রীঁ নমঃ। ত্রয়োদশে ক্ষোঁ নমঃ। চতুর্দ্দশে ও নমো নমঃ।

অথ পুরুষোত্তমে বিহিত কার্য্য।

প্রথমে বিরজানদীতে পিণ্ডদান এবং পরে বলরাম, শ্রীজগন্নাথ দেব ও সুভদ্রাকে দর্শন করিবেক।

বলরামের ধ্যান।

কৈলাশশিখরাকারং চন্দ্রাৎ কান্ততরাননম্।
নীলবস্ত্রধরং দেবং ফণাবিকলমস্তকম্॥

মহাবলং হলধরং কুণ্ডলৈকবিভূষণম্।
রৌহিণেয়ং সদা ভক্ত্যা লভেতাভিমতং ফলম্॥

বলরামের প্রণাম।

নমস্তে হলধৃগ্রাম নমস্তে মুষলায়ুধ।
নমস্তে রেবতীকান্ত নমস্তে ভক্তবৎসল।
নমস্তে বলিনাং শ্রেষ্ঠ নমস্তে ধরণীধর।
প্রলম্বারে নমস্তেঽস্তু পাহি মাং কৃষ্ণপূর্ব্বজ॥

অথ জগন্নাথের স্তব।

জয় কৃষ্ণ জগন্নাথ জয় সর্ব্বাঘনাশন।
জয় চানূরকেশিঘ্ন জয় কংসনিসূদন॥
জয় পদ্মপলাশাক্ষ জয় চক্রগদাধর।
জয় নীলাম্বুদশ্যাম জয় সর্ব্বসুখপ্রদ।
জয় দেব জগৎপূজ্য জয় সংসারনাশন।
জয় লোকপতে নাথ জয় বাঞ্ছাফলপ্রদ॥
সংসারসাগরে ঘোরে নিঃসারে দুঃখফেণিলে।
ক্রোধগ্রাহাকুলে রৌদ্রে বিষয়োদকসংপ্লবে॥
নানা রোগোর্ম্মিকলিলে মোহাবর্ত্তসুদুস্তরে।
নিমগ্নোঽহং সুরশ্রেষ্ঠ ত্রাহি মাং পুরুষোত্তম॥

অথ সুভদ্রার স্তব।

নমস্তে সর্ব্বদেবেশি নমস্তে সুখমোক্ষদে।
পাহি মাং পদ্মপত্রাক্ষি কাত্যায়নি নমোঽস্তু তে॥

পরে মার্কণ্ডেয়হ্রদে স্নান, মন্ত্র যথা—

ওঁ সংসারসাগরে মগ্নং পাপগ্রস্তমচেতনম্।
পাহি মাং ভগনেত্রঘ্ন ত্রিপুরারে নমোঽস্তু তে॥
নমঃ শিবায় শান্তায় সর্ব্বপাপহরায় চ।
স্নানং করোমি দেবেশ মম নশ্যতু পাতকম্॥

উত্তর মুখে নাভি পরিমিত জলে দণ্ডায়মান হইয়া এই মন্ত্র তিনবার পাঠের পর স্নান করিবে এবং তিলমিশ্র জলের দ্বারা পিতৃপিতামহাদির যথানিয়মে তর্পণ করিয়া মহাদেবের পূজা করিবে। মন্ত্র যথা—

(ওঁ) অঘোরেভ্যোঽথ ঘোরেভ্যো ঘোরাঘোরতরেভ্যো হি সর্ব্বতঃ সর্ব্বসর্ব্বেভ্যো নমো বো রুদ্ররূপেভ্যঃ।

প্রণাম যথা—ত্রিলোচন নমস্তেঽস্তু নমস্তে শশীভূষণ।
পাহি মাং ত্বং বিরূপাক্ষ মহাদেব নমোঽস্তু তে।

পরে বটবৃক্ষকে তিনবার প্রদক্ষিণ করিয়া বটবৃক্ষ পূজা করিবে। মন্ত্র যথা—

ওঁ নমোঽব্যক্তরূপায় মহাপ্রলয় প্রাণতে।
মহদ্রসোপবিষ্টায় ন্যগ্রোধায় নমো নমঃ॥
অমরস্ত্বং মহাকল্পে হরেশ্চায়তনং বট।
ন্যগ্রোধ হর মে পাপং কল্পবৃক্ষ নমোঽস্তু তে।

পরে প্রণাম ও ছায়াতে উপবেশনের পর শ্রীমন্দিরে পুনর্ব্বার গমন পূর্ব্বক গরুড়দর্শন ও প্রণামানন্তর জগন্নাথ, বলরাম ও সুভদ্রাকে দর্শন ও পূর্ব্বোক্ত মন্ত্রে প্রণাম করিবেক।

ইন্দ্রদ্যুম্নহ্রদে স্নান।

যথা—জলমধ্যে গিযা আচমন পূর্ব্বক হরিনাম জপ এবং শ্রীমূর্ত্তি স্মরণের পর এই মন্ত্র পাঠ করিবেক।

যথা—অশ্বমেধাঙ্গসম্ভূত তীর্থ সর্ব্বাঘনাশন।
স্নানং ত্বযি করোম্যদ্য পাপং হর নমোঽস্তু তে॥

পরে স্নান, তর্পণ এবং পিতৃশ্রাদ্ধাদি করিবেক।

এবং সমুদ্রতীরেও পিতৃশ্রাদ্ধাদি করিয়া পঞ্চতীর্থ দর্শন ও প্রদক্ষিণ করিতে হয।

পঞ্চতীর্থ, যথা—মার্কণ্ডেয় হ্রদ, অক্ষয বট, বলরাম সমুদ্র ও ইন্দ্রদ্যুম্ন পুষ্করিণী

অথ চাতুর্ম্মাস্য ক্রম।

শযন একাদশীর পরদিবস (অর্থাৎ দ্বাদশী) হইতে উত্থান একাদশীর পর দ্বাদশী পর্য্যন্ত চাতুর্ম্মাস্য কাল। দ্বিতীয ক্রম।—আষাঢ়ের শেষ সংক্রান্তি হইতে কার্ত্তিক মাসের শেষ সংক্রান্তি পর্য্যন্ত। তৃতীয মত। যথা আষাঢ়ী পূর্ণিমা হইতে কার্ত্তিকী পূর্ণিমা পর্য্যন্ত চারিমাসকাল কলম্বিশাক, পটল, মাসকলাই, বরবটীকলাই ও বেগুণ খাইতে নাই কেহ কেহ বলেন বেগুণ খাইতে আছে বেতশাক খাইতে নাই। কলম্বী ইত্যাদি ত্যক্তবস্তু খাইলে নরকভোগ করিতে হয়।

কিন্তু সকলেরই নিযমিত চাতুর্ম্মাস্য ব্রত করা আবশ্যক। অসমর্থ পক্ষে কেবল কার্ত্তিক মাসে হবিষ্যাদি নিযমও পালন করিতে পারিবেক॥

নারায়ণের ধ্যান।

ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী, নারায়ণঃ সরসিজাসন সন্নিবিষ্টঃ। কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরিটী, হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ।

এতৎপাদ্যং ওঁ নারায়ণায় নমঃ, * এইক্রমে শিব পূজার ন্যায় পূজা করিবে, বিল্বপত্র স্থানে পূর্ব্বোক্ত (৬৯ পৃঃ) মন্ত্রে তুলসী দিবে 'ওঁ নমো নারায়ণায়' এইমন্ত্র দশবার জপ করিয়া, গুহ্যাতি মন্ত্রে দক্ষিণ হস্তে জল সমর্পণ পূর্ব্বক পাঠ করিবে'

ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং,
তীর্থাস্পদং শিববিবিঞ্চিনুতং শরণ্যম্।
ভৃত্যার্ত্তিহং প্রণতপালভবাব্ধিপোতং,
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্। ১।
ত্যক্ত্বা সুদুস্ত্যজসুরেপ্সিতরাজ্যলক্ষ্মী'
ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যম্।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবৎ
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্। ২

প্রণাম—নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ।
প্রপন্নং পাহি মামীশ ভীতং মৃত্যুগ্রহার্ণবাৎ
যৎকিঞ্চিৎ ক্রিয়তে দেব ময়া সুকৃতদুষ্কৃতম্।
তৎসর্ব্বং ত্বয়ি সংন্যস্তং তৎপ্রযুক্তঃ করোম্যহম্।

---

* মাত্র আলোচাউল দ্বারা বিষ্ণুপূজা করিতে নাই বলিয়া, অনেকে ফলমূলাদি জলপানি দ্রব্য দিয়া থাকেন।

মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন।
যৎপূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে।

লক্ষ্মীর ধ্যান।

ওঁ পাশাক্ষমালিকাম্ভোজশৃণিভির্যাম্যসৌম্যয়োঃ,
পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্যমাতরম্।
গৌরবর্ণাং স্বরূপাঞ্চ সর্ব্বালঙ্কারভূষিতাং,
রৌক্মপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু।

এতৎপাদ্যং ওঁ লক্ষ্মৈ নমঃ, ইত্যাদি—

পুষ্পাঞ্জলি মন্ত্র।

ওঁ নমস্তে সর্ব্বভূতানাং বরদাসি হরিপ্রিয়ে,
যা গতিস্ত্বৎপ্রপন্নানাং সা মে ভূয়াত্বদর্চ্চনাৎ।

প্রণাম। ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে,
সর্ব্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মী নমোঽস্তু তে।

অথ তান্ত্রিকীপূজা।

ব্রাহ্মণেরা সামান্যার্ঘ্য হইতে লক্ষ্মীপূজা পর্য্যন্ত এবং স্ত্রী ও দেবা শিবপূজা পর্য্যন্ত করিয়া, তান্ত্রিকী পূজা আরম্ভ করিবেন *,

* নিত্য পূজার সময় অনেকে সামান্যার্ঘ্য হইতে ভূত-শুদ্ধি পর্য্যন্ত করিয়া, পৌরাণিক পূজাদি করিয়া, পরে তান্ত্রিকী পূজায় যথাস্থানে ঋষ্যাদিন্যাস ও করাঙ্গন্যাসাদি করিয়া থাকেন। মুদ্রা এবং ন্যাসাদির দ্বারা তাড়িৎ সঞ্চালন করিয়া আপনাকে ভগবদ্ভক্ত ভাবিয়া, ভগবৎ পাদপদ্মে মনঃ সংযোগ পূর্ব্বক দেবার্চ্চনায় প্রবৃত্ত হইবে।

প্রথমে মন্ত্রাচমন, পরে এতেগন্ধপুষ্পে ওঁ দ্বারদেবতাভ্যো-নমঃ, পূজা করিয়া ইষ্ট বীজমন্ত্র উচ্চারণপূর্ব্বক প্রাণায়াম (পূরক, কুম্ভক ও রেচকের ন্যায়) করিয়া করন্যাস, অঙ্গন্যাস, পীঠন্যাস ও ঋষ্যাদিন্যাস করিবে, যথা—অমুকমন্ত্রস্য অমুকঋষিঃ অমুক ছন্দঃ অমুকদেবতা অমুকবীজং অমুকশক্তিঃ অমুককীলকং মম ইষ্টসিদ্ধ্যর্থে বিনিযোগঃ। (ইত্যাদির উল্লেখ করিয়া) (শিরসি) অমুকঋষয়ে নমঃ (মুখে) অমুকছন্দসে নমঃ (হৃদি) অমুক দেবতায়ৈ নমঃ (গুহ্যে) অমুকবীজায় নমঃ (পাদয়োঃ) অমুকশক্ত্যৈ নমঃ (সর্ব্বাঙ্গে) অমুককীলকায় নমঃ। "এই সকল অঙ্গ যথাস্থান স্পর্শ করিবে"।

ন্যাসাদির নানাপ্রকার ক্রম হইতে নিত্য পূজার্থ লিখিত ক্রমই স্থির হইল।

ব্যাপকন্যাস।—মূলমন্ত্র প্রত্যেকবারে উচ্চারণ পূর্ব্বক বাহু-দ্বয় দ্বারা সপ্তবার হৃদয়াভিমুখে মস্তক হইতে পাদ পর্য্যন্ত এবং পাদ হইতে মস্তক পর্য্যন্ত বায়ু বিতাড়িত করিবে।

দেবতাবিশেষে বিহিত মুদ্রা সকল দেখাইয়া দেবতার প্রথম ধ্যানান্তে বিশেষার্ঘ্য স্থাপন করিবে।

বিশেষার্ঘ্যস্থাপন প্রণালী।

প্রথম ধ্যানান্তে পুষ্প মস্তকে দিয়া মনে মনে পাদ্যাদি দ্বারা মানসোপচারে স্বহৃদয়ে দেবমূর্ত্তি পূজা পূর্ব্বক অর্ঘ্য স্থাপন করিয়া পুনর্ধ্যানান্তে পাদ্যাদির দ্বারা পূজা করিবে।

অর্ঘ্যস্থাপন যথা,—পূজকের বামপার্শ্বের ভূমিতে জলদ্বারা

ত্রিকোণ মণ্ডল করিয়া তদুপরি একটি চতুষ্কোণ মণ্ডল করিবে, এবং উহার উপর ওঁ আধার শক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ বলিয়া আতপতণ্ডুল দিবে। তাহার উপর ত্রিপদিকা (শঙ্খাধার) বসাইয়া "ফট্' বলিয়া শঙ্খ প্রক্ষালন করিয়া 'ওঁ' মন্ত্রে (অথবা ক্ষং হইতে কং ও অঃ হইতে অং নমঃ পর্য্যন্ত মন্ত্র উচ্চারণ পূর্ব্বক) ত্রিভাগ জলপূর্ণ করিয়া, শঙ্খাগ্রে পুনশ্চ 'ওঁ' মন্ত্রে অর্ঘ্য সাজাইয়া দিয়া, মং বহ্নিমণ্ডলায় দশ কলাত্মনে নমঃ, অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশ কলাত্মনে নমঃ, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, এই তিনটি মন্ত্রে ক্রমে ত্রিপদিকা, শঙ্খ ও শঙ্খস্থ জলে এক একটি পুষ্প দিবে, গঙ্গে চ (৬ পৃঃ) ইত্যাদি মন্ত্রে জল শোধনান্তে 'হুং' এই মন্ত্রে অর্ঘ্যের উপর অবগুণ্ঠনমুদ্রা করিয়া 'বষট্' বলিয়া গালিনী মুদ্রা সঞ্চালনপূর্ব্বক 'বৌষট্' বলিয়া অর্ঘ্য দর্শন করিয়া, এতেগন্ধে পুষ্পে ওঁ আং হৃদয়ায় নমঃ, ইত্যাদি ক্রমে ষড়ঙ্গের পূজা করিবে। পরে অর্ঘ্যে মৎস্য মুদ্রা দ্বারা আচ্ছাদন করিয়া অর্ঘ্যের উপর সেই সেই দেবতার বীজমন্ত্র দশবার জপান্তে" ধেনু, (কাল্যাদি বিষয়ে, ধেনু, যোনি ও ভূতিনী) মুদ্রাদি দেখাইয়া, কিঞ্চিৎ জল কোশায় ঢালিয়া, কোশা হইতে পূজা দ্রব্যে কিঞ্চিৎ ছিটা দিবে। *

---

* ষোড়শোপচার ও তান্ত্রিকপূজায় এবং বাহুল্যরূপ দশোপচার পূজায় ইহা ব্যবহার হয়। (সমর্থ হইলে) প্রথম অর্ঘ্য স্থাপনের পর, আত্মসমর্পণার্থে দ্বিতীয় অর্ঘ্য এই সময় স্থাপন করিয়া রাখিবে।

গুরুরধ্যান।— ওঁ শুদ্ধস্ফটিকসঙ্কাশং শুদ্ধক্ষৌমবিরাজিতম্। গন্ধানুলেপনং শান্তং বরাভয়করাম্বুজম্। বদ্ধবস্ত্রসমাকীর্ণং দীর্ঘবাহুং মনোহরম্। শ্রবণে কুণ্ডলোপেতং রত্নহারেণ শোভিতম্। গলে পদ্মসহস্রেণ মালয়া শোভিতং বপুঃ। সুখপ্রসন্নবদনং দ্বিনেত্রং ব্রহ্মরূপিণম্। পাদয়োর্নূপুরং রম্যং ভক্তাভীষ্টপ্রদায়কম্। বামোরুন্যস্তশক্তিঞ্চ রক্তবর্ণাং মনোহরাম্।

পরে বামভাগে গুরু শক্তির ধ্যান করিবে। যথা—ও প্রফুল্ল পদ্মপত্রাক্ষীং ঘনপীনপয়োধরাম্। প্রসন্নবদনাং ক্ষীণমধ্যাং ধ্যায়েচ্ছিবাং গুরুম্। পদ্মরাগসমাভাসাং রক্তবস্ত্রাং সুশোভিতাম্। রত্নকঙ্কনপাণিঞ্চ রত্ননূপুরশোভিতাম্। শরদিন্দুপ্রতীকাশাং বক্তোল্লাষিতকুণ্ডলাম্। স্বনাথবামভাগস্থাং বরাভয়করাম্বুজাম্।

এতৎপাদ্যং ঐঁ শ্রীগুরবে নমঃ, এইরূপে দশোপচারে পূজা করিয়া পরে এতেগন্ধপুষ্পে ওঁ গুরুভ্যো নমঃ, এইক্রমে পূজা করিবে এবং পরমগুরু, পরাপরগুরু ও পরমেষ্ঠি গুরুর পূজা করিবে। পরে এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্ত্যাদি পীঠদেবতাভ্যো নমঃ, বলিয়া পূজা করিবে,. সমর্থ হইলে পৃথক্ পৃথক্ পূজা করিবে। পরে ইষ্ট দেবতার পুনর্ব্বার ধ্যান করিয়া যথাশক্ত্যুপচারে পূজাও করিবে। *

পরে মূলমন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় দান এবং আবরণ দেবতা প্রভৃতির পূজা ও যথাশক্তি ক্রমে, জপ করিয়া, গুহ্যাতি দান ও পুনঃ প্রাণায়াম এবং ইষ্ট দেবতার ও গুরুর প্রণাম করিবে।

---

* কাল্যাদি বিষয়ে, অর্ঘ্যে স্বাহা, পুষ্পে বৌষট্ মধুপর্ক ও আচমনীয় দানে স্বধান্তমন্ত্র ধূপ, দীপ, বস্ত্র ও আভরণ দানে নিবেদয়ামি, অন্যত্র নমঃ, ইত্যাদি বিশেষ বলিতে হইবে।

বিসর্জ্জন বিধি।

ঈশানকোণে ত্রিকোণমণ্ডল করিয়া, সংহার মুদ্রা দ্বারা পূজাধার হইতে একটি নির্ম্মাল্য লইয়া, আঘ্রাণান্তে তেজোময় দেবতাকে শ্বাসপথ দ্বারা হৃৎপদ্মে পূর্ব্ববৎ পুনঃ স্থাপন চিন্তা করিয়া শক্তিবিষয়ে (শোধিকায়ৈ নমঃ) কালিকাদি বিষয়ে (উচ্ছিষ্টচাণ্ডালিন্যৈ নমঃ) বিষ্ণুবিষয়ে (বিশ্বক্সেনায় নমঃ) শিববিষয়ে (চণ্ডেশ্বরায় নমঃ) এইরূপে নির্ম্মাল্য দ্বারা পূজা করিবে।

কালী প্রভৃতি শক্ত্যুপাসকদিগের বিশেষ বিধান এই যে, পূজান্তে দেবতাকে সনির্ম্মাল্য রাখিতে নাই।

পার্থিব শিবপূজাস্থলে বাণলিঙ্গেও পূজা হইবে। বাণলিঙ্গের এবং প্রতিষ্ঠিত শিবলিঙ্গের প্রতিষ্ঠা ও আবাহন নাই, কেবল ধ্যান, স্নান ও পূজা আছে। কেহ কেহ বেদী বিহীন শিবলিঙ্গ স্থলে অষ্টমূর্ত্তি পূজাও করেন না।

বাণলিঙ্গ শিবের ধ্যান।

প্রমত্তং শক্তিসংযুক্তং বাণাখ্যঞ্চ মহাপ্রভং, কামবাণান্বিতং দেবং সংসার দহনক্ষমম্। শৃঙ্গারাদিরসোল্লাসং বাণাখ্যং পরমেশ্বরম্।

বিষ্ণুপাদোদক পানান্তে মস্তকে ধারণ করিবে,—

মন্ত্র।—কৃষ্ণ কৃষ্ণ মহাবাহো ভক্তানামার্ত্তিনাশন।
সর্ব্বপাপ প্রশমনং পাদোদকং প্রযচ্ছ মে। ১।
অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধিবিনাশনম্।
বিষ্ণুপাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহম্। ২।

বিপ্রপাদোদক ধারণ মন্ত্র।

ব্রহ্মাণ্ডোদর মধ্যে তু যানি তীর্থানি সন্তি বৈ।
তানি সর্ব্বাণি তীর্থানি সন্তি বিপ্রপাদোদকে॥
বিপ্রপাদোদকং পীত্বা যাবত্তিষ্ঠতি মেদিনী।
তাবৎ পুরুষ মাত্রেণ পিবন্তি পিতরোদকম্॥

কাম্য ও নৈমিত্তিক পূজাদি প্রকরণ।

আচমন করিয়া শিখা বন্ধন ও মৃত্তিকাদির অভাবে জল দ্বারা তিলক বিশিষ্ট হইয়া, হস্তকুশ উভয় অনামিকাঙ্গুলিতে দিয়া প্রকৃত উত্তরীয় হইয়া সুখাসনে উপবেশন পূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া বলিবে,—

অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং সবাহ্যাভ্যন্তরঃ শুচিঃ। ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যং বরেণ্যং বরদং শুভং, নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ।

সাধারণ সংকল্প বিধি। †

স্বস্তি বাচন।—কুশিতে আতপ চাউল লইয়া কর্ত্তা বলিবেন,

† সংকল্পে তিনপ্রকার মাস ব্যবহার হয় (১১ পৃঃ টী. দেখ)। জন্মাষ্টমী ও জন্মতিথিতে গৌণচান্দ্র, অন্য সকল কার্য্যে প্রায় মুখ্যচান্দ্র, সংক্রান্তি নিমিত্তক কর্ম্মে অনেকে মুখ্যচান্দ্র বলেন। সংক্রান্তি নিমিত্তক কর্ম্মে ভূকম্পাদি অকাল জন্য প্রতিবন্ধক নাই, ইহাতে কর্ম্মে অশেষ ফল সংকল্পে সংক্রান্তি বিহিত কার্য্যে সংক্রান্তির নামোল্লেখ হইবে, যথা— মহাবিষুব সংক্রান্ত্যাং, ইহাতে রাশির উল্লেখ নাই।

কর্ত্তব্যেহস্মিন্ অমুককর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং। কর্ত্তব্যেহস্মিন্ অমুককর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধ্যতাং ওঁ ঋদ্ধ্যতাং ওঁ ঋদ্ধ্যতাং। কর্ত্তব্যেহস্মিন্ অমুককর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি, (বহু কর্ম্মারম্ভে কর্ত্তব্যেষেষু কর্ম্মষু ইত্যাদি)

সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্। ওঁ স্বস্তি ৩। এবং যজুর্ব্বেদীরা বলিবেক। (ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবা স্বস্তি নঃ পূষা বিশ্ববেদা স্বস্তি নস্তার্ক্ষ্যোহরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু)। ওঁ স্বস্তি ৩। বলিয়া ব্রাহ্মণ আতপচাউল ছড়াইবে। কৃতাঞ্জলি হইয়া—ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা, পবনো দিক্‌-পতির্ভূমিরাকাশং খচরামরা ব্রাহ্ম্যং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্।

তাম্রপাত্রে * তিল, তুলসী, ত্রিপত্র, হরিতকী, জল ও গন্ধপুষ্প লইয়া, দক্ষিণ জানু ভূমিতে নত করিয়া বীরাসনে উত্তরাস্য হইয়া উপবিষ্ট হইবে—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ। অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুক দেবতা প্রীতিকামঃ ‡ অমুকদেবতাপূজামহং করিষ্যে।।

---

* সর্ব্বত্র অভগ্ন ও অষ্টাঙ্গুলের অন্যূন পাত্র গ্রাহ্য, পাত্র অভাবে হস্তে করিয়া জল লইয়া সংকল্প করিলেও হইবে। জলে পূর্ব্বমুখ হইয়া সংকল্প করিবে।

‡ উপবাস প্রভৃতি কার্য্যে যদি অল্পকাল স্থায়িনী সেই তিথি হয় তাহাহইলে প্রাতঃ সন্ধ্যার পর সঙ্কল্পের সময় কেবল মাত্র অমুক তিথাবারভ্য বলিবে, বহুতিথি সাধ্য কার্য্যে সমাপ্তিব

সংকল্পান্তে ঈশানকোণের ভূমিতে জলত্যাগ করিয়া কুশি (বা কোশা) অধোমুখে রাখিয়া, কৃতাঞ্জলি হইয়া—'ওঁ দেবোবো দ্রবিণোদা পূর্ণং বিবষ্টাসিচম্। উতবা সিঞ্চধ্বমুপবা প্রণুধ্ব মাদিদ্বো দেব ওহতে।' যজুর্ব্বেদীয়মন্ত্র যথা—ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতিদৈবং তদসুপ্তস্য তথৈবেতি দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু।

এইমন্ত্রে কুশির উপর অক্ষত দিবে। 'ওঁ অয়মারম্ভঃ শুভায় ভবতু ওঁ তৎসৎ, বলিবে। সর্ব্বকর্ম্মারম্ভেই ইহা উচ্চারণীয়।

বরণ প্রণালী।

সংকল্পাদি করিয়া পূর্ব্বাস্য কর্ত্তা কৃতাঞ্জলি হইযা বলিবেন,—'ওঁ সাধু ভবানাস্তাং (বৃতি) 'ওঁ সাধ্বহমাসে' কর্ত্তা—'ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তং' (বৃতি) 'ওঁ অর্চ্চয় পরে কর্ত্তা সপুষ্প আসন বস্ত্রাদি পুরোহিত হস্তে দিয়া, অক্ষত দ্বারা তাঁহার দক্ষিণ জানু ধরিয়া বলিবেন,—'বিষ্ণুরোমিত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুক-

---

নির্দ্দিষ্ট তিথি থাকিলে অমুক তিথাবারভ্য অমুকতিথিং যাবৎ বলিবে। সাধারণ কার্য্যে শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ, বলিলেই হইবে। কর্ম্মের ফলভাগী (স্বয়ং না হইয়া) পিত্রাদি বা যজমান হইলে "করিষ্যামি" বলিবে।

যদি প্রতিনিধি হইয়া যজমানাদির কার্য্য করিতে হয়, তাহা হইলে বিষ্ণুরোমিত্যাদি অমুক গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (স্বনাম বলিয়া) অমুক গোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ ইত্যাদি বলিবে। ইহারা স্বয়ং সংকল্প করিলে অমুক গোত্রঃ অমুক দেবশর্ম্মা অমুক-গোত্রা অমুকী দেবী যথাস্থানে পরিবর্ত্তিত করিয়া বলিবে।

দেবশর্ম্মা মৎসংকল্পিতঅমুকপূজাকর্ম্মণি পূজককর্ম্মকরণায় অমুক গোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণমভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। বৃতি বলিবে 'ওঁ বৃতোঽস্মি' (কর্ত্তা) 'যথাবিহিতং অমুককর্ম্ম কুরু' (বৃতি) 'যথাজ্ঞানং করবাণি' এইরূপে বলিবেন।

অথ ঘটস্থাপন।

জলপূর্ণ ঘটের নিম্নে মৃত্তিকা ও পঞ্চশস্য (যব, শ্বেতসর্ষপ, মাসকলাই, তিল ও ধান্য) দিয়া, উপরে পঞ্চপল্লব (অশ্বত্থ, বট, আম্র, পাকুড়, যজ্ঞডুম্বুর) অভাবে মাত্র আম্রপল্লব দিবে, তদুপরি কার্য্য বিশেষে তণ্ডুলপূর্ণ সরা ও সবৃন্তনারিকেল, অভাবে রম্ভাদি ফল এবং আলতা, মাল্য ও পুষ্প দিবে এবং কুম্ভকে বস্ত্রাচ্ছাদিত করিয়া, কুম্ভের গাত্রে দধ্যক্ষত দিয়া, সিন্দূরের এক পুত্তলি করিয়া দিবে। শান্তি কুম্ভাদিতে (কার্য্যবিশেষে) পঞ্চরত্ন দিবে, যথা—স্বর্ণ, রৌপ্য, মণি, মুক্তা, প্রবাল।

ব্রতাদির সংকল্পে অদ্যেত্যাদি অমুক তিথৌ অদ্যারভ্য সপ্তবর্ষং যাবৎ অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী সলক্ষ্মীকবিষ্ণুপ্রীতিকামা প্রতি বর্ষ শুক্লসপ্তম্যাং যথোক্তবিধিনা ললিতাসপ্তমী ব্রতমহং করিষ্যে, ইত্যাদি যথাসঙ্গত বলিবে।

স্ত্রী ও শূদ্র কর্ত্তৃক সংকল্প বাক্যে 'ওঁ সূর্য্যঃ সোমঃ—এই মন্ত্রটি পৌরাণিক হেতু পাঠ্য, অপর মন্ত্রাদি ব্রাহ্মণ দ্বারা পাঠ করাইবে।

* ব্রত প্রতিষ্ঠাদিতে ঠাকুর, গুরু, পুরোহিত, ব্রহ্মা, হোতা, তন্ত্রধারক, সদস্য, যথাক্রমে বরণ হইবে। অভাব ও অসমর্থ স্থলে, "ভগবন্ নারায়ণ ত্বং সদস্যো ভব" কেবল ইহা বলিয়াই (বস্ত্রাদি না দিয়াও) নারায়ণে সদস্যাদির বরণ করা ব্যবহার আছে।

ঘটস্থাপন ক্রম।—ভূমি, ধান্য, জলপূর্ণ ঘট, সিন্দূর, পল্লব, ফল ও পুষ্প, পরে স্থিরীকরণ করিবে।

ভূমি ধরিয়া,—ওঁভূমিরন্তরীক্ষং দ্যৌ দ্বা ভূতায়াঃ। ১।

ধান্য ধরিয়া,—ওঁ ধানাবন্তং করম্ভিনমপূপবন্তমুক্থিনম্। ইন্দ্র প্রাতর্জ্জুষস্ব নঃ। ২।

ঘট ধরিয়া,—ওঁ আবিশন্ কলসং সুতে বিশ্বা অর্হন্নভিশ্রিয়ঃ ইন্দোরিন্দ্রায় ধীমতে। ৩।

সিন্দূর ধরিয়া,—ওঁ সিন্দোরুচ্ছ্বাসে পতন্ত (পতয়ন্ত) মুক্থিনং হিরণ্যপাবা পশুমপ্সু গৃভ্নতে। ৪।

পল্লব ধরিয়া,—ওঁ অযমূর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীব ফলিনী ভব পর্ণং বৃহস্পতে (বনস্পতে) নূত্বা নূত্বা চ সূয়তাং রয়িঃ। ৫।

জল ধরিয়া,—ওঁ উদুত্তমং বরুণপাশমস্মদ্বাধমং বিমধ্যমং শ্রথায় যথাদিত্যব্রতে বয়ং তবানাগশোঽদিতয়ে স্যামঃ। ৬।

ফল ধরিয়া,—ওঁ ইন্দ্রন্নরো নেমধিতা হবন্তে যৎপার্য্যাযু নয়তে বিয়ন্তাঃ স্থরো নৃষতো শ্রবসশ্চ কাম আগো মতিব্রজে ভজাত্বন্নঃ। ৭।

পুষ্প ধরিয়া,—ওঁ পবমানং ব্যঞ্জুহি রশ্মিভির্ব্বাজসাতমঃ দধৎ-স্তোত্রে সুবীর্য্যম্। ৮।

স্থিরীকরণ,—ওঁ ধ্রুবতঃ পুরুবসো বরমিন্দ্রং প্রণেত, সিস্থাতর্হরীণাং, ওঁ স্থাং স্থীং স্থিরো ভব। ৯। কৃতাঞ্জলি ওঁ সর্ব্ব-তীর্থোদ্ভবং বারি সর্ব্বদেবসমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবগণৈঃ সহ। পরে ঘটে গায়ত্রী পাঠ করিবে।

কার্য্যবিশেষে কুম্ভের চতুষ্কোণে কাণ্ডচতুষ্টয় আরোপণ করাইয়া পাঁচ বা সাতথেয়া সূত্র বেষ্টন করা হয়।

কাণ্ডারোপণ মন্ত্রঃ।—ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পুরুষঃ পুরুষঃ পরি এবানো, দূর্ব্বে প্রতনু সহস্রেন শতেন চ।

যজুর্ব্বেদী ঘটস্থাপন মন্ত্র।

ভূমি ধরিয়া,—ওঁ ভূরসি ভূমিরস্যদিতিরসি বিশ্বধাবা বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী পৃথিবীং যচ্ছ পৃথিবীং দৃংহঃ পৃথিবীং মা হিংসীঃ। ১।

ধান্য ধরিয়া,—ওঁ ধান্যমসি বিনুহি দেবান্ ধিনুহি যজ্ঞং বিনুহি যজ্ঞপতিং ধিনুহি মাং যজ্ঞন্যম্। ২।

ঘট ধরিয়া,—ওঁ আজিঘ্রকলসং মহ্যা ত্বাবিশন্ত্বিন্দবঃ পুন রুর্জ্জা নিবর্ত্তস্ব স্বা নঃ সহস্রং ধুক্ষোরুধারা পয়স্বতী পুনর্মা বিশতাদ্রয়ি। ৩।

জল ধরিয়া,—ওঁ বরুণস্য স্তম্ভনমসি বরুণস্য স্কম্ভঃ সর্জ্জনী স্থো বরুণস্য ঋতসদন্যসি বরুণস্য ঋতসদনমসি বরুণস্য ঋত সদনী মাসীদ। ৪।

পল্লব ধরিয়া,—ওঁ ধন্বনাগা ধন্বনাজিং জয়েম ধন্বনাতীব্রাঃ সমদো জয়েম ধন্বঃ শত্রোরপকামং কৃণোতু ধন্বনাঃ সর্ব্বাঃ প্রদিশো জয়েম।

ফল ধরিয়া,—ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণী বৃহস্পতিঃ প্রসূতাস্তানো মুঞ্চন্ত্বংহসঃ।

সিন্দূর ধরিয়া,—ওঁ সিন্দূরেব প্রাধ্বনেহশূঘনাশো বাতপ্রমীষঃ পতয়ন্তি বহ্বামৃতস্য ধারা অরুষোনবাজী কাষ্ঠাভিন্দন্নূর্ম্মিভিঃ পিন্নমানঃ।

পুষ্প ধরিয়া,—ওঁ শ্রীশ্চতে লক্ষ্মীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে

নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাপ্তমিষ্টং নিশানমুম্মঈশানঃ সর্ব্বলোক মঈশানঃ।

পরে সর্ব্বতীর্থোদ্ভবং বারি ইত্যাদি মন্ত্র পাঠের পর স্থিরীকরণ মন্ত্র পাঠ করিবে যথা,—ওঁ স্থিরোভব বিড্ড্বঙ্গ আশুর্ভব বাযুর্ব্বণ পৃথুর্ভব সুমদস্ত্বমগ্নে পুরীষবাহন্ স্থাং স্থীঁ স্থিরো ভব।

চক্ষুর্দ্দান।

বিল্বপত্রে ঘৃত লেপন পূর্ব্বক দীপশিখায় কজ্জল করিয়া ও অপর বিল্বপত্র বৃন্তদ্বারা (মন্ত্র না থাকিলে) গায়ত্রী পাঠ করিতে করিতে প্রতিমাস্থ দেবতার অগ্রে দক্ষিণ পরে বাম চক্ষুতে কজ্জল দিবে। (ত্রিনেত্রা দেবতা হইলে অগ্রে উর্দ্ধ চক্ষে দিবে)

প্রাণপ্রতিষ্ঠা।

দেবতার গণ্ডে হস্তার্পণ করিয়া বলিবে,—ওঁ আং হ্রীং ক্রোঁ যং রং লং বং শং ষং সং হোঁ হং সঃ ভগবত্যাঃ প্রাণা ইহ প্রাণাঃ। প্রত্যেকে ওঁ আং হ্রীং ক্রোঁ ইত্যাদি বলিয়া, ভগবত্যা জীব ইহ স্থিতঃ' এবং ওঁ আমিত্যাদি ভগবত্যা 'সর্ব্বেন্দ্রিয়াণি' তথা ওঁ আমিত্যাদি ভগবত্যা 'বাঙ্ মনশ্চক্ষুঃ-শ্রোত্র ঘ্রাণ প্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা।'

দেবীর হৃদয়ে দূর্ব্বাক্ষত ও পুষ্প ধারণ করিয়া বলিবে,—ওঁ মনোজ্যোতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু, বিশ্বেদেবাস ইহ মাদয়ন্তা মোম্ প্রতিষ্ঠ।'

ওঁ অস্যৈ * প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্যৈ প্রাণাঃ ক্ষরন্তু চ অস্যৈ দেবত্ব সংখ্যায়ৈ স্বাহা।

পরে নিত্য পূজাস্থলে লিখিত সামান্যার্ঘ্য হইতে ভূতাপসারণ পর্য্যন্ত কার্য্য যথাক্রমে করিবে।

ভূতশুদ্ধি।—'রং' মন্ত্র বলিয়া জল দ্বারা চতুর্দ্দিক বেষ্টন পূর্ব্বক নাভির অধোভাগে বাম হস্তের অঙ্গুলির অগ্রে দক্ষিণ হস্তের অঙ্গুলির অগ্রভাগ সংলগ্ন করাইয়া চিন্তা করিবে। যথা—"ওঁ সোহমিতি মন্ত্রেণ জীবাত্মানং দীপকলিকাকারং মূলাধারস্থকুলকুণ্ডলীন্যা সহ সুষুম্নাবর্ত্মনা মূলাধারস্বাধিষ্ঠানমণিপুরানাহতবিশুদ্ধাজ্ঞাখ্য ষট্চক্রাণি ভিত্ত্বা শিরোঽবস্থিতাধোমুখসহস্রদলকমলকর্ণিকান্তর্গতপরমাত্মনি সংযোজ্য তত্রৈব পৃথিব্যপ্তেজো বায়্বাকাশ গন্ধ রূপ রস স্পর্শ শব্দ নাসিকা জিহ্বা চক্ষুস্তক্ শ্রোত্র বাক্পাণি পাদ পায়ূপস্থ প্রকৃতি মনো বুদ্ধ্যহংকারশ্চতুর্ব্বিংশতি তত্ত্বানি লীনানি বিভাব্য।" এই রূপ চিন্তা করিয়া, প্রাণায়ামের ন্যায় দক্ষিণাঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণ নাসাপুট ধারণ পূর্ব্বক বাম হস্তে নিম্নোক্ত মন্ত্র জপ করিতে করিতে পূরক, কুম্ভক ও রেচক করিবে।

মন্ত্র।—যং ১৬।৬৪।৩২॥ বিপরীত ক্রমে রং ১৬।৬৪।৩২॥ পূর্ব্ব ক্রমে ঠং ১৬। বং ৬৪। লং ৩২। জপ করিয়া আপনাকে নিষ্পাপ জ্ঞান করিবে।

মাতৃকান্যাস।

অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্মর্ষির্গায়ত্রী ছন্দো মাতৃকা সরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়োঽব্যক্তং কীলকং মাতৃকা-

---

* পুরুষ দেবতা হইলে অস্মৈ বলিবে।

ন্যাসে (লিপিন্যাসে) বিনিয়োগঃ। শিরসি ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ মুখে ওঁ গায়ত্রীছন্দসে নমঃ হৃদি ওঁ মাতৃকাসরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ গুহ্যে ওঁ হল্‌ভ্যো বীজেভ্যো নমঃ পাদয়োঃ ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ সর্ব্বাঙ্গেঽব্যক্তকীলকায় নমঃ এই মন্ত্রে যথাকথিত স্থান সকল স্পর্শ করিয়া আদিতে হ্রস্ব ও অন্তে তাহার দীর্ঘস্বর যোগপূর্ব্বক পাঁচ পাঁচ ব্যঞ্জন বর্ণ দ্বারা করন্যাস ও অঙ্গন্যাস করিবে। যথা।—অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি এবং অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ ইত্যাদি অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্ এইরূপ যথাক্রমে ন্যাস করিবে।

মাতৃকাধ্যান।—ওঁ পঞ্চাশল্লিপিভির্ব্বিভক্ত মুখদোঃ পন্মধ্য-বক্ষঃস্থলাং ভাস্বন্মৌলিনিবদ্ধচন্দ্রসকলামাপীনবক্ষোরুহাম্। মুদ্রা-মক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈর্বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্দেবতামাশ্রয়ে॥” এই ধ্যানের পর একটী পুষ্প দ্বারা নমোঽন্ত বর্ণোচ্চারণ পূর্ব্বক দক্ষিণাঙ্গ ক্রমে যথাস্থান স্পর্শ করিবে।

যথা।—(ললাটে) অং নমঃ এই ক্রমে (মুখে) আং (চক্ষুর্দ্বয়ে) ইং ঈং (কর্ণদ্বয়ে) উং ঊং (নাসাপুটদ্বয়ে) ঋং ৠং (গণ্ডদ্বয়ে) ঌং ৡং (ওষ্ঠদ্বয়ে) এং ঐং (ঊর্দ্ধাধদন্তে) ওং ঔং (মস্তকে) অং (মুখে) অঃ নমঃ।

(দক্ষিণ বাহুমূলে) কং নমঃ (কূর্পরে) খং (মণিবন্ধে) গং (অঙ্গুলিমূলে) ঘং (অঙ্গুল্যগ্রে) ঙং (এইরূপ বামবাহুর পাঁচ স্থানে) চং ছং জং ঝং ঞং (এবং দক্ষিণ পাদমূল

হইতে পাঁচ স্থানে) টং ঠং ডং ঢং ণং (ঐরূপ বামপাদে) তং থং দং ধং নং (দক্ষিণ ও বামপার্শ্বে) পং ফং (পৃষ্ঠে) বং (নাভিতে) ভং (উদরে) মং (হৃদয়ে) যং (উভয় বাহুমূলে) বং লং (ককুদি) বং (হৃদয়াদি দক্ষিণকরে) শং (হৃদযাদি বামকরে) ষং (হৃদয়াদি দক্ষিণপাদে) সং (হৃদয়াদি বামপাদে) হং (হৃদয়াদি উদরে) লং (হৃদয়াদি মুখে) ক্ষং নমঃ।

পীঠন্যাস।

স্বহৃদয়ে দক্ষিণকরাঙ্গুলির অগ্রভাগ সংস্থাপন করিযা।— ওঁ আধার শক্তয়ে নমঃ [এইরূপ ওঁকাব আদি নমোহন্ত মন্ত্র প্রয়োগ সর্ব্বত্র] প্রকৃত্যৈ কূর্ম্মায় অনন্তায পৃথিব্যৈ ক্ষীরসমুদ্রায় রত্নদ্বীপায় মণিমণ্ডপায় কল্পবৃক্ষায রত্নবেদীকায়ৈ (দক্ষিণ ও বামস্কন্ধে) ধর্ম্মায জ্ঞানায় (উরুদ্বয়ে) বৈবাগ্যায ঐশ্বর্য্যায (মুখে) অধর্ম্মায় (উভয় পার্শ্বে) অজ্ঞানায় অবৈরাগ্যায (নাভিতে) অনৈশ্বর্য্যায (পুনশ্চ হৃদয়ে) অনন্তায পদ্মায় অং অর্কমণ্ডলায় দ্বাদশ কলাত্মনে নমঃ; উং সোমমণ্ডলায় ষোড়শ-কলাত্মনে নমঃ; মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ। সং সত্বায রং রজসে তং তমসে আং আত্মনে অং অন্তবাত্মনে, পং পরমাত্মনে হ্রীং জ্ঞানাত্মনে নমঃ।

পরে নিত্যপূজোক্ত প্রাণায়াম করাঙ্গন্যাস ও অঙ্গন্যাস করিবে এবং গণেশাদি দেবতার পূর্ব্বোক্তক্রমে যথা শক্ত্যুপচারে পূজা করিয়া মূলদেবতার পূজা করিবে।

সরস্বতীর ধ্যান। *

ওঁ তরুণসকলমিন্দোর্ব্বিভ্রতী শুভ্রকান্তিঃ কুচভরনমিতাঙ্গী সন্নিষন্না সিতাব্জে। নিজকরকমলোদ্যল্লেখনী পুস্তক শ্রীঃ সকল বিভবসিদ্ধ্যৈ পাতু বাগ্দেবতা নঃ।

ধ্যানান্তে পুষ্প মস্তকে দিয়া বিশেষার্ঘ্য করিয়া পীঠন্যাসোক্ত ক্রমে আধারশক্ত্যাদি পীঠদেবতা পূজার পর পুনর্ধ্যান এবং আবাহনান্তে পূজা করিবে।

ষোড়শোপচারপূজা। † ষোড়শোপচার দ্রব্য।—আসন স্বাগত পাদ্য অর্ঘ্য আচমনীয় মধুপর্ক আচমনীয় স্নানীয় বসন অভরণ গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য বন্দন ও প্রণাম ‡

---

* সংকল্পে সরস্বতী প্রীতিকামঃ সরস্বতী পূজামহং করিষ্যে এক দেবতার পূজা উপলক্ষে অন্য দেবতার অর্চ্চনা হইলে মূল দেবতার অগ্রে পূজা কর্ত্তব্য কিন্তু সর্ব্বত্র গণেশাদি দেবতা সর্ব্বাগ্রে পূজিত হইয়া থাকেন।

† এইরূপ বাহুল্যপূজা প্রতিমাতেই প্রায় ব্যবহার আছে পদ্ধতিতে বিশেষ না থাকিলে দুর্গোৎসবাদি বৃহৎপূজা ও ন্যাসাদির সাধারণ ক্রম এবং পূজাপদ্ধতি দৃষ্টান্তে যাবতীয় পূজা হইবে।

‡ দেবতার দক্ষিণে ধূপ ও বামে দীপ দিতে নিষেধ। সমস্ত দ্রব্যই সম্মুখে বা দক্ষিণপার্শ্বে রাখা উচিত। নৈবেদ্যাদি দেবতার পশ্চাদ্ভিন্ন সর্ব্ব স্থানেই রাখিবে। স্বর্ণোদক স্পর্শে পূজার্হ পর্য্যুষিতাদি দ্রব্যও শুদ্ধ হয় এবং কুশোদক ও শুদ্ধ।

অথ প্রদক্ষিণ বিধি।

অর্ঘ্যযুক্ত শঙ্খ হস্তে করিয়া, স্তব পাঠ করিতে করিতে দেবতার সম্মুখ হইতে দক্ষিণাবর্ত্তে প্রদক্ষিণ করিবে।

চণ্ডীকে একবার, বিষ্ণুকে চারিবার, সূর্য্যকে সপ্তবার, অন্যান্য সাধারণ দেবতাকে তিন তিন বার এবং শিবকে অর্দ্ধ ক্রমে তিনবার প্রদক্ষিণ (৭৮ পৃঃ) করিতে হইবে, পরে প্রণাম মন্ত্রে দেবতার প্রণাম করিবে।

পরে যাঁহার বলিদান আছে, বলিদানের পর ভোগ দ্রব্য উৎসর্গ করিবে। দুর্গোৎসবাদি বৃহৎ পূজাতে যাহার যেরূপ কৌলিক আছে সেই নিয়মে কার্য্য করিবে।

অথ আরত্রিক বিধি।

কোশার বামপার্শ্বে ত্রিকোণমণ্ডলের উপর দীপ রাখিয়া "এতস্মৈ আরত্রিক দীপায় নমঃ" বলিয়া তিনবার অর্চ্চনা করিয়া, 'অমুক দেবায় নমঃ' বলিয়া দশবার জপ পূর্ব্বক উত্তরীয় ধারণানন্তর আসনের পার্শ্বে ভূমিতে দণ্ডায়মান হইয়া ঘণ্টা বাজাইতে বাজাইতে (ঘণ্টা আধারে রাখিতে হয়) আরত্রিক করিবে।

দীপ দ্বারা দেবতার পদ সন্নিকটে চারিবার, নাভিদেশে দুইবার, মুখমণ্ডলে তিনবার, সর্ব্বাঙ্গে সপ্তবার আরত্রিক করিবে। (কর্পূরদীপের আরত্রিক ও নিবেদন পূর্ব্বক দীপের ন্যায় ব্যবহার আছে) পরে জলপূর্ণ-শঙ্খ দ্বারা (শঙ্খ হইতে এক একটু জল

ভূমিতে তিনবার ত্যাগ করিবে) সপ্তবার আরত্রিক ব্যবহার আছে। তৎপরে বস্ত্র বিল্বপত্র ও পুষ্প এবং চামরাদি দ্বারা প্রত্যেকে আরত্রিক করিয়া অষ্টাঙ্গে প্রণাম করিবে। সর্ব্বত্র দীপের ক্রমেই আরত্রিক করিবে। পরে কাম্য বৈদিক পূজায় বৈদিক হোম এবং তান্ত্রিক পূজায় তান্ত্রিক হোম করিতে হইবে।

অথ সামবেদী শান্তিদান।

ওঁ মহাবামদিব্য ঋষির্ব্বিরাড়্ গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা শান্তিকর্ম্ম জপে বিনিয়োগঃ। ওঁ কয়ানশ্চিত্র আভূব দূতীঃ সদা বৃধঃ সখাকয়া সচীষ্টয়া বৃতা।১। ওঁ কস্ত্বাসত্যো মদানা-মংহিষ্টো মৎসদন্ধসঃ দৃঢ়াচিদারুজেবসু।২। ওঁ অভীষুণঃ সখীনামবিতা জরীতৃণাং সতং ভবাঃ স্যূতয়ে।৩। ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যো২রিষ্ট-নেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ॥৪॥

যজুর্ব্বেদী শান্তি।

সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মাবিষ্ণুমহেশ্বরাঃ।
বাসুদেবো জগন্নাথস্তথা শঙ্কর্ষণঃ প্রভুঃ॥
প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায়তে।
আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নৈঋতস্তথা।
বরুণঃ পবণশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ।
ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্‌পালাঃ পান্তু তে সদা।

ওঁ কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমা মতিঃ।
বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তিস্তুষ্টিঃ কান্তিশ্চ মাতরঃ।
এতাস্ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মপালাঃ সুসংযতাঃ।
আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ।
গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ।
ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ।
দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্সরসাঙ্গণাঃ।
অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ।
ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে।
সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ।
দেবদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ।
এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে॥

ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু। ওঁ স্বস্তি ৩।

দক্ষিণান্ত প্রকরণ *।

কাঞ্চন খণ্ডাদি থাকিলে 'এতস্মৈ কাঞ্চন খণ্ডায় নমঃ' দাক্ষিণা উপস্থিত না থাকিলে হরিতকী দ্বারাও দক্ষিণান্ত হয়

---

* ব্রত প্রতিষ্ঠাদিতে প্রথম শান্তি পরে তিলক এবং শেষ দক্ষিণা, কিন্তু একদিন সাধ্য যাবতীয় কার্য্যেই এই ক্রম জানিবে দুর্গোৎসবে ইহার অন্যথা হইয়া থাকে। নবমীতে হোমীয় তিলক দানের পর দক্ষিণান্ত করিয়া দশমীতে বিসর্জ্জনের পর শান্তিদান, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধানাদি করা হইয়া থাকে।

যথা—'এতস্মৈ হরিতকীফলায় নমঃ' পূজার উপচার দ্রব্যের ন্যায় অর্চ্চনাদি করিয়া,—বিষ্ণুরোম্ তৎসদিত্যাদি অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা (অন্যের কার্য্য হইলে নিজ নাম উল্লেখের পর "অমুক গোত্রস্য শ্রীঅমুক দেবশর্ম্মণঃ") কৃতৈতৎ মৎ-সংকল্পিত অমুক কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণাং তৎ কাঞ্চন খণ্ডং (হরিতকী হইলে হরিতকী ফলং) শ্রীবিষ্ণুদৈবতং অমুক দেব-তায়ৈ (ব্রাহ্মণ হইলে যথা সম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায়) তুভ্য-মহং সম্প্রদদে। কর্ম্মের ফলভোগী স্বয়ং না হইলে 'দদানি' বলিবে। পরে আত্ম সমর্পণের পর বিসর্জ্জন করিবে।

অচ্ছিদ্রাবধারণ।—হস্তে কিঞ্চিৎ জল লইয়া বলিবে,—'বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষেঽমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা কৃতৈতৎ অমুক কর্ম্মাচ্ছিদ্রমস্তু।

বৈগুণ্য সমাধান।—হস্তে জল লইয়া,—বিষ্ণুরোমিত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা (স্বনাম উচ্চারণ করিয়া) কৃতেঽস্মিন্ অমুক কর্ম্মণি যৎ বৈগুণ্যং জাতং তদ্দোষ প্রশম-নায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে।

সংকল্পিত কর্ম্ম মাত্রেই দক্ষিণা আছে। সংকল্প সময় যাহার নাম উল্লেখ থাকিবে, দক্ষিণা সময়ও তাঁহারই নাম উল্লেখ হইবেক। দেব উদ্দেশে দান করিলেও দ্রব্যাদি বিপ্রসাৎ করিবে। তৎকালীন দক্ষিণা অভাবে কোশার জলে দক্ষিণ হস্তের উপর বাম হস্ত অধোমুখে রাখিয়া দক্ষিণা বাক্য পাঠ করাও ব্যবহার আছে। কার্য্য সমাপনের সময় কিঞ্চিৎ দক্ষিণা দিলেও যথোক্ত ফল লাভ হইবে, কিন্তু বিলম্বে দক্ষিণা দানে সমফল লাভ হয় না।

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং—ইত্যাদি মন্ত্র স্মরণ করিয়া দশবার বিষ্ণুনাম করিবে।

ক্ষমা প্রার্থনা।

ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ।
তস্মিন্ তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ। ১।
অজ্ঞানাৎ যদিবা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ।
স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাদিতি শ্রুতিঃ। ২।
যদসাঙ্গং কৃতং কর্ম্ম জানতা বাপ্যজানতা।
সাঙ্গং ভবতু তৎ সর্ব্বং শ্রীহরের্নামকীর্ত্তনাৎ (শ্রীহরিঃ ৩)।৩।
যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ।
পূর্ণং ভবতু তৎ সর্ব্বং তৎপ্রসাদাজ্জনার্দ্দন। ৪।

'এতৎ কর্ম্মফলং শ্রীকৃষ্ণায় অর্পণমস্তু' বলিয়া একটু জল ভূমিতে ফেলিবে, পরে নারায়ণের প্রণাম মন্ত্রে প্রণাম করিবে।

লক্ষ্মীপূজা প্রকরণ *।

আচমন পূর্ব্বক, কর্ত্তব্যেঽস্মিন্ লক্ষ্মীপূজা কর্ম্মণি ওঁ পুণ্যাহং ইত্যাদি, সঙ্কল্পে—অগ্যেত্যাদি—লক্ষ্মী প্রীতিকামো লক্ষ্মীপূজামহং

---

* শুক্লপক্ষে এবং ত্র্যহস্পর্শ সংক্রান্তি রিক্তা নন্দা দ্বাদশী অষ্টমী ও ত্রয়োদশী ভিন্ন তিথিতে, গুরুবার অভাবে রবি ও সোমবারে লক্ষ্মীপূজা কর্ত্তব্য। চৈত্র মাসের পঞ্চমী, পৌষ মাসের দশমী ও ভাদ্র মাসের পূর্ণিমাতে গুরুবার পাইলে লক্ষ্মীপূজা প্রশস্ত, বিহিত তিথির অভাবে শুক্লপক্ষের নিষিদ্ধ তিথিতেও পূজা হইবে।

করিষ্যামি (বা করিষ্যে)। সামান্যার্ঘ্যাদি করিয়া গণেশাদি দেবতা পূজা পূর্ব্বক যথাশক্ত্যুপচারে লক্ষ্মী, নারায়ণ ও কুবেরের পূজা করিবে।

কুবেরের ধ্যান।—কুবেরং ধনদং খর্ব্বং দ্বিভুজং পীতবাসসম্।
প্রসন্নবদনং দেবং যক্ষ গুহ্যক সেবিতম্॥

প্রণাম।—ধনদায় নমস্তুভ্যং নিধিপদ্মাধিপায় চ।
ভবন্তু ত্বৎ প্রসাদান্মে ধনধান্যাদি সম্পদঃ॥

মনসার ধ্যান।—দেবীমম্বামহীশাং শশধরবদনাং চারুকান্তিং বদন্যাং হংসারূঢ়ামুদারামরুণিতবসনাং সেবিতাং সিদ্ধিকামৈঃ। স্মেরাস্যাং মণ্ডিতাঙ্গীং কণকমণিগণৈর্নাগ রত্নৈরনেকৈর্বন্দেঽহং সাষ্টনাগামুরুকুচযুগলাং ভোগিনীং কামরূপাম্॥

এতৎ পাদ্যং ওঁ মনসা দেব্যৈ নমঃ। এইরূপ সর্ব্বত্র।

প্রণাম।--আস্তিকস্য মুনের্মাতা ভগিনী বাসুকেস্তথা।
জরৎকারুমুনেঃ পত্নী মনসা দেবী নমোঽস্তু তে॥

অষ্টনাগ।—অনন্ত, বাসুকি, পদ্ম, মহাপদ্ম, তক্ষক, কুলীরক কর্কট ও শঙ্খ॥

অনন্তনাগ পূজান্তে পুষ্পাঞ্জলি দান মন্ত্রঃ, ওঁ যোঽসাবনন্ত রূপেণ ব্রহ্মাণ্ডং সচরাচরম্। পুষ্পবৎ ধারয়েন্মূর্দ্ধ্নি তস্মৈ নিত্যং নমো নমঃ॥ পঞ্চোপচারে পূজা করিবে।

শীতলার ধ্যান। ওঁ শ্বেতাঙ্গীং রাসভস্থাং করযুগবিলসন্মার্জ্জনীপূর্ণকুম্ভাং মার্জ্জন্যা পূর্ণকুম্ভাদমৃতময়জলং তাপশান্ত্যৈ ক্ষিপন্তীম্। দিগ্বস্ত্রাং মূর্দ্ধ্নি সূর্পাং কণকমণিগণৈর্ভূষিতাঙ্গীং ত্রিনেত্রাং বিস্ফোটাদ্যুগ্রতাপপ্রশমনকরীং শীতলাং ত্বাং ভজামি॥

এতৎ পাদ্যং ওঁ হ্রীঁ শ্রীঁ শীতলায়ৈ নমঃ।

প্রণাম মন্ত্র।—নমামি শীতলাং দেবীং রাসভস্থাং দিগম্বরীম্। মার্জ্জনীকলসোপেতাং সূর্পালঙ্কৃতমস্তকাম্॥

গঙ্গার ধ্যান।—চতুর্ভুজাং ত্রিনেত্রাঞ্চ সর্ব্বাবয়ব ভূষিতাম্। রত্নকুম্ভাং সিতাম্ভোজাং বরদামভয়প্রদাম্॥ শ্বেতবস্ত্র পরীধানাং মুক্তামণিবিভূষিতাম্। ততো ধ্যায়েৎ স্বরূপাঞ্চ চন্দ্রাযুত সমপ্রভাম্॥ চামরৈর্বীজ্যমানাঞ্চ শ্বেতচ্ছত্রোপশোভিতাম্। সুপ্রসন্নাং সুবদনাং করুণার্দ্রনিজান্তরাম্॥ সুধাপ্লাবিতভূপৃষ্ঠামাদ্রগন্ধানুলেপনাম্। ত্রৈলোক্য নমিতাং গঙ্গাং দেবাদিভিরভিষ্টুতাম্॥

পূজামন্ত্র।—'এতৎ পাদ্যং, ওঁ গাং গঙ্গায়ৈ বিশ্বমুখ্যায়ৈ শিবামৃতায়ৈ শান্তিপ্রদায়িন্যৈ নারায়ণ্যৈ নমো নমঃ'।

জপমন্ত্র।—"ওঁ গঙ্গায়ৈ শিবায়ৈ নারায়ণ্যৈ নমো নমঃ"।

প্রণাম ৯ পৃঃ।

।বিষ্ণুর ধ্যান।—ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তীত্যাদি।

কৃষ্ণের ধ্যান।—ওঁ ফুল্লেন্দী বরকান্তিমিন্দুবদনং বর্হাবতংস প্রিয়ম্।
শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরম্॥
গোপীনাং নয়নোৎপলার্চ্চিততনুং গো গোপসঙ্ঘাবৃতম্।
গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষং ভজে॥

কৃষ্ণের প্রণাম।—নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

গোপাল ধ্যান। শ্রীমৎকল্পদ্রুমূলোদ্গতকমললসৎকর্ণিকাসংস্থিতো য-
গুচ্ছাথালম্বি পদ্মোদর বিসরদসংখ্যাতরত্নাভিষিক্তঃ।

হেমাভঃ স্ব প্রভাভিস্ত্রিভুবনমখিলং ভাসয়ন্ বাসুদেবঃ,
পায়াদ্বঃ পায়সাদোঽনবরতনবনীতামৃতাশী বশী সঃ।

দ্বাদশ গোপালের নাম।—কেশব, অচ্যুত, গোবিন্দ, পদ্মনাভ, ত্রিবিক্রম, বাসুদেব, হৃষিকেশ, পুণ্ডরীকাক্ষ, বামন। নরসিংহ, হয়গ্রীব ও নারায়ণ॥

রাধিকার ধ্যান।—তপ্তহেমপ্রভাং চারুকুন্তলে বঙ্গমল্লিকাম্।
শরচ্চন্দ্রমুখীং নিত্যাং চকোরীং চঞ্চলেক্ষণাম্॥
বিম্বাধরস্মিতজ্যোৎস্নাজগজ্জীবনদায়িকাম্।
চারুন্নতস্তনালম্বিমুক্তাদামসুশোভিতাম্॥
ক্ষীণমধ্যাং পৃথুশ্রোণীং কিঙ্কীনীজালমণ্ডিতাম্।
সখীনাং গণমধ্যস্থাং সর্ব্বাভরণভূষিতাম্॥
কৃষ্ণপার্শ্বস্থিতাং দেবীং কৃষ্ণপ্রেমৈকবিগ্রহাম্।
আনন্দরসসংমগ্নাং কিশোরীমাশ্রয়াং ভজে॥

প্রণাম।—রাধাং রাসেশ্বরীং রম্যাং কনককুণ্ডলমণ্ডিতাম্।
বৃকভানুসুতাং দেবীং তাং নমামি হরিপ্রিয়াম্॥

রামের ধ্যান।—কোমলাঙ্গং বিশালাক্ষমিন্দ্রনীলসমপ্রভম্।
দক্ষিণাংশে দশরথং পুত্রাবেক্ষণতৎপরম্॥
পৃষ্ঠতো লক্ষ্মণং দেবং সচ্ছত্রং কনকপ্রভম্।
পার্শ্বে ভরতশত্রুঘ্নৌ তালবৃন্তকরাবুভৌ।
অগ্রে ব্যগ্রং হনূমন্তং রামানুগ্রহকাঙ্ক্ষিণম্॥

প্রণাম।—রামায় রামচন্দ্রায় রামভদ্রায় বেধসে।
রঘুনাথায় নাথায় সীতায়াঃ পতয়ে নমঃ॥

লক্ষ্মণের ধ্যান।—দ্বিভুজং স্বর্ণরুচিরতনুং পদ্মনিভেক্ষণম্।

ধনুর্ব্বাণকরং রামসেবাসংশক্তমানসম্।
ধ্যায়েদেবং সদা ভক্তো লক্ষ্মণং লক্ষণান্বিতম্॥

সীতার ধ্যান।—নীলাম্ভোজদলাভিরামনয়নাং নীলাম্বরালঙ্কৃতাং,
গৌরাঙ্গীং শরদিন্দুসুন্দরমুখীং বিস্মেরবিম্বাধরাম্।
কারুণ্যামৃতবর্ষিণীং হরিহরব্রহ্মাদিভির্বন্দিতাং,
ধ্যায়েৎ সর্ব্বজনেপ্সিতার্থফলদাং রামপ্রিয়াং জানকীম্॥

জয়দুর্গার ধ্যান।—কালাভ্রাভাং কটাক্ষৈররিকুলভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাং শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈরুদ্বহন্তীং ত্রিনেত্রাম্। সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলং তেজসা পূরয়ন্তীং ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ॥

মঙ্গলচণ্ডীর ধ্যান।—* যৈষা ললিতকান্ত্যাখ্যা দেবী মঙ্গলচণ্ডীকা।
বরদাভয়হস্তা চ দ্বিভুজা গৌরদেহিকা॥
রক্তপদ্মাসনস্থা চ মুকুটোজ্জ্বলমণ্ডিতা।
রক্তকৌষেয়বসনা স্মিতবক্ত্রা শুভাননা॥
নবযৌবনসম্পন্না চার্ব্বঙ্গী ললিতপ্রভা॥

প্রণাম।—সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে॥

কার্ত্তিকের ধ্যান।—কার্ত্তিকেয়ং মহাভাগং ময়ূরোপরিসংস্থিতম্।
তপ্তকাঞ্চনবর্ণাভং শক্তিহস্তং বরপ্রদম্॥
দ্বিভুজং শত্রুহন্তারং নানালঙ্কারভূষিতম্।
প্রসন্নবদনং দেবং কুমারং পুত্রদায়কম্॥

---

* শুক্লপক্ষের মঙ্গলবারে ও অষ্টমীতে মঙ্গলচণ্ডীপূজা প্রশস্ত। চণ্ডী ও মঙ্গলচণ্ডীর প্রণাম মন্ত্র এক।

কার্ত্তিকের প্রণাম।—কার্ত্তিকেয় মহাভাগ গৌরীহৃদয়নন্দন।
পূজাং গৃহাণ দেবেশ বাঞ্ছিতার্থঞ্চ দেহি মে ॥

ষষ্ঠীর ধ্যান।—দ্বিভুজাং হেমগৌরাঙ্গীং রত্নালঙ্কারভূষিতাম্।
বরদাভয়হস্তাঞ্চ শরচ্চন্দ্রনিভাননাম্ ॥
পট্টবস্ত্রপরীধানাং পীনোন্নতপয়োধরাম্।
অঙ্কার্পিতসুতাং ষষ্ঠীমম্বুজস্থাং বিচিন্তয়েৎ ॥

প্রণাম।—জয় দেবি জগন্মাতর্জ্জগদানন্দকারিণি।
প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠীদেবিকে ॥

ব্রহ্মার ধ্যান।—পদ্মাসনস্থো জটিলো ব্রহ্মা ধ্যেয়শ্চতুর্ভুজঃ।
অক্ষমালাং স্রুবং বিভ্রৎ পুস্তকঞ্চ কমণ্ডলুম্।
বাসঃ কৃষ্ণাজিনং তস্য পার্শ্বে হংসস্তথৈব চ ॥

প্রণাম।—বেদাধারায় বেদ্যায় জ্ঞানগম্যায় সূরয়ে।
কমণ্ডল্বক্ষমালাস্রুক্‌স্রুবহস্তায় তে নমঃ ॥

মার্কণ্ডের ধ্যান।—দ্বিভুজং জটিলং সৌম্যং সুবৃদ্ধং চিরজীবিনম্।
মার্কণ্ডেয়ং নরো ভক্ত্যা পূজয়েৎ প্রযতস্তথা ॥

প্রার্থনা।—চিরজীবী যথা ত্বং ভো ভবিষ্যামি তথা মুনে।
রূপবান্ বিত্তবাংশ্চৈব শ্রিয়া যুক্তশ্চ সর্ব্বদা ॥

প্রণাম।—মার্কণ্ডেয় মহাভাগ সপ্তকল্পান্তজীবন।
আয়ুরিষ্টার্থসিদ্ধ্যর্থমস্মাকং বরদো ভব ॥

মহাবিষুব সংক্রান্তির পূর্ব্বদিনে নীল দিবস রুদ্রপূজা কর্ত্তব্য।

রুদ্রের ধ্যান যথা।—উদ্যন্মার্ত্তণ্ডকোটিপ্রতিমতনুরুচিং সোমসূর্য্যাগ্নিনেত্রং বিদ্যুজ্জ্বালাকলাপোজ্জলবিপুলজটাজূটবদ্ধেন্দুখণ্ডম্। ঘণ্টাটঙ্কাভয়াষ্টাণ্যপি নিজকভুজৈর্বিভ্রতং ভীষণাঙ্গং, শ্রীমৎকালাখ্যরুদ্রং প্রণত ভয়হরং সাট্টহাসং ভজামঃ ॥

এতে গন্ধপুষ্পে ওঁ কালাখ্যরুদ্রায় নমঃ।

ভগবতী পূজা।—ভাদ্রমাসে দুর্ব্বাষ্টমীর দিবস গোশালা মধ্যে গোবন্ধন খোঁটাতে সিন্দূরাঙ্কিত করিয়া পূজা করিবে।

ধ্যান যথা।—বর্ত্তনস্থাং জগদ্ধাত্রীং কৃষ্ণবর্ণাং ত্রিলোচনাম্।
দ্বিভুজাং বেষ্টিতাং গোভির্বসনাং চৌতচন্দনাম্॥
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং ভগবতীদেব্যৈ নমঃ।

গোপাদমূলে 'ওঁ গবে নমঃ' মন্ত্রে পূজা করিবে।

গো-প্রণাম মন্ত্র।—ওঁ নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এব চ,
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ।

বিশ্বকর্ম্মপূজা।

স্বস্তিবাচনের পর সঙ্কল্প বিষ্ণুরোমিত্যাদি—অমুক দেবশর্ম্মা শিল্প নৈপুণ্যাদিবৃদ্ধিপূর্ব্বকশ্রীবিশ্বকর্ম্মপ্রীতিকামো গণপত্যাদি-দেবতাপূজাপূর্ব্বকবিশ্বকর্ম্মপূজনমহং করিষ্যে। (অন্য কর্ত্তা হইলে অমুক দেবশর্ম্মণঃ ও করিষ্যামি এইমাত্র ভেদ)

এবং সরস্বতী পূজাদির ন্যায় ভূত শুদ্ধি ও অঙ্গন্যাসাদি করিয়া ধ্যান পাঠানন্তর ষোড়শোপচারে পূজা করিবে।

ধ্যান যথা।—ওঁ দংশপাল মহাবীর সুচিত্রকর্ম্মকারক।
বিশ্বকৃৎ বিশ্বধৃক্ চ ত্বাং রসনামানদণ্ডধৃক্।

এতে গন্ধপুষ্পে ওঁ শিল্পাচার্য্যায় দেবায় নমস্তে বিশ্বকর্ম্মণে নমঃ। এইরূপ সর্ব্বত্র।

প্রণাম।—ওঁ দেব শিল্পি মহাভাগ দেবানাং কার্য্যসাধক।
বিশ্বকর্ম্মন্নমস্তভ্যং সর্ব্বাভিষ্টপ্রদায়ক।

পরে দক্ষিণা বাক্যাদি পাঠ করিবেক।

জগদ্ধাত্রীর ধ্যান। —ওঁ সিংহস্কন্ধাধিরূঢ়াং নানালঙ্কারভূষিতাম্।
চতুর্ভুজাং মহাদেবীং নাগযজ্ঞোপবীতিনীম্।
রক্তবস্ত্রপরীধানাং বালার্কসদৃশীতনুম্।
নারদাদ্যৈর্মুনিগণৈঃ সেবিতাং ভবসুন্দরীম্।
ত্রিবলী বলয়োপেতাং নাভিনালমৃণালিনীম্।
রত্নদ্বীপে মহাদ্বীপে সিংহাসনসমন্বিতে।
প্রফুল্লকমলারূঢ়াং ধ্যায়েত্তাং ভবগেহিনীম্।

ওঁ দুং জগদ্ধাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ। এই মন্ত্রে পূজা করিবে।

অন্নপূর্ণার ধ্যান।—ওঁ রক্তাং বিচিত্রবসনাং নবচন্দ্রচূড়ামন্নপ্রদাননিরতাং স্তনভারনম্রাম্। নৃত্যন্তমিন্দুসকলাভরণাং বিলোক্য, হৃষ্টাং ভজে ভগবতীং ভবদুঃখহন্ত্রীম্।

বগলামুখীর ধ্যান।—মধ্যে সুধাব্ধিমণিমণ্ডপরত্নবেদি সিংহাসনোপরিগতাং পরিপীতবর্ণাম্। পীতাম্বরাভরণরত্নবিভূষিতাঙ্গীং দেবীং নমামি ধৃতমুগ্দরবৈরিজিহ্বাম্। জিহ্বাগ্রমাদায় করেণ দেবীং বামেন শত্রূন্ পরিপীড়য়ন্তীং গদাভিঘাতেন চ দক্ষিণেন পীতাম্বরাঢ্যাং দ্বিভুজাং ভজামি।

ভুবনেশ্বরীব ধ্যান।—শ্যামাঙ্গীং শশিশেখরাং নিজকরৈর্দ্দানঞ্চ রক্তোৎপলং, রত্নাঢ্যং চষকং বরং ভয়হরং সংবিভ্রতীং শাশ্বতীম্। মুক্তাহারলসৎপয়োধরনতাং নেত্রত্রয়োল্লাসিনীং, বন্দেঽহং সুরপূজিতাং হরবধূং রক্তারবিন্দস্থিতাম্।

তারার ধ্যান।—প্রত্যালীঢ়পদার্পিতাঙ্ঘ্রিশবহৃৎ ঘোরাট্টহাসা পরা,
খড়্গেন্দীবরকর্ত্তৃখর্পরভুজা হুংকারবীজোদ্ভবা।

থর্ব্বানীলবিশালপিঙ্গলজটাজূটোগ্রনাগৈর্যুতা।
জাড্যং ন্যস্য কপালকে ত্রিজগতাং হন্ত্যগ্রতাবা স্বয়ম্।

বাস্তুর ধ্যান।—অরুণিতমণিবর্ণং কুণ্ডলশ্রেষ্ঠকর্ণং,
সুসিতসুভগমাস্যং দণ্ডপাণিং সুবেশম্।
নিখিলজননিবাসং বিশ্ববীজস্বরূপং,
নতজনভয়নাশং বাস্তুদেবং ভজামি॥

নষ্ট চন্দ্র।—ভাদ্র মাসের শুক্ল ও কৃষ্ণ পক্ষের চতুর্থীর চন্দ্রকে নষ্টচন্দ্র কহে ঐ নষ্টচন্দ্র দর্শন করিলে পরদিন পূর্ব্ব বা উত্তর মুখ হইয়া জলপান করিতে হয়।

মন্ত্র যথা।—সিংহঃ প্রসেণমবধীৎ সিংহো জাম্বুবতা হতঃ।
সুকুমারক মারোদীস্তব হ্যেষ স্যমন্তকঃ॥

কার্ত্তিক মাসে আকাশ প্রদীপ দিবার মন্ত্র যথা।—
দামোদরায় নভসি তুলায়াং লোলয়া সহ।
প্রদীপন্তে প্রযচ্ছামি নমোঽনন্তায় বেধসে।

অশোকাষ্টমীতে জলমিশ্র আটটি অশোককলিকা পান মন্ত্র।—
ত্বমশোক হরাভীষ্ট মধুমাস সমুদ্ভব।
পিবামি শোকসন্তপ্তো মামশোকং সদাকুরু॥

অশ্বত্থ বৃক্ষে জলদিবার মন্ত্র।—
চক্ষুঃস্পন্দং ভুজস্পন্দং তথা দুঃস্বপ্নদর্শনম্।
সত্রূণাঞ্চ সমুত্থানং অশ্বত্থ সময়াশু মে।
অশ্বত্থরূপী ভগবান্ প্রীয়তাং মে জনার্দ্দন।

যজ্ঞোপবীত গ্রন্থিদিবার মন্ত্র।—
কাশ্যপ অপ্সার নৈয়ধ্রুব প্রবরস্য। ১।
সাণ্ডিল্য আসিত দেবল প্রবরস্য। ২।

ভরদ্বাজ আঙ্গিরস বার্হস্পত্য প্রবরস্য। ৩।
ঔর্ব্ব চ্যবন ভার্গব জামদগ্ন্যাপ্লুবৎ প্রবরস্য। ৪।
বিষ্ণুরোমিত্যাদি অমুক গোত্রঃ অমুক প্রবরঃ
অমুক বেদান্তর্গত অমুক শাখৈকধ্যায়ী শ্রীঅমুক
দেবশর্ম্মা ইত্যাদি, শেষে দশবার
গায়ত্রী পাঠ ব্যবহার আছে॥ ৫ ॥

ঔর্ব্বচ্যবন মন্ত্রটী সাবর্ণ ও বাৎস্য উভয় গোত্রের জানিবে। পরে ধারণ মন্ত্র পাঠ করিবে যথা।—

ওঁ যজ্ঞোপবীতমসিযজ্ঞোস্যত্বোপবীতে নোপনেহ্যামি।
ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং,বৃহস্পতের্যৎ সহজং পুরস্তাৎ।
আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ॥

প্রাতঃ সন্ধ্যার পর গ্রন্থি দিয়া, উত্তরীয়ের জন্য একটি সমেত তিন গ্রন্থি যজ্ঞোপবীত ধারণ করা কর্ত্তব্য।

দশাঙ্গধূপের দ্রব্য।—মধু, ঘৃত, মুতা, চন্দন, অগুরু, গুগ্গুল, শিলারস, শৈলজ, সরলকাষ্ঠ ও শ্বেতসর্ষপ।

ষোড়শাঙ্গ ধূপদ্রব্য।—গুগ্গুল, দেবদারু, সরলকাষ্ঠ, তেজপত্র, বালা, চন্দন, অগুরু, ইক্ষুগুড়, কুড়কাষ্ঠ, মুতা, ধুনা, হরিতকী, লাহা, আমলকী, শৈলজ ও জটামাংস। দশাঙ্গ ও ষোড়শাঙ্গ ধূপ প্রস্তুতের সময় ঘৃত ও চিনি যোগ করিবে এবং দ্রব্যের ভাগ সমান সমান হইবে।

পঞ্চবর্ণের গুঁড়ি।—হরিদ্রাচূর্ণ, শ্বেততণ্ডুলচূর্ণ, কুসুমফুলচূর্ণ, দগ্ধ-তণ্ডুলবিহীন চিতিধান্যচূর্ণ বিল্বপত্রচূর্ণ।

হবিষ্যান্ন দ্রব্য।—শ্বেত আমোনধানের আতপচাউল, খেঁসারি, তিল, যব, মটর, চিনেধান্য, মুগ, বেতোশাক, শুষিনা, কালশাক, ও কেঁউ ভিন্ন সমস্ত মূল, সৈন্ধব, লবণ, ঘৃত, দধি, দুগ্ধ, আম্র, কাঁঠাল, হরিতকী, তেঁতুল, জীরে, পিপুল, কলা, নারাঙ্গানেবু, নোড়, আমলকী, নারিকেল, গুড় ভিন্ন ইক্ষু সম্বন্ধীয় মিষ্ট দ্রব্য, ইত্যাদি।

জন্মতিথি পূজা। *

নূতন বস্ত্র পরিধান পূর্ব্বক পূর্ব্ব মুখে উপবেশন করিয়া মন্ত্র পাঠ করিবেক, যথা—ওঁ ত্রৈলোক্যে যানি ভূতানি স্থাবরাণি চরাণি চ ব্রহ্মবিষ্ণুশিবৈঃ সার্দ্ধং রক্ষাং কুর্ব্বন্তু তানি মে॥ এই মন্ত্র পাঠ করিয়া গুগ্‌গুল, নিম্ব, শ্বেতসর্ষপ, দূর্ব্বা ও গোরোচনা,

---

* শনি অথবা মঙ্গলবারে জন্মতিথি হইলে, গ্রহবিপ্রকে ভোজন ও দেবতার পূজা, তিলমিশ্রিত সর্ব্বৌষধি জলে স্নান এবং মুক্তা উৎসর্গ করিবে, শনি বা মঙ্গলবারে জন্ম হয় এবং তাহাতে জন্মনক্ষত্র না পাইলেও স্বর্ণদান কর্ত্তব্য [মন্ত্র যথা—মঙ্গলবারাধিকরণক জন্মতিথি স্থচিত মঙ্গলবার দোষোপসমন কাম ইদং মুক্তা-কাঞ্চনমর্চ্চিতমিত্যাদি] সমর্থ হইলে তিলমিশ্রঘৃত হোম, জলে মৎস্য ত্যাগ ও বিপ্রকে মৎস্য দান, তিল বপন, সক্তু ভক্ষণ এবং দধিও অন্ন ষষ্ঠীকে নিবেদন করিয়া দিবে। এই দিনে ক্ষৌর, মৈথুন, কলহ, গ্রামান্তর গমন, হিংসা, আমিষভক্ষণ ও উষ্ণজলেস্নান ইত্যাদি ত্যজ্য। জন্মতিথি পূজার পর তিলছড়ান কাহার কাহার ব্যবহার আছে।

বস্ত্রখণ্ড দ্বারা দক্ষিণ হস্তে বন্ধন করিবেক। সঙ্কল্প সময় গৌণ চান্দ্রমাসের উল্লেখ হইবে। কিন্তু উভয় দিন পূর্ব্বাহ্নে তিথি পাইলে যে দিন নক্ষত্র পাইবে সেই দিনই পূজা কর্ত্তব্য এবং উভয় দিনে নক্ষত্র পাইলে বা নাপাইলে শেষ দিনই গ্রাহ্য। স্বস্তি-বাচনে কর্ত্তব্যেঽস্মিন্ গুর্ব্বাদি দেবতা পূজা পূর্ব্বক ষষ্ঠীমার্কণ্ডেয় পূজা কর্ম্মণি ওঁ পুণ্যাহমিত্যাদি।

পরে বিষ্ণুরোমিত্যাদি অমুক দেবশর্ম্মা জন্মদিবসনিমিত্তক শুভ বর্ষবৃদ্ধৌ দীর্ঘায়ুষ্ট্বকামো গুর্ব্বাদি দেবতা পূজাপূর্ব্বক ষষ্ঠী-মার্কণ্ডেয় পূজনমহং করিষ্যে। এই সঙ্কল্পের পর দুর্গোৎস-বাদির ন্যায় ভূতশুদ্ধি ও ন্যাসাদি করিয়া গণেশাদির পঞ্চো-পচারে পূজা পূর্ব্বক ষষ্ঠীমার্কণ্ডেয় পূজা করিবে।

গুর্ব্বাদি যথা—গুরু, দেবতা, অগ্নি, বিপ্র, জন্মনক্ষত্র, * পিতৃগণ, প্রজাপতি, সূর্য্য ও বিঘ্নেশ ইহাদের পঞ্চোপচারে পূজা অগ্রে করিয়া ধ্যান উচ্চারণ পূর্ব্বক মার্কণ্ডেয়ের ও সপ্ত চির-জীবীর পূজার পর প্রণাম ও প্রার্থনা মন্ত্র পাঠ করিবে। সপ্ত চিরজীবী, যথা—অশ্বত্থামা, বলি, ব্যাস, হনূমান্, বিভীষণ, কৃপ ও পরশুরাম। পরে প্রহ্লাদের পূজার পর ধ্যান পাঠ পূর্ব্বক ষষ্ঠীর পূজা করিয়া প্রণাম মন্ত্রে প্রণাম করিয়া গুড় ও তিল মিশ্রিত দুগ্ধপান করিবে।

মন্ত্র, যথা—সতিলং গুড়সংমিশ্রমঞ্জল্যর্দ্ধমিতং পয়ঃ।
মার্কণ্ডেয় বরং লব্ধা পিবাম্যায়ুষ্য হেতবে॥

---

* জন্মনক্ষত্র না জানিলে "স্বনক্ষত্রায় নমঃ" বলিয়া পূজা করিবে।

তুলসীর ধ্যান।—ধ্যায়েদ্দেবীং নবশশিমুখীং পক্কবিম্বাধরোষ্ঠীং

বিদ্যোতন্তীং কুচযুগভরানম্রকল্পাঙ্গযষ্টিম্।

ঈষদ্ধাস্যাং ললিতবদনাং চন্দ্রসূর্য্যাগ্নিনেত্রাং

শ্বেতাঙ্গীং তামভয়বরদাং শ্বেতপদ্মাসনস্থাম্॥

প্রণাম। বৃন্দায়ৈ তুলসীদেব্যৈ প্রিয়ায়ৈ কেশবস্য চ।

বিষ্ণুভক্তিপ্রদে দেবি সত্যবত্যৈ নমো নমঃ॥

তুলসী চয়ন মন্ত্র—তুলস্যমৃত নামাসি সদা ত্বং কেশবপ্রিয়া।

কেশবার্থে চিনোমি ত্বাং বরদা ভব শোভনে॥

তদঙ্গসম্ভবৈঃ পত্রৈঃ পূজয়ামি যথা হরিম্।

তথা কুরু পবিত্রাঙ্গি কলৌ মলবিনাশিনি,

কৃতাঞ্জলি হইয়া সপ্তবার প্রদক্ষিণ করিয়া মন্ত্র উচ্চারণ পূর্ব্বক বৃন্তের সহিত দুই হস্তের দ্বারা তুলসী চয়ন করিবেক।

তুলসী চয়নে নিষিদ্ধ দিন। যথা—অমাবস্যা পূর্ণিমা সংক্রান্তি দ্বাদশী (প্রাতঃ ও সায়ং) সন্ধিসময়, বাসিকাপড়ে, অশুচি অবস্থায় বৃষ্টির সময়, রাত্রিতে ও শাখা সহিত তুলসী চয়ন করিবে না।

তুলসীগাছে জল দেওয়া মন্ত্র।—

গোবিন্দবল্লভাং দেবীং ভক্তচৈতন্যকারিণীম্।

স্নাপয়ামি জগদ্ধাত্রীং বিষ্ণুভক্তিপ্রদায়িনীম্॥

পঞ্চগব্য দ্রব্য।

গোমূত্র, গোময়, দুগ্ধ, দধি ও ঘৃত। কুশসংযুক্ত জল-মিশ্রিত করিয়া মন্ত্র পাঠ করিবে। যথা—গোমূত্রে—গায়ত্রী পাঠ। গোময়ে—ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টিকরীষিণীং

ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্। দুগ্ধে—ওঁ আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্টং ভবা বাজস্য সঙ্গতে। দধিতে—ওঁ দধি-ক্রাব্নোহকার্ষ্যং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ সুরভিনো মুখাকরৎ প্রণতায়ুংষি তারিষৎ। ঘৃতে—ওঁ ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্ব্বী পৃথ্বীমধুদুঘে সুপেষসা দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্ম্মণা বিষ্কভিতেহজরে ভুরি রেতসা। কুশোদকে—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবে ঽশ্বিনোর্ব্বাহু-ভ্যাং পুষ্ণো হস্তাভ্যাং হস্তমাদধে।

পঞ্চামৃত দ্রব্য।

দধি, দুগ্ধ, ঘৃত, চিনি ও মধু। পঞ্চগোব্য শোধন মন্ত্রের দ্বারা দ্রব্য সকল শোধন করিবে, কেবল মধুতে এই মন্ত্র পাঠ করিবে যথা—ওঁ মধুবাতা ঋতায়তে মধুক্ষরন্তু সিন্ধবঃ। মাধ্বীর্ণঃ সন্তোষধীর্মধুনক্তমুতোষসোঃ মধুমৎ পার্থিবং রজঃ। ওঁ মধু দ্যৌরস্তু নঃ পিতা মধুমান্নো বনস্পতির্ম্মধুমানস্তু সূর্য্যো মাধ্বীর্গাবো ভবন্তু নঃ। ওঁ মধু৩। পরে গায়ত্রী পাঠ করিবে।

অথ কোজাগরলক্ষ্মী পূজা। *

ইহাতে প্রদোষকালে পূর্ণিমা পাওয়া আবশ্যক যদ্যপি উভয় দিবস প্রদোষকালে পূর্ণিমা প্রাপ্তি হয় বা না হয় তাহা হইলে

---

* রাত্রি সময় নারিকেল ও চিঁড়ে ব্রাহ্মণকে ভক্ষণ করাইয়া স্বয়ং ভক্ষণ ও আমিষ ত্যাগ করিতে হয় এবং পাশক্রীড়া ও রাত্রি জাগরণ কর্ত্তব্য।

পূর্ব্ব দিবস লক্ষ্মী পূজা হইবে। আর যদি পূর্ব্ব দিবস প্রদোষ ভঙ্গ হইয়া রাত্রি মধ্যে পূর্ণিমা হয় এবং পর দিবস প্রদোষকাল প্রাপ্ত হয় তাহা হইলে পর দিবসই পূজা হইবে। স্বস্তিবাচন সঙ্কল্প যথা—বিষ্ণুরোমিত্যাদি দ্বাবোর্দ্ধভিত্যাদি দেবতা প্রীতি-কামো দ্বারোর্দ্ধভিত্যাদি দেবতা পূজামহং কবিষ্যে (বা কবিষ্যামি) এতে গন্ধ পুষ্পে দ্বাবোর্দ্ধভিত্তিভ্যো নমঃ ইত্যাদি দশোপচাবে পূজা কর্ত্তব্য পবে হব্যবাহন, পূর্ণেন্দু, সভার্য্যরুদ্র, স্বন্দ, নন্দীশ্বব, মুনি, গোমতী, সুবভী, ছাগবতে হুতাশনায, মেষবতে বরুনায, হস্তিমতে-বিনাযকায়, অশ্ববতে বেবন্তায, নিকুম্ভায, ইহাদেব পূজাব পব পুনঃ সঙ্কল্প—বিষ্ণুবোমিত্যাদি বিভূতিকামো লক্ষ্মীনাবায়ণ পূজামহং কবিষ্যে। পবে ভূতশুদ্ধি ও আত্মশুদ্ধ্যাদি সমস্ত কার্য্য কবিযা অর্ঘ্যস্থাপনেব পব লক্ষ্মী ও নাবাযণেব ষোড়শ উপচারে পূজাব পব ইন্দ্রেব পূজা কবিবে।

ধ্যান যথা—চতুর্দ্দন্তগজারূঢ়ো চক্রপাণিঃ পুবন্দবঃ।
শচীপতিশ্চ ধ্যাতব্যো নানাভবণভূষিতঃ॥

অর্ঘ্য মন্ত্র।—ইন্দ্রস্ত মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্।
বজ্রহস্তো মহাবাহুস্তস্মৈ নিত্যং নমো নমঃ।

পুষ্পাঞ্জলি মন্ত্র।—বিচিত্রৈবাবতস্থায ভাস্বৎকুলিশপানয়ে।
পৌলম্যালিঙ্গিতাঙ্গায় সহস্রাক্ষায তে নমঃ॥

পবে কুবেবেব পূজা ও প্রণাম মন্ত্রে প্রণাম কবিবে। পরে দক্ষিণান্তেব পব পূজা সমাপন করিবে।

———

অথ নিষিদ্ধ পুষ্পাদি কথন।

তুলসী, ঝাঁটি ও কাঞ্চন পুষ্প লক্ষ্মীকে দিতে নিষিদ্ধ, এবং সরস্বতীকে সূর্য্যমুখী ও হল্‌কসা। গোপালকে বক, ঝাঁটি, বাকস ও কনকচাঁপা। বিষ্ণুকে রক্তজবা, কৃষ্ণ অপরাজিতা ও কুড়চি। গণেশ ও চণ্ডীকে তুলসী এবং শিবকে—জবা, শেফালিকা, মল্লিকা, মালতী, কুন্দ, জাতী ও টগরপুষ্পাদি দিতে নিষিদ্ধ জানিবে। পদ্ম, চাঁপা, বক, বকুল, হেলা, কুন্দ, বিল্বপত্র ও তুলসী ইত্যাদি একদিন সংগ্রহ করিয়া দুইদিন পূজাদি হয় এবং বিল্বপত্র একদিন সংগ্রহ করিয়া একমাস শিবপূজা হয়। শেফালিকা ও বকুল ভিন্ন পুষ্প ভূমি হইতে গ্রহণ অগ্রাহ্য, স্নানের পর ও বাম কর দ্বারা পুষ্প চয়ন নিষিদ্ধ পুষ্প সমিধ্ ও কুশাদি স্বয়ং সংগ্রহ প্রশস্ত, দেবপূজার নিমিত্ত পুষ্প অপহরণে দোষ হয় না। শিবপূজার জন্য ধুস্তুর পুষ্প সূর্য্যোদয়ের পূর্ব্বে চয়ন প্রশস্ত, পুষ্প ক্রয়ের পর ফাউ চাওয়া অকর্ত্তব্য। এবং বাসি ও ব্যবহৃত পুষ্প দ্বারা দেবসেবা নিষিদ্ধ।

পুষ্প, ফল ও তুলসী যেরূপে উৎপন্ন সেইরূপে ভগবৎ পাদপদ্মে প্রদান করিতে হয়, কেবল বিল্বপত্র অধোভাবে প্রদান করিতে হইবে।

শালগ্রাম, শিবলিঙ্গ, গণেশ ও শক্তি মূর্ত্তি দুইটী এক স্থানে রাখিতে নিষিদ্ধ কিন্তু একত্র শালগ্রামশিলা অনেকগুলি থাকিলে একবার পূজাতেই সকল গুলির পূজা সিদ্ধ হয়।

শালগ্রাম শিলা ও শিবলিঙ্গাদি প্রতিমা, ঘট, পট ও জলাদিতে দেবতার পূজা কর্ত্তব্য।

মন্ত্রের অভাবে গায়ত্রী ও বীজমন্ত্রের অভাবে 'ওঁ' প্রণব ব্যবহৃত হইয়া থাকে। সূর্য্য গৃহে শঙ্খ, ব্রহ্মার ঢাক, লক্ষ্মীর ঘণ্টা, দুর্গার বংশী ও শিবের করতালি ইত্যাদি বাদ্য পূজাদির সময় নিষেধ জানিবে।

সধবা স্ত্রীরা কুশা ও কেশের স্থলে দূর্ব্বা ব্যবহাব করিবেক। শয়ন একাদশীর পর, উত্থান একদশীর মধ্যে (ভাদ্র মাসের অমাবস্যা ভিন্ন) সংগৃহীত কুশা, কেশে এবং গঙ্গামৃত্তিকা ভিন্ন শিবমৃত্তিকা বাসী ব্যবহার হয় না।

ভোজন, দন্তধাবন, স্নান, মৈথুন ও মল-মূত্রত্যাগকালে মৌনভাবে থাকিতে হয়, অমাবস্যা ও পূর্ণিমার নিশিতে ভোজন সংকোচ করা আবশ্যক।

পর্ব্বদিনে মৎস্য, মাংস, মৈথুন ও তৈল নিষেধ এবং ঋতুকালে ও পিণ্ডদান দিবসে মৈথুন নিষেধ।

দ্বাদশী, সংক্রান্তি, পূর্ণিমা, অমাবস্যা ও পিণ্ডদান দিবসে স্বায়ংসন্ধ্যা করিতে নিষেধ।

অম্বুবাচী দিবসে মৃত্তিকা খনন, অধ্যয়ন এবং ব্রাহ্মণ ও বিধবাদিগকে পাকদ্রব্য ভোজন কবিতে নিষেধ।

সূর্য্যের নিকট আরোগ্য, শিবের নিকট জ্ঞান, অগ্নি হইতে ধন, এবং নারায়ণের নিকট মুক্তি প্রার্থনা করিবে।

নিত্য, নৈমিত্তিক ও কাম্য ভেদে কর্ম্ম তিন প্রকার; নিত্য—সন্ধ্যাবন্দনাদি, যাহা না করিলে পাপ হয়। যাহা না করিলে পাপ নাই, অথচ করিলে পুণ্য হয়, তাহা কাম্য—যথা ব্রতাদি। যে কর্ম্মের কর্ত্তব্য বিষয়ে দিবস, মাস ও বৎসরাদি কালের বিশেষ নাই, অথচ অবশ্যই অনুষ্ঠেয় তাহা নৈমিত্তিক যথা—অন্নপ্রাশনাদি নিমিত্তক শ্রাদ্ধাদি।

শ্রাদ্ধে অনুজ্ঞা মন্ত্রপাঠ, ব্রত, হোম, পূজা ও তপাদিতে সঙ্কল্প, বৃষোৎসর্গাদি যজ্ঞে বরণ, ও বিবাহে নান্দীমুখ শ্রাদ্ধ হইলে সেই সেই কর্ম্মে অশৌচ জন্য প্রতিবন্ধক হয় না।

অন্নাদি ভোজ্যদ্রব্য ও জলাদি পাণীয়দ্রব্য বিষ্ণুকে নিবেদন না করিয়া ভোজন করিলে বিষ্ঠা ও পান করিলে মূত্র তুল্য হয়।

কয়েকটী দেবতার গায়ত্রী।

কালীর গায়ত্রী।—ওঁ কালীকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নো ঘোরে প্রচোদয়াৎ ওঁ।

তারার গায়ত্রী।—ওঁ তারায়ৈ বিদ্মহে মহোগ্রায়ৈ ধীমহি তন্নোদেবী প্রচোদয়াৎ ওঁ।

দুর্গার গায়ত্রী।—ওঁ মহাদেব্যৈ বিদ্মহে দুর্গায়ৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ ওঁ।

ভুবনেশ্বরীর গায়ত্রী।—ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে ভুবনেশ্বর্য্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ ওঁ।

অন্নপূর্ণার গায়ত্রী।—ওঁ ভগবত্যৈ বিদ্মহে মাহেশ্বর্য্যৈ ধীমহি তন্নোঽন্নপূর্ণে প্রচোদয়াৎ ওঁ।

শিবের গায়ত্রী।—ওঁ তৎ পুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ ওঁ।

গণেশের গায়ত্রী।—ওঁ তৎ পুরুষায় বিদ্মহে বক্রতুণ্ডায় ধীমহি তন্নো দন্তী প্রচোদয়াৎ ওঁ।

সূর্য্যের গায়ত্রী।—ওঁ আদিত্যায় বিদ্মহে মর্ত্তণ্ডায় ধীমহি তন্নঃ সূর্য্যঃ প্রচোদয়াৎ ওঁ।

গোপালের গায়ত্রী।—ওঁ কৃষ্ণায় বিদ্মহে দামোদরায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ ওঁ।

বিষ্ণুর গায়ত্রী।—ওঁ ত্রৈলোক্য রক্ষণায় বিদ্মহে স্মরায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ ওঁ।

রামচন্দ্রের গায়ত্রী।—ওঁ দাশরথায় বিদ্মহে সীতাবল্লভায় ধীমহি তন্নো রামঃ প্রচোদয়াৎ ওঁ।

কোন কারণে রক্তপাত হইলে বা ক্ষত ঘা থাকিলে সন্ধ্যাদি নিত্যকর্ম্ম ও গ্রহণের সময় পুরশ্চরণাদি ভিন্ন কোন কর্ম্মে অধিকারী হয় না।

অথ তীর্থ গমন। গয়া ভিন্ন অন্য কোন তীর্থে অকালে গমন নিষিধ্য, কিন্তু দ্বিতীয়বার গমনে কালাকাল বিচার করিতে হয় না।

কোন তীর্থে গমন করিতে হইলে প্রথম দিবস কেশ মুণ্ডন ও উপবাস, দ্বিতীয় দিবস গণেশ ও গৌর্য্যাদি ষোড়শ মাতৃকা পূজার পর পার্ব্বণশ্রাদ্ধ করিয়া ব্রাহ্মণ ভোজন এবং তৃতীয় দিবস তীর্থে গমন করিবেক। তীর্থে উপস্থিত হইয়া তর্পণ* ও শ্রাদ্ধ করিয়া ব্রাহ্মণ ভোজন করাইতে হইবেক এবং পুনশ্চ গৃহে আগমন করিয়া পার্ব্বণশ্রাদ্ধ ও ভক্তিভাবে ব্রাহ্মণ ভোজন করাইলে শাস্ত্র বিহিত সম্পূর্ণ ফললাভ হইবেক। একবার মুণ্ডনানন্তর তীর্থে গমন করিয়া পুনর্ব্বার দশমাসের

---

* তীর্থে তর্পণ করিতে হইলে একপদ জলে ও একপদ ভূমিতে রাখিয়া কার্য্য করিতে হইবে। তীর্থে শ্রাদ্ধ করিয়া তীর্থ জলে পিণ্ড নিক্ষেপ করিবেক।

মধ্যে সেই তীর্থে গমন করিলে, মুণ্ডন না করিয়া শ্রাদ্ধাদি করিতে হইবেক। কিন্তু দশমাসের পর গমন করিলে মুণ্ডন ও শ্রাদ্ধাদি করিয়া গমনই শাস্ত্র সঙ্গত জানিবে।

গযা, গঙ্গা পুরুষোত্তম ও বিশাল এই চারিটি তীর্থে গমন সময় মুণ্ডন নিষিদ্ধ এবং প্রয়াগ তীর্থে গমন করিয়া পুনর্ব্বার শিখা সহিত মুণ্ডন করিতে হইবে। প্রয়াগে স্ত্রী ও পুরুষ সকলেরই মুণ্ডন কর্ত্তব্য।

যেখানে উপবাস উল্লেখ হইয়াছে, তাহার পূর্ব্ব ও পরদিনে একবার আহারমাত্র জানিতে হইবে এবং মৎস্য, মাংস, শাক, মসুর, মৈথুন, পরান্ন ও দিবসে নিদ্রা ত্যাগ করিতে হইবে। নৈমিত্তিক কার্য্যে ঐ সকল ত্যাগপূর্ব্বক হবিষ্যান্ন ভোজী হইয়া পরদিবস কার্য্য করিতে হইবে। একোদ্দিষ্ট শ্রাদ্ধের কাল; বেলা চতুর্দ্দশদণ্ডের পর হইতে অষ্টাদশ দণ্ড পর্য্যন্ত, কিন্তু পূর্ব্বদিবস বেলা ষোড়শ দণ্ডের পর হইতে পরদিবস বেলা ষোড়শদণ্ড পর্য্যন্ত ব্যাপিনী তিথি হইলে পরদিবস শ্রাদ্ধ করা কর্ত্তব্য। যদি পূর্ব্বদিবস চতুর্দ্দশদণ্ডের পর হইতে পরদিবস বেলা চতুর্দ্দশদণ্ড পর্য্যন্ত ব্যাপিনী তিথি হইলে কৃষ্ণপক্ষে পূর্ব্বদিবস ও শুক্লপক্ষে পরদিবস শ্রাদ্ধ করা কর্ত্তব্য।

দিবা ভাগকে তিন ভাগে বিভক্ত করিয়া প্রথম ভাগে দেব কার্য্য, দ্বিতীয় ভাগে পিতৃকার্য্য এবং তৃতীয় ভাগে সপিণ্ড করণাদি কার্য্যই প্রশস্ত।

পিতা বা মাতার মৃত্যু হইলে পুত্র এক বৎসরকাল নৈমিত্তিক ও কাম্য কার্য্যে অনধিকারী, কিন্তু যদি ঐ এক বৎসরের মধ্যে পুত্রের অন্নপ্রাসনাদির কাল পতিত হয়, তাহা হইলে

পূর্ব্বদিবস সপিণ্ডকরণাদি কার্য্য সমাপন করিয়া পুত্র পরদিবস আভ্যুদয়িক শ্রাদ্ধাদি কার্য্য করিতে অধিকারী হয়। পতিত শ্রাদ্ধাদি ও সপিণ্ডণাদি কৃষ্ণপক্ষের একাদশী বা অমাবস্যা ভিন্ন অন্য তিথিতে হয় না।

অথ সূতিকা ষষ্ঠী পূজা। *

পুত্র জননের পর ষষ্ঠ দিবস সন্ধ্যার সময় গৃহদ্বারে উত্তর-মুখে উপবেশন করিয়া স্বস্তিবাচন করিবেক, যথা—কর্ত্তব্যেস্মিন্ গণপত্যাদি নানা দেবতা পূজা পূর্ব্বক ষষ্ঠী পূজা কর্ম্মণি নমঃ পুণ্যাহমিত্যাদি পরে সূর্য্যঃ সোম ইত্যাদি (৯১ পৃঃ) পাঠ করিয়া সঙ্কল্প করিবেক।

যথা।—বিষ্ণুরোমিত্যাদি অমুক দেবশর্ম্মা মমাভিজাত নবকুমারস্য সর্ব্বাপচ্ছান্তি পূর্ব্বক দীর্ঘায়ুষ্ট্বকামো গণপত্যাদি নানা দেবতা পূজা পূর্ব্বক ষষ্ঠী মার্কণ্ডেয় পূজাকর্ম্মাহং করিষ্যে।† পরে সূক্তপাঠ (৯২ পৃঃ) করিবেক।

পরে জলশুদ্ধি "গঙ্গেচ ইত্যাদি" (৬ পৃঃ) এবং আসনশুদ্ধি "আসন মন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিরিত্যাদি" (৭০ পৃঃ) মন্ত্র পাঠেন

---

* সূতিকা ষষ্ঠী পূজায় অন্য অশৌচ প্রতিবন্ধক হয় না। পিতা স্বয়ং পূজায় অসমর্থ হইলে অন্য প্রতিনিধি অথবা পুরোহিত ব্রাহ্মণের দ্বারাও পূজা করাইতে পারেন।

† অন্য কর্ত্তা হইলে অমুক গোত্রস্য অমুক দেব শর্ম্মণঃ এবং করিষ্যে স্থানে করিষ্যামি বলিবেন।

পর ঘটস্থাপন ও ঘটের চতুষ্কোণে চারিটী তীরে সূত্র বেষ্টন (৯৩ পৃঃ) করিয়া ভূতশুদ্ধি—মাতৃকা, অঙ্গ ও করঙ্গন্যাসের পর ঘটের নিকট সাতটি মণ্ডল করিয়া তাহার উপর সপ্ত বটপত্র স্থাপন পূর্ব্বক দধিমিশ্রিত মাসকলাই ও আতপচাউলের সাতটী ভাগ করিয়া ক্ষেত্রপালাদি দেবতা ইহাগচ্ছত। ৩। ক্রমে আবাহন পূর্ব্বক নিবেদন করিবে। ইত্যাদি (৭৭ পৃঃ) যথা।—

এষ মাস ভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালেভ্যো নমঃ।

(জোড় হাত হইয়া)

ওঁ ক্ষেত্রপাল নমস্তেঽস্তু সর্ব্বশান্তি ফলপ্রদ।
বালস্য বিঘ্ননাশায় প্রতিগৃহ্ণস্থিমং বলিম্।

এষমাস ভক্তবলিঃ ওঁ পূর্ব্বাদি দিগ্বাসিভ্যো নমঃ!

ওঁ পূর্ব্বাদি দিগ্বিভাগেষু স্বস্থান প্রতিবাসিনঃ।
শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে প্রতিগৃহ্ণন্ত্বিমং বলিম্।

এষ মাসভক্তবলিঃ ওঁ ভূতদৈত্যপিশাচগন্ধর্ব্বরক্ষোগণেভ্যো নমঃ। ওঁ ভূতদৈত্য পিশাচাশ্চ গন্ধর্ব্বা রক্ষসাং গণাঃ। শুভং কুর্ব্বন্তুতে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিম্।

এষ মাসভক্তবলিঃ ওঁ নানারূপ ধরাভ্যো নমঃ।

ওঁ নানারূপ ধরাঃ সর্ব্বা মাতরো দেবযোনয়ঃ।
রক্ষাং কুর্ব্বন্তুতাঃ সর্ব্বাস্তুষ্টা গৃহ্ণন্ত্বিমং বলিম্।

এষ মাস ভক্তবলিঃ ওঁ আদিত্যাদিগ্রহেভ্যো নমঃ!

ওঁ আদিত্যাদিগ্রহা যে চ স্বস্থানপ্রতিবাসিনঃ।
রক্ষাং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিম্॥

এষ মাস ভক্তবলিঃ ওঁ ডাকিনী যোগিনীভ্যো নমঃ।

ওঁ ডাকিনী যৌগিনী চৈব মাতরো নিবসন্তি যাঃ।
শান্তিং কুর্ব্বন্তু তাঃ সর্ব্বা মম গৃহ্নন্ত্বিমং বলিম্॥
এষ মাসভক্তবলিঃ ওঁ ইন্দ্রাদিদিক্‌পালেভ্যো নমঃ।
ওঁ দিক্‌পালা যে তথেন্দ্রাদ্যাঃ স্বস্থানপ্রতিবাসিনঃ।
শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্নন্ত্বিমং বলিম্॥

পরে এতে গন্ধপুষ্পে ওঁ দ্বারপালেভ্যো নমঃ ইত্যাদিক্রমে পঞ্চোপচারে পূজা করিয়া হাত জোড়ে এই স্তব পাঠ করিবে ; যথা।—

ওঁ দ্বারপাল নমস্তুভ্যং সর্ব্বেষাং শ্রীফলপ্রদ।
তৎ প্রসাদাদবিঘ্নেন চিরঞ্জীবতু বালকঃ।
ওঁ খড়্গপাণে নমস্তুভ্যং সর্ব্ববিঘ্নবিনাশন।
তৎ প্রসাদাদবিঘ্নেন চিরঞ্জীবতু বালকঃ।

পরে একটী পুষ্পকূর্ম্ম মুদ্রাদ্বারা হস্তে লইয়া দ্বিভুজামিত্যাদি ধ্যান পাঠ পূর্ব্বক নিজ মস্তকে প্রদান করিয়া মানস উপচারে পূজা করিবেক।

তৎপরে অর্ঘ্য স্থাপনের পর দশোপচারে গণেশের (পুজা করিয়া) জোড়হাত হইয়া স্তবপাঠ করিবেক। যথা—

ওঁ সর্ব্ববিঘ্নহরো দেব একদন্তো গজাননঃ।
ষষ্ঠী গৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা শিশুং দীর্ঘায়ুষং কুরু।

পরে পঞ্চদেবতা, দিকপাল ও নবগ্রহের পূজা করিয়া পুনর্ব্বার ধ্যান পাঠপূর্ব্বক ষষ্ঠীদেবীর আবাহন করিয়া ষোড়শ উপচারে পূজার পর জয়া, বিজয়া, অপরাজিতা, কালী ভদ্রকালী, মঙ্গলা, সিদ্ধা, লোহিতা ও পদ্মাসনার দশোপচারে পূজা করিয়া.তিনবার পুষ্পাঞ্জলি প্রদান ও জয় দেবী মন্ত্রে প্রণামানন্তর ষষ্ঠী দেবীর স্তব পাঠ করিবেক ; যথা—

ওঁ আয়াহি বরদে দেবি মহা ষষ্ঠীতি বিশ্রুতে।
ধাত্রীরূপেণ পুত্রস্য ষষ্ঠী জাগর বাসরে।
ওঁ শক্তিস্ত্বং সর্ব্বদেবানাং লোকানাং হিতকারিণী।
ত্বমিমং রক্ষ মে পুত্রং ষষ্ঠীদেবি নমোঽস্তু তে।
ওঁ ভূত দৈত্যপিশাচেষু যোগিনীডাকিনীষু চ।
মাতেব রক্ষ মে পুত্রমাপদি পন্নগেষু চ।
ওঁ ষষ্ঠীদেবি মহাভাগে ভক্তানামভয়প্রদে।
বরদে ত্বৎপ্রসাদেন চিরঞ্জীবতু বালকঃ।
ওঁ অস্মিংস্তু স্থতিকাগারে দেবীভিঃ পরিবারিতে।
রক্ষাং কুরু মহাভাগে সর্ব্বোপদ্রবনাশিনী।

ওঁ জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালী কপালিনী দুর্গা শিবা ক্ষমা-ধাত্রী স্বাহা স্বধা নমোঽস্তু তে।

পরে ত্রিশরণ্য, বৃদ্ধমাত্য, ও কটপূতনার দশোপচারে পূজা করিবেক।

তৎপরে গৌর্য্যাদি ষোড়শমাতৃকা, ক্ষেত্রপাল ও মার্কণ্ডেয়ের দশোপচারে পূজা করিয়া প্রণাম করিবেক। যথা—

ওঁ মার্কণ্ডেয় মহাবাহো প্রার্থয়েঽহং কৃতাঞ্জলিঃ।
চিরজীবী যথা ত্বং ভো তথা ভবতু মে স্থতঃ।

পরে অশ্বথামাদি সপ্ত চিরজীবির পূজা ও পদ্মা, দুর্গা, মহালক্ষ্মী, সরস্বতী, নক্ষত্র, যোগ, বার, তিথি এবং করণাদির পূজা করিয়া কার্ত্তিকেয়ের দশোপচারে পূজার পর প্রণাম করিবে। মন্ত্র যথা—

ওঁ কার্ত্তিকেয় মহাভাগ গৌরী হৃদয় নন্দন।
বালং মে রক্ষ ভীতিভ্যঃ ষড়ানন নমোঽস্তু তে।

পরে মন্থন দণ্ডের পূজার পর প্রণাম করিবে। মন্ত্র যথা।—

মন্থান মন্দরোঽসি ত্বং মথিতঃ সাগরস্ত্বয়া।
তথা মমাপি পুত্রস্য মথ বিঘ্নং নমোঽস্তু তে।

পরে খড়্গের পূজা করিয়া বাসুদেবের দশোপচারে পূজাব পর প্রণাম করিবে। মন্ত্র যথা—

ওঁ বাসুদেব নমস্তুভ্যং শঙ্খচক্রগদাধব।
কুমারং রক্ষ ভীতিভ্যঃ শান্তিং কুরু নমোঽস্তু তে।
ওঁ ত্রৈলোক্য পূজিত শ্রীমন্ দৈত্যচক্রবিমর্দ্দন।
শান্তিং কুরু গদাপাণে নারায়ণ নমোঽস্তু তে।

পরে গৃহমধ্যে একখানি পাকার উপর বস্ত্র পাতিয়া বালককে শয়ন করাইয়া ষষ্ঠীর পাদ পদ্মে সমর্পণ করিবেক।

মন্ত্র যথা—

ওঁ দেবতানামৃষীণাঞ্চ ভক্তানামভয়প্রদে।
মাতর্বৈ রক্ষ মে পুত্রং মহাষষ্ঠি নমোঽস্তু তে।
ওঁ জনানাং সর্ব্বভূতানাং বালানাঞ্চ বিশেষতঃ।
নারায়ণী স্বরূপেণ সুতং মে রক্ষ সর্ব্বদা।
ওঁ জগদাদ্যে জগন্মাতর্জ্জগদানন্দকারিণী।
সমর্পিতো ময়া দেবি পাদয়োস্তব বালকঃ।
নিজপুত্রবদেনং ত্বং কুরু দীর্ঘায়ুষং সদা।
অয়ং মম কুলোৎপন্নো রক্ষার্থং পাদয়োস্তব।
নীতো ময়া মহাভাগে চিরং জীবতু বালকঃ।

পরে প্রণাম করিবে। মন্ত্র যথা—

ওঁ বিশ্বেশ্বরি শিবে নিত্যং শিবদে শিবনায়িকে!
সুতং মে রক্ষ যত্নেন শিবদা ভব সর্ব্বদা।

পরে কুশমিশ্র জল দ্বারা শান্তি প্রদান ও শ্বেত সর্ষপের দ্বারা রক্ষা বন্ধন করিবেক এবং বকুল পত্রের দ্বারা হোমও ব্যবহার আছে।

পরে দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিবে এবং গৃহ মধ্যে ঘৃত প্রদীপ ও গো-মুণ্ড স্থাপন করিবেক।

গৃহমধ্যে রাখিবার দ্রব্য যথা—

ঘৃতপ্রদীপ, মন্থনদণ্ড, গো-মুণ্ড, শস্ত্র, তালপত্র, দুয়াত ও কলম এবং সিন্দূর।

সম্পূর্ণ।